২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ২০ || সোমবার || মাঘ ৩০ || ১৪৩০ || শাবান ০২ || ১৪৪৫ || Vol. 28 || Issue 20 || February 12 || 2024 || USA. FREE in NY, Other State $1

আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

আলাদীন Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086


## ২৫ ফেব্রুয়ারী পবিত্র শবে বরাত

**ঢাকা ডেস্কঃ** দেশের আকাশে রোববার (১১ ফেব্রুয়ারী) সন্ধ্যায় ১৪৪৫ হিজরি সনের পবিত্র শাবান মাসের চাঁদ দেখা গেছে। ফলে ১২ ফেব্রুয়ারী **(বাকি অংশ ০৬ পাতায়)**

## শেতাঙ্গদের চেয়ে কৃষ্ণাঙ্গ নারীদের হত্যা হচ্ছে বেশি

**বাংলা পত্রিকা ডেস্কঃ** ১৯৯৯ থেকে ২০২০। এই সময়ে যুক্তরাষ্ট্রে সহিংসতায় নিহত নারীদের মধ্যে শেতাঙ্গদের চেয়ে কৃষ্ণাঙ্গ নারীর সংখ্যা **(বাকি অংশ ০৬ পাতায়)**

## ওজনপার্ক থেকে বাংলাদেশী নিখোঁজ




**বাংলা পত্রিকা রিপোর্টঃ** বাংলাদেশী অধ্যুষিত নিউইর্য়ক সিটির ওজনপার্ক এলাকা থেকে এক বাংলাদেশী নিখোঁজ হয়েছেন। তার নাম শামস উদ্দিন আলী। তার বয়স ৭১ বছর। প্রবীন প্রবাসী আলী কমিউনিটিতে তিনি সুনাই নামে সমধিক পরিচিত এবং তিনি বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতি সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি বুরহান উদ্দিন কফিল-এর বড় ভাই। ওজনপার্কে বাংলাদেশী মালিবানাধীন প্রথম গ্রোসারী 'আল আমীন গ্রোসারী'র স্বাত্তাধিকারী ছিলেন শামস উদ্দিন আলী। তার নিখোজ হওয়ার ঘটনায় কমিউনিটিতে উদ্বেগ দেখা **(বাকি অংশ ২৬ পাতায়)**

## মরণঘাতি ফাংগাল ইনফেকশন ছড়াচ্ছে যুক্তরাষ্ট্র জুড়ে!

**বাংলা পত্রিকা ডেস্কঃ** মরণঘাতি একটি ছত্রাক জাতীয় সংক্রামক এখন যুক্তরাষ্ট্র জুড়ে দ্রুতগতিতে ছড়িয়ে পড়ছে। ক্যান-ডিডা অরিস **(বাকি অংশ ১২ পাতায়)**

# সড়ক দূর্ঘটনায় বাংলাদেশী দম্পতি নিহত



**নিউইয়র্ক (ইউএনএ):** নিউইয়র্কে এক সড়ক দূর্ঘটনায় বাংলাদেশী হাফিজ আহমেদ অ্যাঞ্জেল (৪৫) ও তার স্ত্রী সাথী আহমেদ (৩৮) নিহত হয়েছেন। সিটি থেকে সড়ক পথে আপষ্টেটের বিংহ্যামটন যাওয়ার পথে শুক্রবার (১০ ফেব্রুয়ারী) দিবাগত রাত ১০টার দিকে তারা দূর্ঘটনার

### কন্যা লাইফ সাপোর্টে

শিকার হন এবং স্বামী-স্ত্রী ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। দূর্ঘটনায় তাদের এক কন্যা গুরুতর আহত হয়ে লাইফ সাপোর্টে রয়েছেন। নিহত হাফিজের দেশের বাড়ী কুমিল্লা আর সাথীর বাড়ী বরিশাল। তারা নিউইয়র্ক সিটির জ্যামাইকায় বসবাস করতেন। দূর্ঘটনায় বাংলাদেশী দম্পতির নিহতের ঘটনায় কমিউনিটিতে শোকের ছায়া **(বাকি অংশ ০৩ পাতায়)**

## জোটের খোঁজে নওয়াজ বিলাওয়াল বিক্ষোভের ডাক ইমরান খানের



**শাবনুর নাহারঃ** অস্থির নির্বাচনি ঝড়ে উত্তাল পাকিস্তান! উদ্বেগ-হতাশা, আশা-প্রত্যাশা নিয়ে বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারী) বহুল প্রত্যাশিত ভোট গ্রহণ শেষ হলেও এখন শুরু হয়েছে 'নতুন নাটক'। একের পর এক চিত্রায়ণে বদলে যাচ্ছে দৃশ্যপট। ভোটের আগে সেনা-সরকারের নির্বাচনি ছক আর ভোটের পর শুরু হলো বিলম্বিত ফল প্রকাশের 'পর্ব'। আর এখন চলছে সরকার গঠনের 'অঙ্ক'। নায়কের পেখমে সঙ্গী (জোট) খোঁজার শিহরণে দুলছেন দুই পার্শ্বনায়ক-নওয়াজ শরিফ, বিলাওয়াল ভুট্টো। একই সঙ্গে চাঙা হয়ে উঠেছে দেশটির সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের ডাকে **(বাকি অংশ ২৫ পাতায়)**

## 'সর্বস্তরে বাংলা ভাষা' কি কেবলই কথার কথা?

মুঈদ রহমান

ফেব্রুয়ারী আমাদের মহান ভাষা আন্দোলনের স্মৃতিজড়িত মাস। ১৯৫২ সালের এই দিনে বাংলা ভাষাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি আদায়ের লক্ষ্যে বাঙালি যুবকরা রাজপথে রক্ত দিয়েছিলেন। এর প্রায় ৫০ বছর পর, ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ইউনেস্কোর প্যারিস অধিবেশনে উত্থাপিত প্রস্তাবনা অনুযায়ী ২০০০ সাল থেকে সারা বিশ্বে ২১ ফেব্রুয়ারীকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে পালনের সিদ্ধান্ত হয়। ২০১০ সালে জাতিসংঘের ৬৫তম **(বাকি অংশ ২৫ পাতায়)**

## বুকটা ফাইট্টা যায়......



**হাবিব রহমানঃ** "বন্ধু যখন বউ লইডা আমার বাড়ীর সামনে দিয়া রঙ্গ কইরা হাইট্টা যায়, ফাইট্টা যায়, বুকটা ফাইট্টা যায়।" না, আমার বুকটা ফাটে না। এটি বাংলাদেশের লোকগানের জনপ্রিয় সঙ্গীত শিল্পী এবং জাতীয় সংসদের প্রাক্তন সদস্য মোমতাজের ধামাকা গানের ক'টি লাইন। তবে আমার বুকটা ফাইট্টা যায় অন্য একটি কারণে। সে প্রসঙ্গে যাবার আগে **(বাকি অংশ ১০ পাতায়)**

## বিএনপির ৬ দিনের নতুন কর্মসূচি ঘোষণা



**ঢাকা ডেস্কঃ** ছয় দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে কেন্দ্রীয় বিএনপি। দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, দলের চেয়ারপারসন **(বাকি অংশ ১০ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেভ $589+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs • Inquiries • Collections
Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax · Sales Tax · Payroll · Notary Public
Bookkeeping · Business Formation
Financial Statement · Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
KABIR CHOWDHURY
Crescent Insurance Brokerage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com


Tax & Consulting Services
for Individual and Businesses
Southeast USA Group Inc.
OUR SERVICES
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services
Southeast USA Group Inc
(917) 566-1612
Prof. Ehteshamul Haque
Financial & Business Planning
74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday / February 12 // 2024



# নিউইয়র্কে বয়লারের বিষাক্ত কার্বন মনোঅক্সাইডে ১০ জন হাসপাতালে

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কের কুইন্সে গত ৫ ফেব্রুয়ারী সোমবার সকালে কার্বন মনোঅক্সাইডের বিষাক্ততার শিকার হওয়ার পর ১০ জনকে হাসপাতালে পাঠানো হয়েছে। একটি অকার্যকর বয়লার থেকে বেরিয়ে আসা এই বিষাক্ত গ্যাসে আক্রান্ত হন তারা। কুইন্সের উডহ্যাভেনে ৮৮-০৩, ৯১ স্ট্রিটের বাড়িতে এ ঘটনা ঘটে। ৯১১ কলে জরুরি বিভাগের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে আক্রান্তদের উদ্ধার করে নাসাউ কাউন্টি মেডিক্যাল সেন্টারে নিয়ে যায়। দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ন্যাশনাল গ্রিডের সদস্যরাও। আক্রান্তদের শেষ খবর জানা যায় নি।



## সড়ক দূর্ঘটনায় বাংলাদেশী দম্পতি

(প্রথম পাতার পর)

নেমে এসেছে। খবর ইউএনএ'র। ইয়েলো সোসাইটি নিউইয়র্ক'র সাবেক সভাপতি আব্দুল আওয়াল ভূইয়া জানান, হাফিজ আহমেদ অ্যাঞ্জেল তাদের সংগঠনের সদস্য। গত দুই বছর ধরে তিনি ইউএস আর্মীতে (নন ইউনিফর্ম) কর্মরত ছিলেন। নিউইয়র্ক সিটি থেকে বিংহ্যামটন যাওয়ার পথে শুক্রবার রাত ১০টার দিকে ওরেঞ্জ কাউন্টির উডভেরীর ছয় নম্বর রোডে একটি দ্রুতগামী গাড়ী তাদের গাড়ীতে অঘাত করলে মারাত্বক দূর্ঘটনটি ঘটে। এসময় তাদের গাড়ি দুমড়ে-মুচড়ে যায়। ফলে তারা স্বামী-স্ত্রী দূর্ঘটনাস্থলেই নিহত হন। দূর্ঘটনায় গুরুতর আহত তাদের কন্যা রাইদা আহমেদ (৭) ওয়েষ্টচেষ্টার মেডিক্যাল সেন্টারে লাইফ সাপোর্টে রয়েছেন। তার শরীরের ৫টি হাড় ভেঙ্গে গেছে বলে জানা গেছে।

এদিকে নিউইয়র্ক স্টেট পুলিশের বরাতে এক খবরে বলা হয়েছে, একটি গাড়িকে তাড়া করছিলেন পুলিশ। এসময় ওই গাড়িটি অ্যাঞ্জেলের গাড়িকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। পুলিশ ওই গাড়িটির চালককে খুঁজে বের করতে চেষ্টা করছে। মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারী) পোস্ট মর্টেম শেষে তাদের মরদেহ আত্নীয়-স্বজনের হাতে হস্তান্তর করা হবে বলেও জানিয়েছে পুলিশ।

নিহত হাফিজ আহমেদ অ্যাঞ্জেল ও সাথী আহমেদ দম্পতির ১৯ বছর বয়সী আরেক পুত্র সন্তান রয়েছে। তিনি বিংহ্যাটনে বিশ্ববিদ্যালয়ে পড়ছেন। সেখানে ক্রয় করা বাড়ীতে যাওয়ার পথে কন্যা সহ তারা দূর্ঘটনার শিকার হন বলে জানা গেছে।

মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় বাংলাদেশী দম্পতির মৃত্যুতে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাকের পক্ষ থেকে সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদার গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। এছাড়াও ইয়েলো সোসাইটি নিউইয়র্কের সভাপতি শেখ ইলিয়াস হাবিব ও সাধারণ সম্পাদক মোহাম্মদ সিদ্দিকুর রহমান সংগঠনের পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।









বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### ঘনচিনির প্রবেশ

# যুক্তরাজ্য-যুক্তরাষ্ট্রে নিষিদ্ধ, বাংলাদেশে নয় কেন?

মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর ঘনচিনি (সোডিয়াম সাইক্লামেট) আমদানি নিষিদ্ধ হওয়া সত্ত্বেও এ পণ্যটি বিভিন্ন সময়ে বাজারে পাওয়া গেছে। তাই সংশ্লিষ্ট ব্যক্তিদের ধারণা, দেশে অন্য পণ্যের নামে ঘনচিনি আমদানি করা হচ্ছে। এ ধারণা যে অমূলক নয়, তার প্রমাণ পাওয়া যায় যুগান্তরের অনুসন্ধানী রিপোর্টে। জানা যায়, ২০২২ সালে রাজধানীর মিটফোর্ডের একটি বাণিজ্যিক আমদানিকারক প্রতিষ্ঠান চীন থেকে ২০ হাজার ১৬০ কেজি ক্যালসিয়াম কার্বোনেট পাউডার (চুনাপাথর) আমদানি করে। গোপন সংবাদের ভিত্তিতে কাস্টমসের এআইআর (গোয়েন্দা) শাখা পণ্যের রাসায়নিক পরীক্ষা করে দেখতে পায়, চালানে ১৪ হাজার কেজি ঘনচিনি এবং ৬ হাজার কেজি ক্যালসিয়াম কার্বোনেট পাউডার রয়েছে। এ ঘটনায় আমদানিকারক, সিঅ্যান্ডএফ এজেন্ট ও জেটি সরকারের বিরুদ্ধে ফৌজদারি আইনে মামলার সুপারিশ করা হয়। কিন্তু উদ্বেগের বিষয় হলো, সেই পণ্য পরে খালাস হয়ে যায়। বস্তুত এভাবেই বাজারে ছড়িয়ে পড়ছে ঘনচিনিসহ আমদানি নিষিদ্ধ পণ্য।

ঘনচিনি প্রকৃত চিনির চেয়ে ৩০ থেকে ৫০ গুণ বেশি মিষ্টি এবং দামে কম হওয়ায় অসাধু ব্যবসায়ীরা তা দিয়ে তৈরি করে মিষ্টি ও মিষ্টিজাতীয় বিভিন্ন খাদ্য। আর শিশুরা যেসব খাবারের প্রতি বেশি আকৃষ্ট হয় যেমন: চকলেট, আইসক্রিম, কনডেন্সড মিল্ক ও বেভারেজজাতীয় পানীয়-এসব তৈরিতেও ঘনচিনি ব্যবহার করে থাকে অসাধু ব্যবসায়ীরা। বিশেষজ্ঞদের মতে, ঘনচিনি ব্যবহারে ক্যানসারের ঝুঁকি বাড়ে, মানব হৃৎপিন্ডের মাংসপেশি শক্ত হয়ে যায়; এছাড়া পুরুষত্ব হানিও ঘটতে পারে। বিভিন্ন স্বাস্থ্যঝুঁকির কারণে দেশে ২০০৬ সালে ঘনচিনির আমদানি ও ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে।

উল্লেখ্য, যুক্তরাজ্য ১৯৬০ সালে এবং যুক্তরাষ্ট্র ১৯৬৯ সালে ঘনচিনির ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করেছে। বাংলাদেশে এই ক্ষতিকর পণ্য যারা আমদানি করছে, তাদের শাস্তি হওয়া যেমন জরুরি, তেমনই জরুরি শনাক্ত হওয়ার পরও যাদের কারণে তা খালাস হয়ে দেশের বাজারে ঢুকছে, তাদেরও শাস্তি হওয়া। তবে তদন্ত কমিটি আলোচ্য জালিয়াতির ঘটনায় কাস্টমস কর্মকর্তাদের সম্পৃক্ততা পায়নি। পুরো ঘটনাকে অ্যাসাইকুডা সিস্টেমের দুর্বলতা এবং ‘মস্তিষ্কের সীমাবদ্ধতা’ বলে উল্লেখ করা হয়েছে।

আমাদের কথা হলো, ঘনচিনি খালাস হওয়ার পেছনে যদি সিস্টেমের কোনো দুর্বলতা কাজ করে থাকে, তাহলে সেই দুর্বলতা কাটিয়ে ওঠার ব্যবস্থা নিতে হবে যে কোনো উপায়ে এবং অবিলম্বে। তা না হলে এভাবে আরও অনেক ক্ষতিকর পণ্য দেশের বাজারে ছড়িয়ে পড়বে। আর যারা কোনো না কোনোভাবে নিষিদ্ধ ক্ষতিকর পণ্য আমদানি করছে, তাদের শনাক্ত করে শাস্তি দেওয়াটা আরও জরুরি।

# সরকারকে বাইডেনের চিঠি স্বস্তি-অস্বস্তির প্রশ্ন

॥ কামাল আহমেদ ॥

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ৪ ফেব্রুয়ারী একটি চিঠি পাঠিয়ে বাংলাদেশের উচ্চাভিলাষী অর্থনৈতিক লক্ষ্য অর্জনে সমর্থনের পাশাপাশি একটি অবাধ ও মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল প্রতিষ্ঠার অভিন্ন স্বপ্নপূরণে অংশীদারত্ব প্রতিষ্ঠায় ঢাকার সঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেছেন।

৭ জানুয়ারীর নির্বাচনের আগে বছরখানেকের বেশি সময় ধরে যুক্তরাষ্ট্র একটি ‘স্বচ্ছ, অংশগ্রহণমূলক ও গণতান্ত্রিক নির্বাচন’ অনুষ্ঠানের জন্য প্রকাশ্য বক্তব্য দিয়ে এসেছে। গণতন্ত্রকে বাধাগ্রস্ত করা হলে তার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞা আরোপের কথাও তারা ঘোষণা করেছিল। ফলে সরকারের সঙ্গে একধরনের টানাপোড়েন তৈরি হয় এবং যুক্তরাষ্ট্র এ দেশে ক্ষমতার পরিবর্তন ঘটাতে চায় বলে অভিযোগ করা হয়। এ পটভূমিতে প্রেসিডেন্ট বাইডেনের চিঠিতে সরকারের পক্ষে-বিপক্ষের অনেকেই চমকিত হয়েছেন।

অনেকেই এ চিঠিকে সম্পর্ক স্বাভাবিকীকরণের শুরু হিসেবে বর্ণনা করছেন। আবার কেউ কেউ ভূরাজনৈতিক পরিস্থিতির কারণে একধরনের বাধ্যবাধকতা তৈরি হয়েছে বলেও বিষয়টি ব্যাখ্যা করছেন। আবার এক দল একে বাংলাদেশের গণতন্ত্রকামী মানুষের আশা-আকাঙ্খাকে বাণিজ্যিক স্বার্থে যুক্তরাষ্ট্রের জলাঞ্জলি দেওয়া হিসেবেও অভিহিত করেছেন। দ্বিপক্ষীয় সম্পর্ক যে কোনো একরৈখিক বিষয় নয়, সেটা বিস্মৃত হওয়ার প্রবণতা এদের সবার মধ্যেই প্রবল।

স্মরণ করা যাক ২০১৮ সালের নির্বাচনের কথা। তখন যদিও আন্তর্জাতিক বিষয়ে নিরাসক্ত বা অনাগ্রহী প্রেসিডেন্ট ট্রাম্প যুক্তরাষ্ট্রের ক্ষমতায় ছিলেন, তবু বাংলাদেশে স্বচ্ছ ও অবাধ নির্বাচনের বিষয়ে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সক্রিয়তা একেবারে কম ছিল না।


যুক্তরাষ্ট্রের তৎকালীন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের গাড়ির ওপর হামলার কথা হয়তো অনেকেই আমরা বিস্মৃত হয়েছি। কিন্তু তিনিও গণতন্ত্র ও মানবাধিকারের বিষয়ে খোলামেলা কথাবার্তা বলে ক্ষমতাসীন দলের বিরাগভাজন হয়েছিলেন।

২০১৮ সালে ৩০ ডিসেম্বরের নির্বাচন কেমন হয়েছিল, তা নিয়ে খুব একটা বিতর্কের অবকাশ নেই। রাতের ভোট হিসেবে পরিচিতি পাওয়া সেই নির্বাচনের ১৯ দিন পর প্রেসিডেন্ট ট্রাম্প প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছিলেন। এবার বাইডেনের চিঠি এল আরও দিন দশেক পর।

সুতরাং নির্বাচনের পর নতুন মেয়াদের শুরুতে সরকারপ্রধানের কাছে প্রেসিডেন্টের চিঠি দেওয়া কোনো ব্যতিক্রমী কিছু নয়। বরং কূটনৈতিক আচারে ব্যতিক্রম তখনই হতো, যদি এবার কোনো চিঠি না আসত। কিন্তু সপ্তাহ তিনেক আগে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বিবৃতিতেই পরিষ্কার হয়ে যায়, যুক্তরাষ্ট্র নির্বাচন সুষ্ঠু ও স্বচ্ছ হয়নি বললেও তা প্রত্যাখ্যান করেনি। বেলারুশ, ভেনেজুয়েলা কিংবা নিকারাগুয়ার নির্বাচনগুলোর ক্ষেত্রে যুক্তরাষ্ট্র সরাসরি নির্বাচন প্রত্যাখ্যান করে এবং সে কারণে ওই সব দেশের সঙ্গে তাদের সম্পর্ক মোটেও স্বাভাবিক নয়। তাদের সঙ্গে সব রকমের লেনদেন প্রায় বন্ধই বলা চলে।

ট্রাম্পের চিঠির সঙ্গে প্রেসিডেন্ট বাইডেনের চিঠির একটু তুলনা এখানে কিছুটা প্রাসঙ্গিক। প্রেসিডেন্ট ট্রাম্প প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের তৃতীয় মেয়াদের সাফল্য কামনা করেছিলেন। ফলে উচ্ছ্বসিত পররাষ্ট্র মন্ত্রণালয় তখন সেই চিঠি সংবাদমাধ্যমে প্রকাশ করে সেটিকে অভিনন্দনবার্তা হিসেবে বর্ণনা করেছিল। কিন্তু সেই চিঠিতে ট্রাম্প লিখেছিলেন, ‘রাজনৈতিক বিরোধী ও তাদের সমর্থকদের ওপর হামলা এবং সাংবাদিকদের নির্যাতনের খবরগুলো অব্যাহত থাকায় জাতীয় নির্বাচন ও বাংলাদেশের আন্তর্জাতিক ভাবমূর্তি কলঙ্কিত হচ্ছে।’ তিনি আরও লেখেন, ‘৩০ ডিসেম্বর ২০১৮-এর জাতীয় নির্বাচনের বিষয়ে স্বাধীন তদন্তের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের আহ্বানের আলোকে আপনার অঙ্গীকার বিশেষভাবে গুরুত্বপূর্ণ।’

গণতন্ত্র ও মানবাধিকারের মূল্যবোধের ওপর যেসব বিষয় নির্ভরশীল, সেগুলো দ্বিপক্ষীয় সম্পর্কের বিবেচ্য তালিকা থেকে একেবারেই বাদ পড়তে পারে। প্রেসিডেন্ট বাইডেনের চিঠির দুই দিন পর পররাষ্ট্র দপ্তরের মুখপাত্রের ‘ভিসা নিষেধাজ্ঞার নীতি অস্তমিত হয়নি’ মন্তব্যের কথা এ ক্ষেত্রে উল্লেখ করা যায়। শ্রম অধিকারের বিষয়েও যুক্তরাষ্ট্রের নীতিতে কোনো পরিবর্তন আসেনি।



যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ–উভয়েই গণতান্ত্রিক নীতিমালার ওপর প্রতিষ্ঠিত উল্লেখ করে ট্রাম্প লেখেন, ‘বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রগতি এবং অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সমৃদ্ধির মধ্যে জোরালো যোগসূত্র রয়েছে। আমি আশা করি, আপনি বাংলাদেশের সম্প্রসারণশীল অর্থনৈতিক প্রবৃদ্ধিতে নজর দেবেন, যার মধ্যে ন্যায্য ও পরিপূরক বাণিজ্য এবং বিনিয়োগের প্রসার ঘটানোর লক্ষ্যে পদক্ষেপ গ্রহণও অন্তর্ভুক্ত এবং মানবাধিকার, ব্যক্তির মতপ্রকাশের স্বাধীনতা ও গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোর প্রতি আপনার অঙ্গীকার নবায়ন করবেন।’

শান্তিপূর্ণভাবে ভিন্নমত প্রকাশকে রুদ্ধ করা হলে কারও কারও সহিংসতার পথ বেছে নেওয়ার ঝুঁকি তৈরি হবে বলেও প্রেসিডেন্ট ট্রাম্প তাঁর চিঠিতে মন্তব্য করেছিলেন। বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে যুক্তরাষ্ট্র গুরুত্ব দেয় উল্লেখ করে মিয়ানমার থেকে বিতাড়িত রোহিঙ্গা শরণার্থীদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশ সরকারের প্রতি তাঁরা কৃতজ্ঞ বলেও ওই চিঠিতে লেখা হয়েছিল।

প্রেসিডেন্ট বাইডেনের চিঠিতেও কিছু কথার পুনরুচ্চারণ রয়েছে। যোগ হয়েছে মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল প্রতিষ্ঠার কথা। তিনি লিখেছেন, ‘বাংলাদেশের উচ্চাভিলাষী অর্থনৈতিক লক্ষ্য অর্জনে সমর্থন এবং একটি অবাধ ও মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল প্রতিষ্ঠার অভিন্ন স্বপ্নপূরণে বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব প্রতিষ্ঠায় যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ।’ প্রেসিডেন্ট বাইডেন আরও লিখেছেন, ‘যুক্তরাষ্ট্র-বাংলাদেশ অংশীদারত্বের পরবর্তী অধ্যায় শুরুর পর্বে আমি বলতে চাই, আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, জলবায়ু পরিবর্তন ও জ্বালানি, বৈশ্বিক স্বাস্থ্য, মানবিক সহায়তা, বিশেষ করে রোহিঙ্গা শরণার্থীসহ আরও অনেক ইস্যুতে আমাদের প্রশাসনের একসঙ্গে কাজ করার ঐকান্তিক ইচ্ছার কথা আমি তুলে ধরছি।’

উভয় চিঠিতেই দেখা যাচ্ছে, অর্থনৈতিক সম্পর্ক, অর্থাৎ বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটানোর আকাঙ্ক্ষার কথা আছে। রোহিঙ্গা শরণার্থীসহ মানবিক সহায়তার প্রসঙ্গ আছে। এবার বাড়তি হিসেবে আছে বৈশ্বিক নিরাপত্তা ও জলবায়ু পরিবর্তনের মতো বিষয়। প্রেসিডেন্ট ট্রাম্প নির্বাচনের অনিয়ম ও বিরোধীদের ওপর হামলায় বাংলাদেশের ভাবমূর্তি কলঙ্কিত করার কথা বললেও প্রেসিডেন্ট বাইডেন গণতন্ত্র, মানবাধিকার ও নির্বাচনের বিষয়গুলো পুরোপুরি এড়িয়ে গেছেন। এটা সরকারের দিক থেকে স্বস্তির বিষয় হতে পারে।

তবে বাইডেন প্রশাসন গণতন্ত্র ও মানবাধিকারকে তার পররাষ্ট্রনীতির মূল ভিত্তি হিসেবে গত তিন বছর ধরে তাঁর প্রশাসনের যে মূল্যবোধের কথা বলে এসেছেন, তার আলোকে বাংলাদেশকে আর গণতন্ত্র হিসেবে গণ্য না করার প্রতিফলন হিসেবেও এ চিঠিকে ব্যাখ্যা করার অবকাশ রয়েছে।

যেহেতু গণতন্ত্রের পথে ফেরানোর চেষ্টায় তারা ব্যর্থ হয়েছে, সেহেতু ওই প্রসঙ্গের উল্লেখ তাঁর প্রশাসন অপ্রয়োজনীয় বলে সিদ্ধান্ত নিয়ে থাকতে পারে। বহুদলীয় গণতন্ত্র পুনরুজ্জীবনকামীদের জন্য সেটি হতাশার বিষয় ঠিকই। তবে তা বাংলাদেশের জন্য অশনিসংকেতও হতে পারে।

গণতন্ত্র ও মানবাধিকারের মূল্যবোধের ওপর যেসব বিষয় নির্ভরশীল, সেগুলো দ্বিপক্ষীয় সম্পর্কের বিবেচ্য তালিকা থেকে একেবারেই বাদ পড়তে পারে। প্রেসিডেন্ট বাইডেনের চিঠির দুই দিন পর পররাষ্ট্র দপ্তরের মুখপাত্রের ‘ভিসা নিষেধাজ্ঞার নীতি অস্তমিত হয়নি’ মন্তব্যের কথা এ ক্ষেত্রে উল্লেখ করা যায়। শ্রম অধিকারের বিষয়েও যুক্তরাষ্ট্রের নীতিতে কোনো পরিবর্তন আসেনি।

আর ৫ ফেব্রুয়ারি পররাষ্ট্রমন্ত্রী ব্লিঙ্কেন ভিন্নমত দমনে আড়ি পাতা প্রযুক্তি ব্যবহারের বিষয়ে নতুন করে ভিসা নীতি প্রয়োগের কথা ঘোষণা করেছেন। এসব নিষেধাজ্ঞার কোনটি কখন প্রয়োগ করা হবে বা হবে না, তা নিয়ে জল্পনা অর্থহীন। তবে ঝুঁকি যে অপসারিত হয়নি, বরং বেড়েছে, সেটা উপেক্ষা করাও যৌক্তিক নয়।

লেখক: সাংবাদিক

## নামাজের সময়-সূচী

| ফেব্রুয়ারি | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৫.৩৭ | ৫.৩৬ | ৫.৩৪ | ৫.৩৩ | ৫.৩২ | ৫.৩১ | ৫.৩০ |
| সূর্যোদয় | ৬.৫৩ | ৬.৫২ | ৬.৫০ | ৬.৪৯ | ৬.৪৮ | ৬.৪৭ | ৬.৪৫ |
| জোহর | ১২.১০ | ১২.১০ | ১২.১০ | ১২.১০ | ১২.১০ | ১২.১০ | ১২.১০ |
| আসর | ৩.৪৫ | ৩.৪৬ | ৩.৪৭ | ৩.৪৮ | ৩.৫০ | ৩.৪৯ | ৩.৫২ |
| মাগরিব | ৫.২৬ | ৫.২৮ | ৫.২৯ | ৫.৩০ | ৫.৩১ | ৫.৩২ | ৫.৩৪ |
| এশা | ৬.৪৩ | ৬.৪৪ | ৬.৪৫ | ৬.৪৬ | ৬.৪৮ | ৬.৪৯ | ৬.৫০ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা’র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।


\- সম্পাদক।

# বাংলাদেশ সোসাইটি ইনক
## BANGLADESH SOCIETY, INC

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

# অমর একুশে
International Mother's Language Day 2024

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
## সম্মিলিত উদ্‌যাপন ২০২৪



**আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান**

তারিখ : ২০শে ফেব্রুয়ারী, মঙ্গলবার
সময় : বিকাল ৫টা
স্থান : তিব্বতি কমিউনিটি সেন্টার
(৫৭-১২, ৩২ এভিনিউ, উডসাইড, নিউইয়র্ক)

সুধী,
'অমর একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' এর অনুষ্ঠানমালায় আপনাদের সহযোগিতা ও উপস্থিতি একান্তকাম্য।

আমন্ত্রণে,

**সম্মিলিত একুশ উদযাপন কমিটি ২০২৪**

**ফারুক চৌধুরী**
আহ্বায়ক
৯১৭-৬২৭-৩৮৭৭

**মোঃ নওশেদ হোসেন**
প্রধান সমন্বয়কারী
৬৪৬-৩৩৮-২২৪৫

**মাইনুল উদ্দিন মাহবুব**
সদস্য সচিব
৭১৮-৩১২-৯৭২১

**আমিনুল ইসলাম চৌধুরী**
যুগ্ম-আহ্বায়ক
৬৪৬-৩২১-৪১১৭

**মো: মহিউদ্দীন দেওয়ান**
সার্বিক সহযোগিতায়
৯১৭-৫২৩-১৩৪৪

**মোহাম্মদ টিপু খান**
সমন্বয়কারী
৬৪৬-৬২৩-৮৬২২

**সুশান্ত দত্ত**
যুগ্ম-সদস্য সচিব
৭১৮-৭১০-৫৬১৭

**নিবন্ধন উপ-কমিটি**

আবুল কালাম ভুইয়া (৯১৭-৮৯২-৭১৯৯), প্রদীপ ভট্টাচার্য (৩৪৭-৪৭৬-৫২৯৪)
মো: আখতার বাবুল (৬৪৬-৫৭৫-৭০৫৩), শাহ মিজানুর রহমান (৯১৭-৫৩৫-৪৪৯৫)

**স্মরণিকা উপকমিটি**

ফয়সল আহমদ (৩৪৭-৭৩৫-৫৮২৩), রিজু মোহাম্মদ (৭১৮-৫৮১-৬৬৩৭), ফারহানা চৌধুরী (৭১৮-৬৯৭-৯০৩৫)

**সাংস্কৃতিক উপকমিটি**


ডা: শাহনাজ লিপি (৯১৭-৭১৬-৭০৩৯), আবুল বাশার ভুইয়া (৩৪৭-২৭৯-২৬৪০), মো: সানী মিন্টু (৭১৮-৮২০-৩৬১৯)

**মোহাম্মদ রব মিয়া**
সভাপতি, ৯১৭-৮৫৮-৬৯৯১

**মোঃ রুহুল আমিন সিদ্দিকী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৪৭৬-৫৩৮২

মিডিয়া পার্টনার — ব্রডকাস্ট পার্টনার

**সাংস্কৃতিক পরিবেশনায়ঃ**
বাংলা স্কুল (বাংলাদেশ সোসাইটি ইনক)



নৃত্যাঞ্জলী সহ প্রবাসের জনপ্রিয় শিল্পী বৃন্দ

**প্রতিযোগিতা**

তারিখ: ২০শে ফেব্রুয়ারী, মঙ্গলবার
সময়: বিকেল ৫টা
স্থান: তিব্বতি কমিউনিটি সেন্টার

চিত্রাঙ্কন ঃ বিষয় উন্মুক্ত
রচনা ঃ ক. গ্রুপ "বাংলাদেশ"
খ. গ্রুপ "অমর একুশে"
কবিতা আবৃত্তি ঃ বিষয় উন্মুক্ত

বয়স সীমা: ক. গ্রুপ (৪-৯ বছর)
ও খ. গ্রুপ (৯+ থেকে ১৫ বছর)

## সহযোগী সংগঠনসমূহ

- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা
- শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- জগন্নাথ বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
- ডিপোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিইএব) যুক্তরাষ্ট্র শাখা
- সিলেট এম.সি. এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ আওয়ামী লীগ যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বি.এন.পি) যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন
- জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন
- জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ), যুক্তরাষ্ট্র
- বঙ্গমাতা পরিষদ, যুক্তরাষ্ট্র শাখা
- বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক
- বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউ.এস.এ ইনক
- বৃহত্তর কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক
- চিটাগাং এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ ল' সোসাইটি ইউ.এস.এ ইনক
- জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ইউ.এস.এ. ইনক
- দোহার উপজেলা সমিতি ইউ.এস.এ ইনক
- কুইন্স বাংলাদেশ সোসাইটি ইনক ইউ.এস.এ.
- বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইনক
- জ্যাকসন হাইটস এলাকাবাসী
- বারী হোম কেয়ার
- ইয়েলো সোসাইটি নিউইয়র্ক
- শাপলা ওয়েলফেয়ার এসোসিয়েসন্ট নিউইয়র্ক ইনক
- বাংলাদেশ আমেরিকান কার এন্ড লিমোজিন এসোসিয়েশন ইনক
- মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক
- কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক
- চাটখিল সোসাইটি ইউ.এস.এ ইনক
- ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতি ইউ.এস.এ. ইনক
- নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব
- সিলেট গণদাবি পরিষদ ইউ.এস.এ ইনক
- মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক
- বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউ.এস.এ. ইনক
- প্রবাসী নরসিংদী জেলা সোসাইটি ইউ.এস.এ ইনক
- ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অফ নর্থ আমেরিকা ইনক
- কুমিল্লা সোসাইটি অব ইউ.এস.এ ইনক
- বৃহত্তর দাউদকান্দি এসোসিয়েশন ইউ. এস. এ ইনক
- ব্রাহ্মণবাড়িয়া জেলা সোসাইটি অফ ইউ.এস.এ ইনক
- বগুড়া সোসাইটি ইউ.এস.এ ইনক
- ছাতক সমিতি ইউ. এস. এ ইনক
- নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউ.এস.এ
- প্রবাসী শরিয়তপুর সমিতি ইউ.এস.এ ইনক
- ঢাকা জেলা সোসাইটি ইউ.এস.এ ইনক
- রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইনক
- নবাবগঞ্জ এসোসিয়েশন অফ ইউ.এস.এ ইনক
- গ্রেটার বেগমগঞ্জ সোসাইটি ইউ.এস.এ ইনক
- হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনক
- ডাউন টাউন বিজনেস এসোসিয়েশন
- অভয় নগর সোসাইটি অব ইউ.এস.এ ইনক
- গাইবান্ধা সোসাইটি ইউ.এস.এ ইনক
- প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইনক
- রংপুর জেলা সমিতি ইউ.এস.এ ইনক
- বাংলা ক্লাব নিউইয়র্ক ইনক
- নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক
- সাতক্ষীরা জেলা সমিতি নর্থ আমেরিকা ইনক
- মাদারীপুর জেলা সমিতি ইউ.এস.এ ইনক
- বৃহত্তর ময়মনসিংবাসী ইউ.এস.এ ইনক
- সন্দীপ সোসাইটি ইউ.এস.এ ইনক
- সিলেট সদর সমিতি ইউ.এস.এ ইনক
- ওসমানীনগর এসোসিয়েশন ইনক
- বালাগঞ্জ ওসমানীনগর প্রবাসী কল্যাণ সোসাইটি
- মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইনক
- সম্মিলিত বরিশাল বিভাগবাসী যুক্তরাষ্ট্র ইনক
- যশোর সোসাইটি অব আমেরিকা ইনক
- পাবনা সমিতি ইউ.এস.এ ইনক
- বরিশাল বিভাগীয় সমিতি ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ মানবাধীকার কমিশন ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ আমেরিকান পোষ্টাল এমপ্লোয়ি এসোসিয়েশন ইনক
- জ্যামাইকা থিয়েটার
- কুষ্টিয়া জেলা সমিতি ইউ.এস.এ ইনক
- লক্ষীপুর ডিস্ট্রিক্ট এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- শেনবাগ সোসাইটি
- বাংলাদেশ আমেরিকান পোষ্টাল এ্যামপ্লয়িজ এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- ভোলা ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব ইউ.এস.এ ইনক
- ব্রুকলীন-কুইন্স ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি

প্রচারে: রিজু মোহাম্মদ, প্রচার ও গণসংযোগ সম্পাদক - ৭১৮-৫৮১-৬৬৩৭






# ২৫ ফেব্রুয়ারী পবিত্র শবে বরাত

(প্রথম পাতার পর)

(সোমবার) থেকে শাবান মাস গণনা শুরু হবে। সেই হিসেবে পবিত্র শবে বরাত পালিত হবে আগামী ২৫ ফেব্রুয়ারী দিবাগত রাতে। রোববার সন্ধ্যায় বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মু. আ. আউয়াল হাওলাদার।

শবে বরাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ও বিশেষ তাৎপর্যময় রজনী। এ রাতে মহান আল্লাহতায়ালা তার রহমতের দ্বার উন্মুক্ত করে দেন। পাপী বান্দাদের উদারচিত্তে ক্ষমা করেন, জাহান্নাম থেকে মুক্তি দেন- এ জন্য এ রাতকে শবে বরাত বলা হয়। 'শবে বরাত' ফার্সি ভাষার দুইটি শব্দ। ফার্সিতে 'শব' মানে রাত আর 'বরাত' মানে মুক্তি। সুতরাং 'শবে বরাত' এর অর্থ হলো মুক্তির রাত। শবে বরাত হাদিসের চয়ন করা শব্দ নয়। হাদিসে রয়েছে লাইলাতুন নিসফি মিন শা'বান বা মধ্য শা'বানের রজনী। অর্থাৎ শা'বান মাসের ১৪ তারিখ সন্ধ্যার পর যে রাত সেটাই শবে বরাত।

ধর্মপ্রাণ মুসলমানদের উচিত রাতের বরকতময় সময়ে ইবাদত করার জন্য উদগ্রিব হওয়া। কেননা প্রতিটি রাতেই একটি বিশেষ সময় আছে যখন আল্লাহ তায়ালা আমাদের ডেকে ডেকে বলতে থাকেন যে, কার কী দরকার সে যেন আমার কাছে চায়, আমি দেবো। কে আছো ক্ষমা চাইবার আমি মাফ করে দেবো। কে আছে আমাকে ডাকবে আমি তার ডাকে সাড়া দেবো। আর তা হলো প্রতি রাতের এক-তৃতীয়াংশ এর শেষ অংশে যা ফজর পর্যন্ত চলতে থাকে। হাদিসটি সহিহ মুসলিমের মুসাফিরের সালাত অধ্যায়ে হযরত আবু হুরায়রা থেকে বর্ণিত হয়েছে। সেই অর্থে প্রতিটি রাতই কিন্তু ভাগ্য পরিবর্তনের জন্য সুযোগ নিয়ে আসে একথা আমরা অকপটে বলতে পারি।

শবে বরাতের রাতে নিজস্ব পরিসরে নফল নামাজ, কুরআন তেলাওয়াত ও তাসবিহ তাহলিল করা যেতে পারে। এবং এ রাতে কোনো ইবাদত করলে তা নফল হিসেবেই গণ্য হবে। আর নফল সালাত বা ইবাদত ঘরেই করা বেশি ভালো। মাসজিদের জড়ো হয়ে এটাকে আনুষ্ঠানিক রূপ দিলে তা অবশ্যই বিদয়াত বলে গণ্য হবে যা একটি পাপ। তবে অবশ্যই কিছু সময় ঘুমাতে হবে যেন ফজরের নামাজ জামায়াতে আদায় করতে পারি। যদি ঘুমের কারণে নামাজ বাদ পড়ে যায় তবে তা রাত্রের ইবাদতের অর্জনকে ম্লান করে।

# শেতাঙ্গদের চেয়ে কৃষ্ণাঙ্গ নারীদের

(প্রথম পাতার পর)

ছয় গুন বেশি ছিলো। নতুন একটি গবেষণায় এই তথ্য উঠে এসেছে। সামাজিক কাঠামোয় অসমতাই কৃষ্ণাঙ্গ নারীদের উচ্চতর ঝুঁকিতে রেখেছে, বলা হয়েছে এর বিশ্লেষণে।

গবেষণার লেখক বারনাডাইন ওয়ালনার বেশ কষ্ট নিয়েই বলছিলেন, 'এই যে শেতাঙ্গ নারীর তুলনায় কৃষ্ণাঙ্গ নারীদের হত্যার পরিসংখ্যান ছয় গুন বেশি, বিষয়টি হৃদয়বিদারক।' কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের আরভিং মেডিকেল সেন্টারের ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ এর পোস্ট ডক্টরাল রিসার্চ ফেলো তিনি।

২০২০ সালে যুক্তরাষ্ট্রে প্রতি ১০০০০০ কৃষ্ণাঙ্গ নারীর মধ্যে ১১.৬ জন হোমিসাইডের শিকার হয়েছেন। আর শেতাঙ্গ নারীদের প্রতি ১০০০০০ জনের মধ্যে ৩ জন এমন সহিংসতার শিকার। তবে এই তারতম্য দেশের দক্ষিণ ও পশ্চিমের স্টেটগুলোতে ততটা বেশি নয়। এসব অঞ্চলেও কৃষ্ণাঙ্গ নারীই বেশি নিহত হচ্ছেন শেতাঙ্গ নারীর তুলনায়। তবে তা তিন গুন বেশি। সবচেয়ে কম অসমতা দেখা গেছে ভার্জিনিয়া, আলাবামা ও ফ্লোরিডায়। আর সবচেয়ে বেশি পার্থক্য দেখা গেছে উইসকনসিনে। এই স্টেটে শেতাঙ্গ নারীর তুলনায় কৃষ্ণাঙ্গ নারীদের হত্যার শিকার হতে হচ্ছে ২০ গুন বেশি। ২০১৯ থেকে ২০২০ সালের মধ্যে এই তারতম্য সর্বোচ্চ পর্যায়ে পৌঁছায়।

গবেষণার লেখকরা এই পরিসংখ্যানকে রীতিমতো ডিস্টার্বিং বলে উল্লেখ করেছেন। ১৯৯৯ থেকে ২০০৩ সময় কালেও উইসকনসিনে এই তারতম্য ছিলো ছয় গুন। যা এখন ২০ গুনে দাঁড়িয়েছে। গবেষণায় দেখা গেছে, উইসকনসিন, মিসৌরি, অ্যারিজোনা ও ওকলাহোমায় ২০১৯-২০ সালে ২৫ থেকে ৪৪ বছর বয়সী প্রতি ১০০০০০ নারীর মধ্যে নিহতের সংখ্যা শেতাঙ্গের তুলনায় কৃষ্ণাঙ্গ ১৫ জন বেশি।

গবেষকরা বলছেন, অবহেলিত জনসংখ্যা যেখানে বেশি সেখানেই এই অসমতা বেশি। ওয়ালেটহাব্বর একটি গবেষণায় দেখানো হয়েছে ২০২৩ সালে উইসকনসিনের অর্থনীতি ছিলো যুক্তরাষ্ট্রে ৪৯তম। আর ওয়াশিংটন ডিসিকে চিহ্নিত করা হয় সবচয়ে বেশি বর্ণ সমতার স্টেট হিসেবে। লিঙ্গ,প্রতিবন্দ্বীতা ও জাতিগত সমতার বিবেচনায় উইসকনসিনের অবস্থান ৩১তম। আর মধ্যপশ্চিমের স্টেটগুলোর একটিও এই তালিকার সেরা দশে উঠে আসতে পারে নি।

বলা হচ্ছে কৃষ্ণাঙ্গ নারীদের ওপর চলে কাঠামোগত বর্ণবাদীতা। যার অনিবার্য শিকার হয়েই প্রাণ হারাতেও হয় তাদেরই বেশি। শিক্ষার সুযোগ, কর্মসংস্থান, দারিদ্র, গৃহায়ন ও বাড়ির মালিকানা এসব ক্ষেত্রেই দেখা যায় অসমতা। আর সে কারণে যেসব এলাকায় কৃষ্ণাঙ্গ নারীদের বসবাস বেশি সেসব স্থানে তাদের হত্যার শিকার হতে হয় বেশি।

ওয়ালার বলছিলেন, অনেক ক্ষেত্রে নারীদের হত্যার শিকার হতে হয় তাদের ঘনিষ্ঠ পার্টনারের হাতেই। আর অর্থনৈতিক অসমতাই কৃষ্ণাঙ্গ নারীদের সবচেয়ে বেশি সহিংসতার মুখে ঠেলে দেয়। গবেষণায় আরও দেখানো হয়, অস্ত্রের অবাধ ব্যবহারও কৃষ্ণাঙ্গ নারীদের এমন সহিংসতার বড় শিকারে পরিণত করছে।





Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT
EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com



নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের বাসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
GREE MECHANICAL YONKERS
1900 Central Park Ave, Yonkers NY 10710



LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ


ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার L ভিসার সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিশ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে অর্থ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711



ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- এক্সিডেন্ট
- ব্যাংক্রাপসি
- রিয়েল এস্টেট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

# MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

**Citizenship Without Exam** N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।


**40-19 73rd St. Woodside, NY 11372**
**Tel: 718-701-2666**

# রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



**Princeton Court Building**
**35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372**
**(Bet. 35th & 37th Avenue)**

**Tel: 718-672-0209, 718-414-4760**

# DR. SADI ALAM, DPM
## Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়




নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



# PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# ইমিগ্রেশন ও আপনি


এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**ফেব্রুয়ারী ২০২৪ ভিসা বুলেটিন**

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটনি প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারী ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলছে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব দেখতে পাওয়া যায় না।

**ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার**

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ১ জানুয়ারী ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ ফেব্রুয়ারী ০৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ অক্টোবর ০১, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ২২ এপ্রিল ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ২২ মে ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

**নিউইয়র্ক থেকে হাসান আলীর প্রশ্নঃ**

এই বিভাগের আমি একজন নিয়মিত পাঠক। আজ আমি প্রয়োজনে এই চিঠি লিখছি। আশা করি উত্তর পাব। আমার প্রশ্নটি হচ্ছে ইউএস সিটিজেনের সাথে বিয়ের পর গ্রিনকার্ড পেলে এবং শেষ পর্যন্ত বিয়ে না টিকলে অর্থাৎ ডিভোর্স হলে তার গ্রিনকার্ডের অবস্থা কেমন হয়? অর্থাৎ



তার গ্রিনকার্ড বাতিল হয়ে যায় কিনা?

**হাসান আলীর প্রশ্নের উত্তরঃ**

অনেক ক্ষেত্রে ডিভোর্সের পর পার্মানেন্ট রেসিডেন্টদের নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। কেউ আইন সম্মত রেসিডেন্ট হিসেবে ১০ বছর যাবত গ্রিনকার্ডধারী হয়ে থাকেন তবে বিয়ের স্ট্যাটাস সরাসরি ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্ত করতে পারবে না। আবার কেউ যদি কোন ইউএস সিটিজেন বা পরামানেন্ট রেসিডেন্টকে বিয়ে করে গ্রিনকার্ড পেয়ে থাকেন তবে সেক্ষেত্রে ডিভোর্স সমস্যার সৃষ্টি করতে পারে। এ ক্ষেত্রে ইউএসসিআইএস ২ বছর শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড দিয়ে থাকে। এই ২ বছরকে ইউএসসিআইএস বিয়ের বিশ্বাসযোগ্যতা মূল্যায়নের সুযোগ হিসেবে কাজে লাগায়। ইমিগ্রেশন আইন দেখতে চায় ঐ ২ বছরের বিয়েটা বিশ্বাসযোগ্য অবস্থায় পৌছেছে- এই শর্তসাপেক্ষে সময়ের শেষে দম্পতি তাদের বিয়ে বিশ্বাসযোগ্যতা প্রমাণসহ অবশ্যই আবেদন করবেন এবঙ ফরম আই-৭৫১ প্রমাণসহ পূরণ করে শর্ত প্রত্যাহারের পিটিশন দাখিল করবেন। ফরম আই-৭৫১ হচ্ছে যৌথ পিটিশন এবং এতে স্বামী-স্ত্রী উভয়কে স্বাক্ষর করতে হবে।

**শর্তসাপেক্ষে গ্রিনকার্ড পাবার ডিভোর্স হলে কী হবে?**

কোন ইউএস সিটিজেন বা পার্মানেন্ট রেসিডেন্টকে বিয়ের শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পাবার পর ডিভোর্স হলে সেক্ষেত্রে সমস্যার সৃষ্টি হতে পারে। বিয়ের মাধ্যমে গ্রিনকার্ড পাওয়ার ক্ষেত্রে ২ বছরের শর্ত সাপেক্ষ সময়ের মধ্যে যদি ডিভোর্স হয়ে যায় তবে শর্ত মওকুফের জন্য যৌথ আবেদন জরুরী। তবে এক্ষেত্রে ইউএসসিআইএস কেসটিকে অতিরিক্ত সতর্কতা নিয়ে যাচাই করে দেখতে চাইবে, তারা নিশ্চিত হতে চাইবে যে বিয়েটা প্রকৃত অর্থে বিয়ে কিনা। তারা যেনো মনে করে যে দুজন একসময় একে অপরকে ভালোবেসে ছিলো। একে অপরের প্রতি কমিটেড থাকা সত্বেও তারা একে অপর থেকে বিচ্ছিন্ন হয়েছে। তবে প্রমাণের দায়িত্ব বর্তমানে যিনি শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পেয়েছিলেন তার উপর।

এক্ষেত্রে আমাদের পরামর্শ হচ্ছে আবেদনকারীকে অবশ্যই আবেদনের সঙ্গে ডিভোর্সের রায়, বিবাহিত জীবন যথাযথভাবে চলছিলো কিন্তু কেনো ডিভোর্স হলো তার একটি বিশ্বাসযোগ্য বিবৃতি সংযুক্ত করে দিতে হবে। ইমিগ্রেশনে প্রমাণ করতে হবে যে বিয়েটা প্রকৃত বিয়ে ছিলো শুধুমাত্র গ্রিনকার্ড পাওয়ার জন্যও এই বিয়েটা ছিলো না। এক্ষেত্রে যতবেশি প্রমাণ উপস্থাপন করা সম্ভব তা সংযুক্ত করতে হবে।

এ ব্যাপারে যথাযথভাবে এবং বিস্তারিত জানতে চাইলে এবং একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নির সাথে সাক্ষাতে আলোচনা করা ভালো। প্রয়োজবোধে এ ব্যাপারে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

**নিউইয়র্ক থেবেক সাহেদ আলীর প্রশ্নঃ**

আমি ট্যুরিস্ট ভিসায় এখানে বেড়াতে এসেছিলাম। এ মাসেই আমার ভিসার মেয়ার শেষ হয়ে যাবে। ভিসা বাড়াবার জন্যে আবেদন করেছি কিন্তু এখন পর্যন্ত কোন অনুমতি পাই নাই। এখানে আসার পরে একজন ইউএস সিটিজেনের সাথে বিয়ে হয়েছে। এই অবস্থায় আমি এখন ভিসার মেয়াদ বাড়াবার জন্যে আবেদন করব নাকি গ্রিনকার্ডের জন্যে আবেদন করব? ভিসার মেয়াদ না বাড়লে গ্রিনাকর্ডের জন্য দেশে চলে যেতে হবে কিনা?

এ ব্যাপারে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম।

**জাহেদ আলীর প্রশ্নের উত্তরঃ**

আপনার জন্য আমাদের প্রথম পরামর্শ হচ্ছে ভিসা বৃদ্ধি এপ্রুভালের জন্য আপনার আর অপেক্ষা করার কোন দরকার নেই। যত তাড়াতাড়ি সম্ভব স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য ফাইল করুন। আপনার স্ট্যাটাস বৈধ হিসেবে বিবেচিকত হবে। আপনার ভিসার মেয়াদ বৃদ্ধি অস্বীকৃত হলেও তাতে করে আপনার কেসেরে উপর কোন প্রভাব ফেলবে না। আপনি এখনই আপনার গ্রিনকার্ডের স্ট্যাটাস এডজাস্টমেন্ট ঝুলন্ত অবস্থায় থাকলে আপনি ইচ্ছা করলে দেশে যেতে চাইলে অগ্রীম প্যারোলের জন্যে আবেদন করতে পারেন। আপনি যদি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করেন তবেই ঐ অগ্রীম প্যারোলের অনুমতির জন্যে ফাইল করতে পারেন।

প্রয়োজনবোধে একজন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# বুকটা ফাইট্টা যায়......

(প্রথম পাতার পর)

ভূমিকাটা সেরে নেই ।

১৯৭৪ সালে আমি বিএ পরীক্ষা পাশ করি । সে সময় পাসের হার ছিলো ১৪% । অর্থাৎ শতকরা ৮৬% ছাত্র ফেল করে । এরপর থেকে শিক্ষা ব্যবস্থা গতি হারায় । পাশের হার পরবর্তীতে কত পৌছে সে প্রসঙ্গ না হয় নাই টানলাম ।

ঢাকা শহরেই বড় হয়েছি । মা, ভাই-বোন সবাই বর্তমান । ভাইদের মধ্য আমি সবার ছোট । সংসারের কোন দ্বায় দ্বায়িত্ব নেই । তাই ঘরের খেয়ে বনের মোষ তাড়িয়ে বেড়াই । টুকটাক গল্প কবিতাও লিখি বিভিন্ন পত্র পত্রিকায় । বিকাল হলে আড্ডা মারতে যাই বই পাড়া বলে খ্যাত বাংলা বাজারে । মদীনা পাবলিকেশন্সের স্বত্বাধিকারী, বিশিস্ট লেখক মাওলানা মুহিউদ্দীন খান আমার আত্মীয় । তিনি আমাকে খুবই স্নেহ করতেন । তার সম্পাদিত মাসিক মদীনা তখন খুব জনপ্রিয় । ওখানেও কিছু লেখালেখি করি । তার পত্রিকায় দুটি বিভাগ ছিলো খুব জনপ্রিয় । একটি সমকালীন প্রশ্নের জবাব এবং অপরটি মুসলিম জাহান । মাওলানা মুহিউদ্দীন খানের সাথে বিভিন্ন মুসলিম দেশের খুবই সফল যোগাযোগ ছিলো । অনেক মুসলিম দেশের নেতৃবৃন্দের সাথে তার ছিলো খুব আন্তরিক সম্পর্ক । যেমন তৎকালীন সৌদি বাদশাহ ফয়সলের সাথে ছিলো তার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক । মুতামারে আলমে আল ইসলামি নামক সউদি ভিত্তিক একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট ছিলেন সৌদি বাদশাহ ফয়সল । মাওলানা মুহিউদ্দীন খান ছিলেন সেই প্রতিষ্ঠানের সেক্রেটারী  জেনারেল । শ্রীলংকার একজন প্রভাবশালী মন্ত্রী ছিলেন তার ঘনিষ্ঠ বন্ধু । এমনিভাব সারা বিশ্বের বিভিন্ন ইসলামী সংগঠনের সাথেও ছিলো তার গভীর সম্পর্ক । সে সব প্রতিষ্ঠানের নান ম্যাগ্যাজিন আসতো তার কাছে । এগুলো তিনি আমাকে দিতেন যেন ওখান  থেকে গুরুত্বপূর্ণ নিউজগুলো নিয়ে মুসলিম জাহান পাতাটি সমৃদ্ধ করি ।

প্রায় সময় মাগরিব নামাজ পড়তাম শ্রীশ দাশ লেনের বিখ্যাত বিউটি বোর্ডিং সংলগ্ন মসজিদে । নামাজের পর রাস্তা সংলগ্ন ঘাসে বসে আড্ডা দিতাম । এসময় আড্ডায় নিয়মিত শরীক হতেন লেখক সাংবাদিক এবং তৎকালীন কায়েদে আযম কলেজের বাংলা বিভাগের প্রধান (বর্তমান সোহরাওয়ার্দি কলেজ) জনাব আখতার ফারুখ । তিনি তখন দৈনিক সংগ্রামেরও সম্পাদক । তিনি একজন ভালো অনুবাদকও ছিলেন । সে সময় তার অনূদিত "আল-ফারুখ" বইটি বেরিয়েছে । খলিফা ওমর (রাঃ) জীবনের বিভিন্ন দিক নিয়ে উর্দূতে লিখা বইটির তার সাবলিল অনুবাদ আমাকে খুবই আকৃষ্ট করে । আমি এক নাগারে বইটি পড়ে শেষ করে পরে একদিন এক সান্ধ্য আড্ডায় বইটি নিয়ে তার সাথে একটা দীর্ঘ আলোচনায় মিলিত হই । আখতার ফারুখ তার বই নিয়ে আমার আলোচনায় এতই প্রীত হন যে তিনি আমাকে দৈনিক সংগ্রামে কাজ করার আমন্ত্রণ জানান । সংগ্রাম পত্রিকার অফিস তখন বংশাল রোডে । একজন সাব অডিটর হিসাবে আমি সংগ্রামে যোগদান করি ।

তখন টেলিপ্রিন্টারের যুগ । নিউজগুলো সব ইংরেজীতে আসতো । শিফট ইনচার্য তা ভাগ করে দিতেন সাব এডিটরদের তা অনুবাদ করার জন্য । নিজের অনুবাদ করা অখ্যাত নিউজগুলোও পরদিন পত্রিকায় ছাপার অক্ষরে দেখে শিহরিত হতাম ।

কিছুদিন কাজ করার পর মনে হলো বাংলা ভাষাটা আরো একটু ভালো করে আয়ত্ব করতে পারলে এই পেশায় আরো ভালো করতে পারতাম । একদিন হঠাৎ কাউকে কিছু না বলে চাকুরিটা ছেড়ে দিয়ে বাংলা সাহিত্যে অনার্স নিয়ে ভর্তি হয়ে গেলাম । অনেকে ব্যঙ্গ করলো । সমালোচনাও করলেন অনেক বন্ধু । বিএ পাস করে যেখানে এম এ ভর্তি হবার কথা । সেখানে ডিমোশান নিয়ে অনার্স ভর্তি হওয়ার জন্য ।

যাকগে তিনবছর পর অনার্স শেষ করলাম । আবার মাথায় ভুত চাপলো । ভাবলাম সাংবাদিকতা যখন করবো তখন সাংবাদিকতায়ই বা মাস্টার্সটা শেষ করি না কেন । বাংলায় মাস্টার্স পরে একসময় করে নেবো ক্ষণ ।

ভর্তি পরীক্ষায় পাশ করার পরও সাংবাদিকতায় মাস্টার্সে ভর্তি হতে বাধা হয়ে দাঁড়ালেন তৎকালীন বিভাগীয় চেয়ারম্যান শামসুল মজিদ হারুন । তিনি বল্লেন- এমন পিকিউলিয়ার সার্টিফিকেট আমি আগে দেখেনি । পাশ কোর্সে বিএ, বাংলায় অনার্স । এখন আবার এসেছো সাংবাদিকতায় মাস্টার্স করতে । এক বছর তো বাকী । বাংলায় মাস্টার্সটা করে নিয়ে তারপর একটা চাকুরিতে ঢুকে পড় । এই বিভাগে একটা সিট অনেক মূল্যবান । নতুন একজনকে পড়তে সুযোগ দাও ।

আমি আমার কাহিনীটা তাকে খুলে বল্লাম । জানালাম আমার খুব আশা সাংবাদিকতা করার । তাই এ লাইনে আরো দক্ষ হবার জন্য আমাকে সাংবাদিকতায় দু' বছরের এই মাস্টার্স কোর্সটা করার সুযোগ দিলে খুবই উপকৃত হবো । আমার অনুনয় বিনয়ে তাঁর মন গল্লো । ভর্তি হবার সুযোগ দিলেন ।

আমাদের সময়ে সাংবাদিকতা বিভাগে বেশীরভাগ শিক্ষক ছিলেন পার্ট টাইম । বিভিন্ন পত্রিকার সিনিয়র সব সাংবাদিক । যেমন ডেইলি অবজার্ভারের এডিটর ড. মুনিম, ডেইলি নিউ নেশানের হাসান সাঈদ, দৈনিক বাংলা থেকে খোন্দকার আলী আশরাফ, বিটিভি থেকে একজন সহ এমনি আরো অনেকে ।

আমাদের রিপোর্টিং ক্লাস নিতেন আতাউস সামাদ এবং সাপ্তাহিক বিচিত্রা'র কাজী জাওয়াদ । কাজী জাওয়াদ ক্লাসে রিপোর্টিং এর থিউরিটিক্যাল দিকটা পড়ালেও আতাউস সামাদ স্যার রিপোর্টিং এর জন্য নিয়ে যেতেন ফিল্ডে । যেমন বিরোধীদলের ডাকা রেডিও টেলিভিশন ঘেরাও । স্যার আমাদের নিয়ে যেতেন রেডিও বা টিভি অফিসের সামনে । সমস্ত সময় সেখানে অবস্থান করে প্রত্যেকে নিজ নিজ মত রিপোর্ট করে স্যারের কাছে জমা দিতে হতো । রাস্তার পাশে বসেই স্যার খাতা দেখতেন । কার রিপোর্টে কি ত্রুটি আছে তা তুলে ধরতেন । যার রিপোর্টে ভালো হতো তার রিপোর্টটা কাটছাঁট করে তিনি কন্ঠ দিয়ে বিবিসিতে পাঠাতেন । উল্লেখ্য, আতাউস সামাদ স্যার সে সময় বিবিসি'র রিপোর্টার ছিলেন । এটা একটা ছোট্ট উদাহরণ মাত্র । বলতে চাচ্ছি একজন রিপোর্টার হবার জন্য আমাদেরকে এভাবেই সৈনিকদের মত মাঠে-ময়দানে অনুশীলন করতে হতো ।

দৈনিক বাংলার সাংবাদিক খোন্দকার আলী আশরাফ আমাদের ফিচার পড়াতেন (সে সময় তিনি দৈনিক বাংলায় একটি জনপ্রিয় রম্য কলাম-"দুর্জন উবাচ" লিখতেন) । তিনি কখনো থিউরিটিক্যাল পড়ানোয় বিশ্বাস করতেন না । সব সময় বাইরে পাঠাতেন বিষয় নির্ধারণ করে দিয়ে । যেমন বল্লেন, যাও আজ তোমার বিষয়- ফুটপাতে চশমা বিক্রেতা । ইত্যাদি, ইত্যাদি । বায়তুল মোকাররম, পল্টন, নিউমার্কেট ইত্যাদি ঘুরে সপ্তাহখানিক সময় ব্যয় করে একটা রিপোর্ট তৈরি করে স্যারের কাছে জমা দিতে হতো ।

এতক্ষণ এত বড় ভূমিকা টানলাম বা ধান ভারতে শিবের গাত গাইলাম অন্য একটি কারনে । গত কয়েকদিন আগে ফেসবুকে একটি বিজ্ঞাপন দেখলাম লোক নিয়োগের । বিজ্ঞাপনের ভাষাটা ছিল এমনঃ

"টেলিভিশনে কাজ করার জন্য প্রেজেন্টার ও রিপোর্টার প্রয়োজন । অভিজ্ঞতা লাগবে না ।যোগাযোগ করুন ।"

আমার জানামতে টেলিভিশনের একজন নিউজ প্রেজেন্টার হতে হলে একটা নিদৃষ্ট শিক্ষাগত যোগ্যতা ছাড়াও থাকতে হয় সুন্দর বাচনভঙ্গি, স্পস্ট ও আকর্ষনীয় উচ্চারণ, অনাকাঙ্খিত পরিস্থিতি সামাল দেবার ক্ষমতা ইত্যাদি ।

অপরদিকে একজন রিপোর্টার হতে হলে অবশ্যই বেসিক জার্নালিজমটা জানতে হয় । একটি সম্ভাবনাময় ও চ্যালেঞ্জিং পেশা হিসেবে সাংবাদিকতা আজ দেশে-বিদেশে অনেক উঁচু মাপের পেশা । পৃথিবীতে যতগুলো পেশা আছে সাংবাদিকতা তার মধ্যে প্রথম সারিতে অবস্থান করছে । সাংবাদিকতায় অধ্যয়ন ও প্রশিক্ষণের মাধ্যমে এ পেশায় প্রবেশ করতে পারলে একটি সম্ভাবনাময় ও উজ্জ্বল ক্যারিয়ার গড়া সম্ভব । তবে সাংবাদিকতা করার জন্য সাংবাদিকতা পড়া ম্যান্ডেটরী নয় । তারপরও একটা বেসিক যোগ্যতা এবং এসম্পর্কীয় মিনিমাম অভিজ্ঞতা বাঞ্ছনীয় ।

ভাবছিলাম- একজন সফল রিপোর্টার হবার জন্য কত কাঠখড় পুড়ালাম । সাংবাদিকতা নিয়ে পড়াশোনা করলাম । কাজও করলাম বহু বছর । তারপরও নিজকে একজন সফল সাংবাদিক বা রিপোর্টার বলতে ভয় হয় । আর এখন টেলিভিশনের মত একটা টেকনিক্যাল কাজের জন্য অভিজ্ঞতাহীন প্রেজেন্টার, রিপোর্টার চাওয়া হয়, তখন চীৎকার করে বলতে হচ্ছে হয়- ধরণী দ্বিধা হও! অথবা শিল্পী মোমতাজের ভাষায় বলতে হয়- 'ফাইট্টা যায়, বুকটা ফাইট্টা যায়' ।

# বিএনপির ৬ দিনের

(প্রথম পাতার পর)

খালেদা জিয়াসহ শীর্ষ নেতাদের মামলা প্রত্যাহার করে মুক্তি, নির্বাচন বাতিল এবং একদফার আন্দোলন বেগবান করার লক্ষ্যে এ কর্মসূচি ঘোষণা দিয়েছে দলটি । রোববার (১১ ফেব্রুয়ারী) বিকালে রাজধানীর নয়াপল্টন বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী । রুহুল কবির রিজভী বলেন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ দলের শীর্ষ নেতাদের মামলা প্রত্যাহার করে মুক্তি, ডামি নির্বাচন বাতিল এবং একদফার আন্দোলন বেগবান করার লক্ষ্যে আগামী মঙ্গলবার ও বুধবার ঢাকাসহ দেশের সব মহানগরে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হবে । তিনি আরও বলেন, আগামী শুক্রবার সারা দেশে বাংলাদেশ এবং ভারত ও মিয়ানমার সীমান্তসংলগ্ন বাংলাদেশের অভ্যন্তরে শহীদ বাংলাদেশীদের স্মরণে বাদ জুমা দেশের সব মসজিদে দোয়া ও মাগফিরাত পালন করা হবে । এছাড়া আগামী শনিবার সব জেলা শহরে গণসংযোগ ও লিফলেট বিতরণ, রবি ও সোমবার দেশের সব উপজেলা, থানা, পৌরসভায় এবং ইউনিয়ন পর্যায়ে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হবে । সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক আবদুল খালেক, কাজী সাইয়েদুল আলম বাবুল, নির্বাহী কমিটির সদস্য তারিকুল ইসলাম তেনজিং প্রমুখ ।







# বিশেষ নির্বাচনের বিজ্ঞপ্তি
## মঙ্গলবার,১৩ ফেরুয়ারি, ২০২৪ কুইন্স কাউন্টি

# কংগ্রেস প্রতিনিধি - ৩ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট

**মঙ্গলবার, ১৩ ফেরুয়ারি, ২০২৪ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে**

### কুইন্স কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কুইন্স কাউন্টির বিশেষ নির্বাচন মঙ্গলবার, ১৩ ফেরুয়ারি, ২০২৪ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

### প্রার্থীদের তালিকা

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থীদের তালিকা - নিম্নোক্ত অফিসের জন্য মনোনীত পদপ্রার্থী

**সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থীদের তালিকা**
**কংগ্রেস প্রতিনিধি - ৩ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট**

ডেমোক্রেটিক Thomas R. Suozzi
রিপাবলিকান Mazi Melesa Pilip
কনজারভেটিভ Mazi Melesa Pilip

---

আপনি ভোট দেয়ার যোগ্য কি না জানার জন্য,
আপনার ভোটকেন্দ্রের ঠিকানা খুঁজতে কিংবা একটি নমুনা ব্যালট দেখার জন্য, দেখুন:

**findmypollsite.vote.nyc**

অথবা, কল করুন টোল ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই নম্বর: **(212) 487-5496**

---

নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে ঈচ্ছুক হলে, আমাদের ওয়েব সাইট **nyc.electiondayworker.com** দেখুন।

---

**দ্যা বোর্ড অব ইলেকশনস**
**ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক**
Executive Office, 32 Broadway, 7th Floor
New York York, NY 10004

**কমিশনারস অব ইলেকশনস**
Rodney L. Pepe-Souvenir—প্রেসিডেন্ট
Frederic M. Umane—সেক্রেটারি

Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato

Jodi Morales
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan





# নিউইয়র্কে ফেসবুক ভিত্তিক ইউএসএ ৯৭-৯৯ সংগঠনের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

**বিশেষ প্রতিনিধিঃ** ফেসবুক ভিত্তিক ইউএসএ ৯৭-৯৯ সংগঠনটির পঞ্চম প্রতিষ্ঠা বার্ষিকী ৩ ফেব্রুয়ারী শনিবার জ্যামাইকার আশা পার্টি হলে অনুষ্ঠিত হয়। গ্রুপটির অন্যতম এডমিন জামিল সারোয়ারের সঞ্চালনায় অনুষ্ঠানটি শুরু হয় এবং স্বাগত বক্তব্য রাখেন এডমিন তানভীর আতাহারী। তিনি তার বক্তব্যে গ্রুপটি কিভাবে প্রতিষ্ঠা করেছিল তা তুলে ধরেন।

এর পরে আরেক এডমিন সাম শাহরিয়ার তার বক্তব্যে আলোকপাত করেন গ্রুপটির বিভিন্ন কর্মকান্ড। জানান, তারা নতুন বন্ধুদের চাকরির সহযোগিতা, বিভিন্ন ধরনের গ্রুপ ভিত্তিক অনুষ্ঠান করে থাকেন, এছাড়াও বাংলাদেশে এবং প্রবাসে যখন বন্ধুরা অসুস্থ হয়ে পড়ে এবং তাদের আর্থিক সাহায্য সহযোগিতা দরকার হয়, তখন সহযোগিতার হাত বাড়িয়ে দেন। তাছাড়া শীত বস্ত্র বিতরণ করা হয় বাংলাদেশে। অনুষ্ঠানে গ্রুপের সদস্যরা ছাড়াও তাদের পরিবার পরিজন এবং অন্যান্য রাজ্য থেকেও আগম বন্ধুরা অংশ নেন। এতে প্রায় শত লোকের সমাবেশ ঘটে।

অনুষ্ঠানে জামিল সরোয়ার বলেন, তারা গ্রুপের শুরু থেকেই যেভাবে নতুন বন্ধুদের চাকরি সহ যাবতীয় সুযোগ-সুবিধা সাহায্য করে করে আসছেন, এভাবেই তারা তা অব্যাহত রাখবেন আগামী দিনগুলোতে এবং সবার সাথে সৌহার্দ পূর্ণ সম্পর্ক বজায় থাকবে এই আশা করেন। বর্তমানে চার শতাধিক সদস্য রয়েছে।

অনুষ্ঠানে ইউএসএ ৯৭ এর পক্ষ থেকে কমিউনিটিতে অবদান রাখার জন্য আশা হোম কেয়ার এবং সোশ্যাল ডে কেয়ারের সিইও আকাশ রহমানকে অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানটি সন্ধ্যা ছয়টায় থেকে শুরু হয়ে মধ্যরাত একটা পর্যন্ত চলে।



অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী দম্পতি প্রমি তাজ এবং রায়ান তাজ সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে ছিল রাফেল ড্র। এতে নিউইয়র্ক-মায়ামী-নিউইয়র্কের প্লেন টিকিট সহ আরো আটটি আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য গ্রুপ সদস্যদের মধ্যে মারুফ রানা, রাবু কেয়া রাবেয়া হক, রাজভে খলিফা সাবরিনা শুমি, প্রীতি আক্তার, সোনিয়া হক, তানভীর হাসান, উমর জুন্নাহ, শোভন, আনোয়ার হোসেন, জোবায়ের জাহিদ, ইফতেখার আলম, রোমেনা আশরাফ, তেহেজিব গীতাঞ্জলি, ইকবাল হক, ইমাম হাসান তুষার, বিল্লাল তাহির, রমজান উদ্দীন, মোহাম্মদ মঈনুল, আফতাব জনি, মেরিনা আহমেদ, ফাল্গুনী বড়ুয়া, নাহিদা আক্তার মুক্তা, সোহাগ খন্দকার, সাহারুখ ফারহান রিক, মোহাম্মদ শামসুদ্দিন, খন্দকার সুমন, আকম ইলিয়াস, সরদার হাসান, ফেরদৌসী নীলু, শুভ রায়, হায়দার সুবুজ, তানিয়া মাসুম খান, সাইফুল হক, সুমন মোদক প্রমুখ উপস্থিত ছিলেন।

# মরণঘাতি ফাংগাল

(প্রথম পাতার পর)

নামের এই বিশেষ ছত্রাকটি সংক্রমনে ৬০ শতাংশ মৃত্যুর শঙ্কা রয়েছে এমনটা বলছেন স্বাস্থ বিশেজ্ঞরা। সেন্টার ফর ডিজিস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) এরই মধ্য এ ব্যাপারে সতর্কতা জারি করেছে। সংস্থাটি বলেছে, মারাত্মক ধরনের এই ফাঙ্গাসে আক্রান্ত হলে প্রতি তিন জনের এক জনেরও বেশি মৃত্যুবরণ করছেন।

গত ১০ জানুয়ারী এই ফাঙ্গাসে আক্রান্ত হওয়ার প্রথম ঘটনার পর থেকে এমন পরিসংখ্যানই দেখা যাচ্ছে। ওয়াশিংটন স্টেটে প্রথম এই ফাঙ্গাসের সংক্রমণ শনাক্ত করা হয়। এরপর সিয়াটল ও কিং কাউন্টিতে গত সপ্তাহে আরও তিন জন আক্রান্ত হয়েছে বলা জানা গেছে।

সিয়াটলের কিনডারড হসপিটাল নিশ্চিত করেছে, তাদের এখানে ভর্তি হওয়া একাধিক রোগীর শরীরে এই ফাঙ্গাস আক্রান্তের উপসর্গ দেখা গেছে এবং তাদের আইসোলোটেড করা হয়েছে। হাসপাতালে যাতে তা না ছড়াতে পারে সে লক্ষ্যে নেওয়া হচ্ছে বাড়তি সতর্কতা। যাদের দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা রয়েছে তাদের এই ফাঙ্গাস বেশি কাবু করছে এবং এটি সাধারণ কিছু ফাঙ্গাল-বিরোধী ওষুধে প্রতিরোধ করা সম্ভব হচ্ছে না। ১৫ বছর আগেও এই ফাঙ্গালটির উপস্থিতিছিলেন। এরপর ২০২১ সালে যুক্তরাষ্ট্রে ২৩৭৭ জন এই ফাঙ্গালে আক্রান্ত হওয়ার বিষয়টি নিশ্চিত করা যা। যা ২০১৭ সালের পর ১২০০ শতাংশেরও বেশি হারে সংক্রমণ ছাড়ায়। সিডিসি বলছে, ক্যানডিডা অরিস, রক্ত প্রবাহ দিয়ে সারা শরীরে সংক্রমিত হতে পারে। তবে কানে ঘা সৃষ্টি করাই এর অন্য উপসর্গ।




# আল্লাহর দয়া ও ক্ষমাঅপরিসীম

(শেষের পাতার পর)

আল্লাহর উপর ঈমান এনেছে সে ইলাহ ব্যতীত। জিবরীল আ: বললেন, হে মুহাম্মাদ! আপনি যদি আমার সে অবস্থা দেখতেন, যখন আমি সমুদ্রের কাল কাদা নিয়ে তার মুখে ঠেসে দিয়েছিলাম এ আশংকায় যে, তার প্রতিও আল্লাহর রহমত হয়ে যেতে পারে।" (সুনানে তিরমিযি: ৩১০৭, কিতুবুত তাফসীর, বাবু মিন সুরাতে ইউনুস, ইমাম তিরমিযি হাদীসটি হাসান বা সহীহ বলেছেন) ইবনে আব্বাস রা: থেকে বর্ণিত যে, নবী সা: বলেছেন: জিবরীল আ: ফিরউনের মুখে মাটি ঠেসে ধরছিলেন এই আশংকায় যে, সে হয়ত লা ইলাহা ইল্লাল্লাহ বলে ফেলবে আর আল্লাহ তা'আলা তার উপর রহম করে ফেলবেন।"(সুনানে তির-মিযি:৩১০৮, কিতাবুত তাফসীর, বাবু মিন সুরাতে ইউনুস, ইমাম তিরমিযি হাদীসটি হাসান-গরীব-সহীহ বলেছেন)

আল্লাহর রহমান ও রহিম। তাঁর দয়া ও ক্ষমাশীলতা অত্যন্ত প্রবল। এই দয়া ও ক্ষমার পরিমাণ এতবেশী যে, পৃথিবী বিখ্যাত তাগুত, অহংকারী, আল্লাহদ্রোহী ও আল্লাহর দুশমন যে নিজেকে 'সবচেয়ে বড় রব দাবী করেছিল' তার এ বিদ্রোহ ও অবাধ্যতা থেকেও আল্লাহর দয়া ও ক্ষমা অনেক অনেক বেশী। সম্মানিত ফেরেশতা হযরত জিবরীল আমীন আল্লাহর অত্যন্ত প্রিয়ভাজন ও অত্যন্ত কাছের একজন ফেরেশতা। তিনি আল্লাহর দয়া ও ক্ষমার প্রাবল্যতার চিন্তা করেই ফেরাউনের সকল বিদ্রোহ ও অবাধ্যতা সত্ত্বেও আল্লাহর তাকে মাফ করে দিতে পারেন, এ ভয়ে তিনি ফেরাউনের মুখে মাটি ঠেসে দিয়েছিলেন।

আল্লাহর করুণার ধারাবাহিকতা কখনো ছিন্ন হয় না। যার করুণা অত্যন্ত নিরবিচ্ছিন্ন ও চিরন্তন। যিনি দয়া করে নিখিল বিশ্ব জাহান প্রতিপালন করে যাচ্ছেন অত্যন্ত নিরবিচ্ছিন্নভাবে। কেই তাঁর গোলামী করুক বা না করুক। তাতে তাঁর দয়ার ধারাবাহিকতায় কোন প্রভাব বিস্তার করতে পারে না। সৃষ্টির প্রতি আল্লাহর রহমত ও মেহেরবানী এত বেশী ও ব্যাপক এবং এত সীমাসংখ্যাহীন যে, তা বয়ান করার জন্য সবচেয়ে বেশী ও বড় আধিক্যবোধক শব্দ রাহমান ব্যবহার করার পরও মন ভরে না। তাই তার আধিক্য প্রকাশের হক আদায় করার জন্য আবার 'রহীম' শব্দটিও বলা হয়েছে। এর দৃষ্টান্ত এভাবে দেয়া যেতে পারে, যেমন আমরা কোন ব্যক্তির দানশীলতার গুণ বর্ণনা করার জন্য 'দাতা' বলার পরও যখন অতৃপ্তি অনুভব করি তখন এর সাথে 'দানবীর' শব্দটিও লাগিয়ে দেই। রঙের প্রশংসায় 'সাদা' শব্দটি বলার পর আবার 'দুধের মতো সাদা' বলে থাকি।

আল্লাহ বলেন,"আল্লাহই সে মহান সত্তা যিনি ছাড়া আর কোন ইলাহ নেই। অদৃশ্য ও প্রকাশ্য সবকিছুই তিনি জানেন। তিনিই রহমান ও রহীম।"(সুরা হাশর: ২২) অর্থাৎ একমাত্র তিনিই এমন এক সত্তা যার রহমত অসীম ও অফুরন্ত সমগ্র বিশ্ব চরাচরব্যাপী পরিব্যপ্ত এবং বিশ্ব-জাহানের প্রতিটি জিনিসই তার বদান্যতা ও অনুগ্রহই লাভ করে থাকে। গোটা বিশ্ব-জাহানে আর একজনও এই সর্বাত্মক ও অফুরন্ত রহমতের অধিকারী নেই। আর যেসব সত্তার মধ্যে দয়মায়ার এই গুণটি দেখা যায় তা আংশিক ও সীমিত। তাও আবার তার নিজস্ব গুণ বা বৈশিষ্ট নয়। বরং স্রষ্টা কোন উদ্দেশ্য ও প্রয়োজন সামনে রেখে তা তাকে দান করেছেন তিনি কোন সৃষ্টির মধ্যে দয়ামায়ার আবেগ অনুভূতি সৃষ্টি করে থাকলে তা এ জন্য করেছেন যে, তিনি একটি সৃষ্টিকে দিয়ে আরেকটি সৃষ্টির প্রতিপালন ও সুখ-স্বাচ্ছন্দের ব্যবস্থা করতে চান। এটাও তারই রহমতের প্রমাণ।

যারা আল্লাহর বাণীকে মিথ্যা বানোয়াট বলে আখ্যায়িত করতে কুণ্ঠিত নয়, আল্লাহ রহিম এই গুণের কারণেই তারা পৃথিবীতে বুক ফুলিয়ে চলতে পারছে। কোন নির্দয়, কঠোর ও স্বৈরাচারী খোদা যদি এই বিশ্ব জাহানের মালিক হতেন তাহলে এরূপ ধৃষ্টতা প্রদর্শনকারীদের একটি শ্বাস গ্রহণের পর আরেকটি শ্বাস গ্রহণের ভাগ্য হতো না। এ সমস্ত জালেমরা যদি এখনো হঠকারিতা থেকে বিরত হয় তাহলে আল্লাহর রহমতের দ্বার তাদের জন্য খোলা আছে। অদ্যাবধি তারা যা কিছু করেছে তা মাফ হতে পারে। মুসলমানদের মনে এ অনুভূতি সৃষ্টি করাই এর উদ্দেশ্য যে, কাফের ও মুনাফিকদের মনের সমস্ত জ্বালা ও আক্রোশের কারণ হচ্ছে আল্লাহর রহমত, যা তাঁর রসূলের বদৌলতে তোমাদের ওপর বর্ষিত হয়েছে। এরি মাধ্যমে তোমরা ঈমানী সম্পদ লাভ করেছো, কুফরী ও জাহেলিয়াতের অন্ধকার ভেদ করে ইসলামের আলোকে চলে এসেছো এবং তোমাদের মধ্যে এমন উন্নত নৈতিক বৃত্তি ও গুণাবলীর সৃষ্টি হয়েছে যেগুলোর কারণে অন্যদের থেকে তোমাদের সুস্পষ্ট শ্রেষ্টত্ব প্রতিভাত হচ্ছে। হিংসুটেরা রসূলের ওপর এরি ঝাল ঝাড়ছে। এ অবস্থায় এমন কোন নীতির অবলম্বন করো না যার ফলে তোমরা আল্লাহর রহমত থেকে বঞ্চিত হয়ে যাও।

আমাদের সামান্য ভুল হলেই অমনি তিনি আমাদের ওপর চড়াও হন, তা নয়। আসলে নিজের সকল সৃষ্টির প্রতি তিনি বড়ই মেহেরবান। নিজের সার্বভৌম কর্তৃত্ব পরিচালনার ব্যাপারে তিনি চরম দয়া, করুণা, অনুগ্রহ ও অনুকম্পার পরিচয় দিয়ে চলছেন। তাই তিনি একের পর এক তোমাদের ভুল-ক্রুটি ক্ষমা করে যেতে থাকেন। তোমরা নাফরমানী করতে যেতো থাকো, অপরাধ করতে থাকো, তাঁর দেয়া জীবিকায় প্রতিপালিত হয়ে তাঁরই বিধান অমান্য করতে থাকো। কিন্তু তিনি ধৈর্য, সহিষ্ণুতা ও ক্ষমার আশ্রয় নেন এবং তোমাদের উপলব্ধি করার ও সংশোধিত হবার জন্য ছাড় ও অবকাশ দিয়ে যেতে থাকেন। অন্যথায় তিনি যদি কঠোরভাবে পাকড়াও করতেন, তাহলে তোমাদের এ দুনিয়া থেকে বিদায় দিয়ে তোমাদের জায়গায় অন্য একটি জাতির উত্থান ঘটানো অথবা সমগ্র মানব জাতিকে ধ্বংস করে দিয়ে আর একটি নতুন প্রজাতির জন্ম দেয়া তাঁর পক্ষে মোটেই কঠিন ছিল না। কিন্তু করুণাময় মহান আল্লাহ তা করেননি।

আল্লাহ তা'আলা বলেন, "(হে নবী) বলে দাও, হে আমার বান্দারা! যারা নিজের আত্মার ওপর জুলুম করেছো আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না। নিশ্চিতভাবেই আল্লাহ সমস্ত গোনাহ মাফ করে দেন। তিনি ক্ষমাশীল ও দয়ালু।" (জুমার:৫৩) এখানে সমস্ত মানুষকে সম্বোধন করা হয়েছে। এ আয়াতটি প্রকৃতপক্ষে সেসব লোকের জন্য আশার বাণী বয়ে আনে যারা জাহেলী যুগে হত্যা, ব্যাভিচার, চুরি, ডাকাতি এবং এ ধরণের বড় বড় গোনাহর কাজে লিপ্ত ছিল আর এসব অপরাধ যে কখনো মাফ হতে পারে সে ব্যাপারে নিরাশ ছিল। তাদের বলা হয়েছে, আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না। তোমরা যা কিছুই করেছো এখনো যদি তোমাদের রবের আনুগত্যের দিকে ফিরে আস তাহলে সবকিছু মাফ হয়ে যাবে। ইবনে আব্বাস রা:, কাতাদা, মুজাহিদ ও ইবনে যায়েদ এই ব্যাখাই দিয়েছেন। (বুখারী, মুসলিম, আবু দাউদ, তিরমিযি)

**তিনি আল গাফ্ফার ও আল গাফুর অর্থাৎ** অতিশয় ক্ষমাশীল, ক্ষমাকারী ও মহাক্ষমাশীল। শব্দ দুটির মূল একই। গাফ্ফার শব্দটি আরবী ভাষায় আধিক্যবোধক শব্দ। আল্লাহ বলেন, "অতপর আমি (নুহ আঃ) তাদেরকে উচ্চকণ্ঠে আহবান জানিয়েছি। তারপর প্রকাশ্যে তাদের কাছে তাবলীগ করেছি এবং গোপনে চুপে চুপে বুঝিয়েছি। আমি বলেছি তোমরা নিজেদের প্রতিপালকের কাছে ক্ষমা চাও। নিসন্দেহে তিনি গাফ্ফার বা অতিশয় ক্ষমাশীল।" (সুরা নুহঃ ৯-১০) আল্লাহ তা'আলা বলেন, "যারা নিজেদের ওপর জুলুম করছিল। ফেরেশতারা তাদের জান কবজ করার সময় জিজ্ঞেস করলোঃ তোমরা কি অবস্থায় ছিলে? তারা জবাব দিল, আমরা পৃথিবীতে ছিলাম দূর্বল ও অক্ষম। ফেরেশতারা বললোঃ আল্লাহর যমীন কি প্রশস্ত ছিল না? তোমরা কি হিজরত করে অন্যস্থানে যেতে পারতে না? জাহান্নাম এ সকল লোকদের জন্য স্থিরীকৃত হয়েছে এবং আবাস হিসাবে এটি বড়ই খারাপ জায়গা। তবে যে সব পুরুষ, নারী ও শিশু যথার্থই অসহায় এবং তারা বের হবার কোন পথ-উপায় খুঁজে পায় না, আল্লাহ তাদের মাফ করে দিবেন এবং আল্লাহ গাফুর বা বড়ই ক্ষমাশীল ও করণাময়।" (সুরা নিসাঃ ৯৭-৯৯) আল্লাহ অতিশয় ক্ষমাশীল ও মহা ক্ষমাকারী। বান্দাহ বার বার ভুল করে আল্লাহর দিকে ফিরে এসে ক্ষমা প্রার্থনা করলে, আল্লাহ তা'আলা মাফ করে দেন। কারণ আল্লাহ তা'আলা বড়ই ক্ষমাশীল ও করুণাময়।

আল্লাহ তা'আলা এমনই করুণাময় গাফ্ফার যে, চরম অপরাধের পর ফিরে এলে তিনি কাউকে ফিরিয়ে দেন না। আল্লাহ তা'আলা বলেন, "হা-মীম। এ কিতাব আল্লাহর পক্ষ থেকে নাযিলকৃত যিনি মহাপরাক্রমশালী, সবকিছু সম্পর্কে অতিশয় জ্ঞাত, গোনাহ মাফ-কারী, তওবা কবুলকারী, কঠোর শাস্তিদাতা এবং অত্যন্ত দয়ালু। তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। সবাইকে তার দিকে ফিরে যেতে হবে।"(সুরা মু'মিন:১-২) এখানে লক্ষণীয় যে, ক্রমানুসারে আল্লাহর কতগুলো গুণাবলী উল্লেখ করা হয়েছে। প্রথম দূটি গুণের পর 'আল্লাহ গোনাহ মাফকারী ও তওবা কবুলকারী' গুনটি বর্ণনা করার উদ্দেশ্য হচ্ছে যারা এখনো পর্যন্ত বিদ্রোহ করে চলেছে তারা যেন নিরাশ না হয় বরং একথা ভেবে নিজেদের আচরণ পুনর্বিবেচনা করে যে, এখনো যদি তারা এ আচরণ থেকে বিরত হয় তাহলে আল্লাহর রহমত লাভ করতে পারেন।

আল্লাহ অতিশয় ক্ষমাশীল ও মহা ক্ষমাকারী। বান্দাহ বার বার ভুল করে আল্লাহর দিকে ফিরে এসে ক্ষমা প্রার্থনা করলে, আল্ল-াহ তা'আলা মাফ করে দেন। কারণ আল্লাহ তা'আলা বড়ই ক্ষমাশীল ও করুণাময়।য়্দি তারা আল্লাহর রাসুলের কর্মনীতিকে ভালবেসে তা গ্রহণ করে তবে তাদের সকল গুণাহ মাফ করে দিবেন। কারণ আল্লাহ তা'আলা বড়ই ক্ষমাশীল ও করুণাময়। যতদিন মানুষ মানুষ হিসেবে দুনিয়ার বুকে বেঁচে আছে ততদিন তার আমলনামা শুধুমাত্র উৎকৃষ্ট মানের কার্যকলাপে ভর্তি থাকবে এবং দোষ-ক্রুটি ও ভুল-ভ্রান্তি থেকে পুরোপুরি মুক্ত থাকবে এমনটি হতে পারে না। কিন্তু মহান আল্লাহর বড় রহমত হচ্ছে এই যে, যতদিন মানুষ বন্দেগীর অনিবার্য শর্তসমূহ পূর্ণ করে ততদিন আল্লাহ গাফুরুর রাহিম তার ভুলক্রটি উপেক্ষা করতে থাকেন এবং তার কার্যাবলী যে ধরণের প্রতিদান লাভের যোগ্যতা সম্পন্ন হয় নিজ অনুগ্রহে তার চেয়ে কিছু বেশী প্রতিদান তাকে দান করেন নয়তো যদি প্রত্যেকটি ভুলের শাস্তি ও প্রত্যেকটি ভাল কাজের পুরস্কার আলাদাভাবে দেবার নিয়ম করা হতো তাহলে অতি বড় কোন সৎলোকও শাস্তির হাত থেকে রেহাই পেতো না।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্দ্ব * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্বতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

MLS
Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

# Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy


# ভ্যাকেশনে আ.লীগ, চুপচাপ বিএনপি

(শেষের পাতার পর)

পর)৭ জানুয়ারী অনুষ্ঠিত সংসদ নির্বাচনে অংশ নেয়ার জন্য আওয়ামী লগের অনেকে নেতা-কর্মী দেশে গমন করেন এবং তারা নিজ নিজ এলাকার নির্বাচনী প্রচারণায় সক্রিয়ভাবে অংশ নেন। তাদের মধ্যে অনেকেই এখনো দেশে অবস্থান করেন আবার অনেকেই প্রবাসে ফিরে এসেছেন। অপরদিকে কেন্দ্রীয় বিএনপি নির্বাচন বর্জন করায় প্রবাসের দলীয় নেতা-কর্মীদের মাঝে আগ্রহ না থাকলেও নির্বাচন বিরোধী সভা-সমাবেশে সক্রিয় ভূমিকা ছিলো। তবে নির্বাচন পরবর্তী সময়ে প্রবাসে যুক্তরাষ্ট্র বিএনপির কোন কর্মসূচী পরিলক্ষিত হচ্ছে না। প্রবাসের চলমান দেশীয় রাজনৈতিক পরিস্থিতিকে সচেতন রাজনৈতিক নেতা-কর্মীরা ‘রাজনৈতিক ভ্যাকেশন টাইম’ বলে অভিহিত করেছেন।

জানা যায়, জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ সহ উল্লেখযোগ্য প্রবাসী আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনগুলোর নেতা-কর্মীদের আইরীন পারভীন, জি আই রাসেল, ফরিদ আলম, হিন্দাল কাদির বাপ্পা, সাখাওয়াত বিশ্বাস প্রমুখ দেশে গমন করেন। এদের মধ্যে আব্দুস সামাদ আজাদ সহ অনেকেই ফিরে এসেছেন। আবার কেউ কেউ দেশেই অবস্থান করছেন। নির্বাচনে আওয়ামী লীগ বিজয়ী হওয়ার পর দলীয় নেতা-কর্মীরা আনন্দ সমাবেশ করলেও তাদের আর কোন কর্মসূচী পরিলক্ষিত হচ্ছে না।

এব্যাপারে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুস সামাদ আজাদ বলেন, নানা ষড়যন্ত্র আর বিএনপির বর্জনের পরও দেশের জনগণ নির্বাচনে অংশ নিয়ে আওয়ামী লীগকে সমর্থন করেছে। প্রধানমন্ত্রী ও দলীয় সভাপতি শেখ হাসিনা টানা চারবারের জন্য সরকার গঠন করেছেন এবং প্রধানমন্ত্রী হয়েছেন। নির্বাচন শেষ বলেই এখন আপাতত: কোন কর্মসূচী না থাকায় দলীয় নেতা-কর্মীরা দেশের মতো প্রবাসেও ‘রিল্যাক্স মুড’-এ রয়েছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অপরদিকে কমিটিহীন যুক্তরাষ্ট্র বিএনপিরও নির্বাচন পরবর্তী কোন কর্মসূচী পরিলক্ষিত হচ্ছে না। কেন্দ্রীয় বিএনপি একটু-আধটু সরকার বিরোধী কর্মসূচী গ্রহণ করলেও যুক্তরাষ্ট্র বিএন-পি’র নির্বাচন পরবর্তী কোন কর্মসূচী নেই। তবে কমিটি না থায় দৃশ্যত: দলের মধ্যকার বিভেদ-বিভক্তি নিরবে-নিভৃতে বিরাজমান থাকায় দলীয় নেতা-কর্মীরা ঐক্যবদ্ধ হতে পারছেন না। সচেতন দলীয় নেতা-কর্মীরা বলছেন, নেতৃত্বের কোন্দলের কারণেই যুক্তরাষ্ট্র বিএনপি মূলত: নিষ্ক্রিয় রাজনৈতিক সংগঠনে পরিণত হয়েছে।

এব্যাপারে কেন্দ্রীয় বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু বলেন, নির্বাচন পরবর্তী সময়ে স্থানীয় ভাবে সভা-সমাবেশ হলেও কেন্দ্রীয়ভাবে কোন কর্মসূচী নেই। তবে আমরা সক্রিয় ও ঐক্যবদ্ধ রয়েছি। সকলের সহযোগিতায় অচিরেই ডামি নির্বাচনের সরকার বিরোধী আন্দোলন জোরদার হবে।

কেন্দ্রীয় বিএনপি’র আপর জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি’র সাবেক যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান ভূইয়া মিলটন বলেন, আমরা চুপচাপ নেই, দেশের রাজনীতি ‘অবজার্ভ’ করছি আর কেন্দ্রর নির্দেশের অপেক্ষায় রয়েছি। আওয়ামী লীগের এক দলীয় নির্বাচন পরবর্তী সময়ে সরকারের পদক্ষেপ আর কৌশল আমরা পর্যবেক্ষণ করছি। আশা করছি অচিরেই সরকার বিরোধী আন্দোলন জোরদার হবে।


AUTHORIZED IRS e-file PROVIDER

# Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing

সঠিক, দ্রুত, সুনিপুন এবং আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী

tax refund

কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

OPEN 7 DAYS

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



6 Hours DDC Class
Good For TLC

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)



AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

# Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে (জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ন সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেভিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



# শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com






*নিউইয়র্ক: রাজধানী আলবেনী পার্লামেন্ট ভবনে ঈদের দিন ছুটি ঘোষণার লবিং-এ অংশগ্রহণকারীদের একাংশ: ছবি-সংগৃহীত*

# নিউইয়র্কে দুই ঈদের ছুটি ঘোষণার বিলে


(শেষের পাতার পর)

মতো দুই ঈদের (পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আজহা) দিনকে নিউইয়র্ক রাজ্যে সাধারণ ছুটি ঘোষণার দাবী উঠেছে। চলমান এই আন্দোলনের সমর্থনে রাজ্য সিনেট ও অ্যাসেম্বলী হাউজের ৩৮ জন সদস্য প্রস্তাবিত বিলে স্বাক্ষর করেছেন। এদিকে গত ৫ ফেব্রুয়ারী সোমবার রাজধানী আলবেনীর পার্লামেন্ট ভবনে আয়োজিত 'ঈদ ফর নিউইয়র্ক' স্লোগানে সমাবেশে হয়েছে। এতে স্টেট সিনেট ও অ্যাসেম্বলীর সদস্যরা অংশ নেন এবং মুসলিম কমিউনিটির এই দাবীর প্রতি সমর্থন জানায়। খবর ইউএনএ'র।

সংশ্লিস্টরা জানান, গত ২ ফেব্রুয়ারী উত্থাপিত ঈদ বিলের কো-স্পন্সর হিসেবে ১২জন রাজ্য সিনেটর (বিল নং এস৬১৭৯) এবং ২৬জন অ্যাসেম্বলী সদস্য (বিল নং এ৩০৬৮) ইতিমধ্যেই স্বাক্ষর করেছেন। দুই ঈদের ছুটির দাবীতে সোচ্চার সংগঠনগুলোর অন্যতম 'সাউথ এশিয়ান ফান্ড ফর এডুকেশন, স্কলারশিপ অ্যান্ড ট্রেনিং' তথা 'স্যাফেস্ট'র প্রতিষ্ঠাতা ও সিইও মাজেদা এ উদ্দিন জানান, আলবেনী পার্লামেন্ট ভবনে অপরাপর নির্বাচিত জনপ্রতিনিধিদের সাথে সোমবার সকাল সাড়ে ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত সংগঠনের কর্মীরা লবিং করেছে। এসময় অনেক সিনেটর ও অ্যাসেম্বলী সদস্য ঈদ বিলের প্রতি সমর্থন জানিয়েছেন। পাশাপাশি 'স্যাফেস্ট' সহ বিভিন্ন মুসলিম সংগঠনের পক্ষ থেকে চলছে জোর লবিং। সমাবেশে মাজেদা এ উদ্দিন ছাড়াও 'স্যাফেস্ট' এর যুব বিষয়ক চেয়ারপার্সন সোহানা ইয়াসমিন সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

প্রস্তাবিত 'ঈদ ফর নিউইয়র্ক' বিলটিতে স্বাক্ষরকারী সিনেটরদের মধ্যে রয়েছেন রোবার্ট জ্যাকসন, লুইসন সেপুলভেদা, মনিকা মার্টিনেজ, এ্যান্ড্রু গাউনারডেস, ডিন ম্যুরে, জেলনোর মাইরি, কেভিন এস পারকার, জুলিয়া সালাজার, টবি অ্যান স্টভিস্কি, কেবিন থমাস, জ্যাক এস মার্টিন্ম, ব্র্যাড হোইলমেন-সিগ্যাল। ষ্টেট অ্যাসেম্বলীম্যানের মধ্যে রয়েছেন জোহরান মামদানী, নাদের জে সায়েঘ, সারাহানা শ্রেষ্ঠ্য, হারভে স্টাইন, জেফরিয়ন অব্রে, জন জ্যাকারো, ইউডেলকা তাপিয়া, ফিলিপ র‍্যামোস, ক্রিস ব্রডরিক, জেসিকা গঞ্জালেজ-রোজার্স, স্টিভেন রাগা, ডেভিড ওয়েপ্রিন, স্যাম বার্গার, উইলিয়াম কোল্টন, নাইলি রোজিক, এইলিন গুন্থের, জর্জ অ্যালভেরেজ, মিশেল সোলেজেস, স্টিভ স্টেম সহ আরো অনেকে।

উল্লেখ্য, সংশ্লিস্টদের মতে নিউইয়র্ক রাজ্যে ১০ লক্ষাধিক মুসলিম নার-নারীর বসবাস। মুসলিম কমিউনিটির বিভিন্ন দাবী-দাওয়ার মধ্যে বিগত ২০১৫ সালে নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে ঈদের দিনকে ছুটি ঘোষণার বিল পাশ হয়। এদিন স্কুল খোলা থাকলেও মুসলিম শিক্ষার্থীদের জন্য স্কুল গমন বাধ্যতামূলক নয়। সেই আলোকে নিউ-ইয়র্ক রাজ্যে দুই ঈদের দিনকে ছুটি ঘোষণার দাবী অব্যাহত রয়েছে।






### ১৫৪৯টি মনোনয়নপত্র বিক্রি : ৭,৭৪,৫০,০০০ টাকা আয়

# নারী সংরক্ষিত আসন আশা ছাড়েননি মাহি




**বিনোদন ডেস্ক:** সংখ্যাগত হিসাব অনুযায়ী, দ্বাদশ জাতীয় সংসদের ৫০ আসনের মধ্য ৪৮টি নারী সংরক্ষিত আসনে প্রার্থী মনোনীত করার সুযোগ রয়েছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের। আর এ কারণে গত ৮ ফেব্রুয়ারী বৃহস্পতিবার পর্যন্ত সংরক্ষিত নারী আসনের জন্য ১৫৪৯টি মনোনয়নপত্র বিক্রি করেছে দলটি। এ বাবদ দলটির আয় হয়েছে সাত কোটি ৭৪ লাখ ৫০ হাজার টাকা।

এদিকে সংরক্ষিত নারী আসন থেকে এমপি হওয়ার জন্য তারকাদের মনোনয়ন কেনার হিড়িক পড়েছে। বাদ যাননি মাহিয়া মাহিও। মনে হচ্ছে এমপি হওয়ার জন্য তিনি কোনো চেষ্টায় বাদ রাখতে চান না। তিনি রাজশাহীর পক্ষ থেকে মনোনয়ন নিয়েছেন। বৃহস্পতিবার আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে মাহির পক্ষে ফরম সংগ্রহ করেন তার প্রতিনিধি। জানা যায়, মাহিয়া মাহির ফরম নাম্বার ১৬৬২।

মাহি এর আগে একাদশ জাতীয় সংসদের উপনির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন কিনেছিলেন। কিন্তু দলীয় প্রতীক না পাওয়ায় নির্বাচন থেকে সরে দাঁড়ান। পরে দ্বাদশ সংসদ নির্বাচনে রাজশাহী-১ আসন থেকে আবারও আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম কিনেন মাহিয়া মাহি। তবে প্রতীক না পাওয়ায় স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে দাঁড়ান তিনি। কিন্তু আলোর দেখা মেলেনি এই নায়িকার। এর পর আবার সংরক্ষিত আসনের জন্য মনোনয়ন কিনেছেন তিনি।

মাহি ছাড়াও আওয়ামী লীগের মনোনয়নপ্রত্যাশী অভিনেত্রীদের তালিকায় রয়েছেন– অপু বিশ্বাস, নিপুণ আক্তার, সৈয়দা কামরুন নাহার শাহনূর, ঊর্মিলা শ্রাবন্তী কর, সোহানা সাবা, তানভিন সুইটি, মেহের আফরোজ শাওন ও জাকিয়া মুন। সব তারকাই আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ার বিষয়ে আশাবাদী।

# পরিণীতির অশান্তি, স্ত্রীকে তুষ্ট করতে যে টোটকা জানালেন রাঘব



**বিনোদন ডেস্ক:** আপ নেতা রাঘব চড্ডার সঙ্গে অভিনেত্রী পরিণীতি চোপড়ার বিয়ের পাঁচ মাস হলো। গত বছর সেপ্টেম্বর মাসে উদয়পুরে পিচোলা হ্রদের ধারে রূপকথার বিয়ে হয় রাঘব-পরিণীতির।

রাঘবের সঙ্গে আলাপ হওয়ার আগে তার সম্পর্কে বিন্দুবিসর্গও জানতেন না পরিণীতি। রাঘব কোথায় থাকেন, কত বয়স তার– কোনো কিছুই তিনি জানতেন না। কারণ রাজনীতি নিয়ে একেবারেই আগ্রহ ছিল না পরিণীতির; কিন্তু রাঘবের জন্য একটা ভালোলাগা তৈরি হয়েছিল মনে। শেষমেশ বছর দুয়েকের চেনাজানার পর বিয়ের পিঁড়িতে বসেন তারা।

বিয়ের পাঁচ মাসেই অশান্তি শুরু হয়ে গেল! তবে গিন্নিকে তুষ্ট রাখার উপায় বের করেছেন সাংসদ। বিয়ের পর আর পাঁচজন দম্পতির মতো তাদেরও ঝামেলা হয়; কিন্তু রাঘব বিয়ের মাসখানেকের মধ্যেই স্ত্রীকে তুষ্ট রাখার টোটকা জেনে ফেলেন। সদ্য পরিণীতির কনসার্ট হয়েছে মুম্বাইতে। অনুষ্ঠানে সশরীরে উপস্থিত না থাকলেও সারাক্ষণ ফোনে স্ত্রীকে ভরসা দিয়ে গিয়েছেন আপ নেতা।

রাঘব সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেন, বিয়ের মাসখানেকের মধ্যেই বুঝে গিয়েছিলাম, স্ত্রীকে খুশি করতে আগেই নিজের দোষ মেনে নিতে হবে। ভুল না থাকলেও মেনে নিতে হবে। এটাই আসল রহস্য। যত আগে বুঝে যাবেন, ততই শান্তি।

রাঘব বলেন, তবে হ্যাঁ, আমাদেরও মতবিরোধ হয়, কথা কাটাকাটি হয়; কিন্তু ঝগড়া করে রাতে আমরা ঘুমোতে যাই না।

# অমিতাভ বচ্চন আসল ‘বচ্চন’ নয়!

**বিনোদন ডেস্ক:** বলিউডের অন্যতম জনপ্রিয় অভিনেতা অমিতাভ বচ্চন। মূলত এই নামেই বিশ্বজুড়ে পরিচিত তার। সম্প্রতি অভিনেতা জানান, ‘বচ্চন’ পদবি তার নয়। আর এই বিষয়টি প্রকাশ্যে আসার পর থেকেই রীতিমতো হতবাক অমিতাভের অনুরাগীরা। ভক্তদের মনে প্রশ্ন ঘুরপাক খাচ্ছে, তাহলে কী পদবি অভিনেতার।




অভিনেতার আসল নাম অমিতাভ শ্রীবাস্তব। তার বাবা বিখ্যাত কবি ও লেখক হরিবংশ রাই শ্রীবাস্তব। মা তেজী শ্রীবাস্তব। তাহলে বচ্চন পদবি এলো কোথা থেকে?

সাক্ষাৎকারে অমিতাভ বলেন, আমার বাবা একজন নামকরা কবি ও লেখক। তিনি ‘বচ্চন’ ছদ্মনামে লিখতেন। স্কুলে ভর্তি হওয়ার সময় বাবার সেই ছদ্মনামকেই আমি আমার পদবি বানিয়ে ফেলি। শ্রীবাস্তব থেকে হয়ে উঠি ‘বচ্চন’। সেই থেকে আমার পরিবারের সবাই বচ্চন পদবিই ব্যবহার করেন। সূত্র: আনন্দবাজার

# গাজীপুর সিটি কবরস্থানে শায়িত হলেন অভিনেতা আহমেদ রুবেল



**বিনোদন ডেস্ক:** চলচ্চিত্র ও নাট্য অভিনেতা আহমেদ রুবেলের দাফন সম্পন্ন হয়েছে গাজীপুর সিটি করপোরেশন কবরস্থানে। গত ৭ ফেব্রুয়ারী বুধবার বিকালে তাকে গাজীপুরের ঐতিহ্যবাহী রাজবাড়ি মাঠে জানাজা শেষে ওই কবরস্থানে দাফন করা হয়।

জানাজায় মরহুমের পিতা অধ্যাপক আয়েশ উদ্দিন, গাজীপুর-২ আসনের সংসদ সদস্য জাহিদ আহসান রাসেল, জেলা আওয়ামী লীগ নেতা বীর মুক্তিযোদ্ধা কাজী আলিমুদ্দিন বুদ্দিন, নাট্য অভিনেতা আশরাফ হোসেন টুলুসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন। এর আগে দুপুর ২টার দিকে অভিনেতা আহমেদ রুবেলের মরদেহবাহী হিমায়িত গাড়িটি মরহুমের গাজীপুরে উত্তর ছায়াবীথি এলাকায় নিয়ে আসা হয়। এ সময় প্রতিবেশীসহ স্বজনরা কান্নায় ভেঙে পড়েন।

পারিবারিক সূত্রে জানা যায়, অভিনেতা আহমেদ রুবেলরা দুই ভাই এবং চার বোন ছিলেন। আহমেদ রুবেলের বড় ভাই বেশ কয়েক বছর আগে মারা যান। আহমেদ রুবেল তার চার বোন, বাবা এবং তার স্ত্রী রেখে গেছেন।

আহমেদ রুবেলের বাবা অধ্যাপক আয়েশ উদ্দিন বলেন, বুধবার দুপুরের খাবার খেয়ে রুবেল নিজে গাড়ি চালিয়ে ঢাকায় যান। সন্ধ্যায় নূরুল আলম আতিকের ‘পেয়ারার সুবাস’ ছবির উদ্বোধনী শোতে উপস্থিত থাকার কথা ছিল তার। এ ছবিতে তিনি ও জয়া আহসান, তারিক আনাম খানদের সহ-অভিনেতা। পরে তারা খবর পান শোতে যোগ দিতে বসুন্ধরা শপিং মলের বেজমেন্টে গাড়ি থেকে নামার পর লিফটে অজ্ঞান হয়ে যান তিনি। পরে একটি বেসরকারি হাসপাতালে নিলে বিকাল ৫টা ৫৮ মিনিটে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রুবেল ১৯৬৮ সালে নিজ শহর চাঁপাইনবাবগঞ্জে জন্ম হলেও ছোটবেলা থেকেই বেড়ে উঠেছেন গাজীপুর এবং ঢাকা শহরে। পরিবারসহ তিনি থাকতেন গাজীপুরে। গিয়াস উদ্দিন সেলিমের ‘স্বপ্নযাত্রা’ দিয়ে নাটকে পা রাখেন তিনি।

জানা যায়, তিনি হুমায়ূন আহমেদের ‘পোকা’-তে অভিনয় করে তুমুল জনপ্রিয়তা লাভ করেন। এই নির্মাতার ‘বৃক্ষমানব’ নাটকটি তাকে সব শ্রেণির দর্শকের মধ্যে জনপ্রিয় করে তোলে। আনিসুল হকের লেখা মোস্তফা সরয়ার ফারুকী পরিচালিত আলোচিত মেগা ধারাবাহিক ‘৫১বর্তী’ নাটকে রুবেলের ‘মেন্টাল বাহাদুর’ চরিত্রটিও বেশ সাড়া ফেলেছিল।

নাটকের পাশাপাশি সিনেমায়ও দুর্দান্ত সব চরিত্রে রূপদান করেছেন আহমেদ রুবেল। অভিনয় করেছেন চন্দ্রকথা, ব্যাচেলর, মেঘলা আকাশ, দ্য লাস্ট ঠাকুর, শ্যামল ছায়া, অলাতচক্র, লাল মোরগের ঝুঁটিতে। তার অভিনীত নূরুল আলম আতিক পরিচালিত বহুল প্রতীক্ষিত সিনেমা পেয়ারার সুবাস ৯ ফেব্রুয়ারী দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার কথা।

# পুলিশ কর্মকর্তা’ হওয়ার জন্য ঢাকায় কৌশানি

**বিনোদন ডেস্ক:** মোস্তাফিজুর রহমান মানিক পরিচালিত ‘ডার্ক ওয়ার্ল্ড’ সিনেমার শুটিংয়ের জন্য ঢাকায় এসেছেন টালিউড অভিনেত্রী কৌশানি মুখার্জি। এই সিনেমায় তাকে দেখা যাবে পুলিশ কর্মকর্তার চরিত্রে।

জানা গেছে, এই সিনেমার প্রযোজক এবং নায়িকা ইস্যু নিয়ে নানা বিতর্কের জন্য শুটিং বন্ধ হয়ে যায়। তবে এর মধ্যে বদলে যায় দৃশ্যপট, সঙ্গে নায়িকাও। শুরুতে নায়িকা মাহিয়া মাহি চুক্তিবদ্ধ হয়ে কিছুদিন শুটিং করেন এবং হুট করে সিনেমাটি থেকে সরে দাঁড়ান। এর পর তার পরিবর্তে পরীমনির অভিনয় করার কথা থাকলেও সেটি আর হয়নি।

পরে এই ছবিতে যুক্ত হন কৌশানি মুখার্জি। গত বুধবার দুপুর ২টা ৪০ মিনিটে কলকাতার এক ফ্লাইটে ঢাকায় আসেন অভিনেত্রী। বিমানবন্দর থেকে তিনি সোজা পাড়ি জমান এক পাঁচতারকা হোটেলে। সেখানে খানিক বিশ্রাম নিয়ে সন্ধ্যায় অংশ নেন সিনেমার শুটিংয়ে।

প্রসঙ্গত, কৌশানি মুখার্জি এর আগেও ২০২১ সালে বাংলাদেশে এসেছিলেন এবং অভিনয় করেছিলেন বাংলাদেশের ‘প্রিয়া রে’ সিনেমায়। শাপলা মিডিয়া প্রযোজিত এই সিনেমাটি পরে আর আলোর মুখ দেখেনি, মুক্তি নিয়ে রয়েছে ধোঁয়াশা।

# সাহিত্য সাময়িকী

## আমার শুধু নাভিশ্বাস বাড়ে
### দুখু বাঙাল

ভাপ ছড়ানো বাসনে ফুঁ-দিতে দিতে বেড়ে উঠেছি আমরা
শায়েস্তা খাঁর আমলের দিনগুলো আবার ফিরিয়ে আনতে
কে যেন কেড়ে নিয়ে গেল সেই মাছ-ভাতের মায়ার বাসন।

কপাল ছাড়া আমাদের সবকিছু বাড়ে
সুদ বাড়ে কিস্তি বাড়ে দ্রব্যমূল্য বাড়ে
বেতন বাড়ে ঘুষ বাড়ে দুর্নীতিও বাড়ে
এখন আমরা ঘরের দাওয়ায় বসে তিন বেলা মার্চপাস্ট দেখি
মাথায় হেলমেট পরে দ্রব্যমূল্যের মার্চপাস্ট যাচ্ছে এগিয়ে
স্যাঙ্কশন উঠে গেলে মার্চপাস্টের ঘোড়াটিকে
ভেসে যেতে দেখা যাবে চেনা জানা নদীর কোথাও
বন্দুকযুদ্ধের আলামত বলে হয়তো ওইদিকে বেশি একটা
তাকাবে না কেউ।

স্বেচ্ছাচারী পথ বাড়ে, বেড়ে চলে নির্ঘুম রাত
দিনে দিনে সকলের সবকিছু বাড়ে
আমার বাড়ে না কিছু আমি আমলোক
কামারের হাপরের মতো আমার শুধু নাভিশ্বাস বাড়ে
আমাদের কপাল নিয়া আগাগোড়া বাইচালি করলেই শুধু
আর নয়, এবার ঠিক করো আপন করাল
নয়তো থু-দিয়ে ভাসিয়ে দেবো হিমালয়, দানবীয় হিমালয়
যে হিমালয়ের শৃঙ্গদেশে সুতোকাটা ঘুড়ি হয়ে ঝুলে থাকে
আমাদের স্বপ্ন আর সাধ।

থু-ই আমাদের হাতিয়ার- বিপ্লবের মহামন্ত্র ঢেউ।

## সাগর আর চোখ
### হাবিব ফয়েজি

ডুবুরি সাগরের গভীরতার মাপ জানলেও
চোখের গভীরতার মাপ জানে না
সাগরে ডুবে মরলে মানুষ; লাশ হয়ে যায়
ঢেউগুলো সেই লাশ ভাসিয়ে তীরে ভিড়ায়
কোনও কোনও লাশ সমাহিত করা হয়
আবার কোনওটার হয় সলিলসমাধি
কিন্তু চোখের গভীরে ডুবে মরলে
জীবন্ত লাশ হয়ে বেঁচে থাকতে হয় বাকিটা জীবন
সেটা কেউ দেখে না, কেউ বুঝে না

সাগর আর চোখ যেন যমজ দুই বোন
দুটোই বড়ো অনিরাপদ নির্দয়
সমানভাবেই মানুষকে টানে জীবনভর

## নিশ্চিত দাস
### শাহীন রেজা

ভালোবাসার খুব কাছে ফুটেছিল সে
কাঁঠালিচাপার ঘ্রাণ হয়ে একটি হৃদয়
উপেক্ষার উচ্চারণে তুমি তাকে গিয়েছ এড়িয়ে;
অভিমানী চাতক ফিরে গেছে তৃষ্ণাহীন ঘরে

আজ এই যে বাতাসের তীব্রভ্রূকুটি,
ক্ষমাহীন জলের উৎসব; এইসব পার হয়ে
তুমি তাকে পাবে না কোথাও

যাপনের সমস্ত সূত্র এড়িয়ে উড়ছে প্রজাপতি
আর আমি ঘ্রাণের অক্টোপাস,
বাক্সবন্দী করে নিয়ে যাচ্ছি স্মৃতিলতা তোমার

নিয়তি নিয়ম হলে আমি তার নিশ্চিত দাস।

## রোদ্দুরের মায়ালিপি
### নুরজাহান রহমান

কিঞ্চিৎ আলোয় মেঘের মায়া
সমুদ্রপাড়ে আল্পনা-মাখা আবছায়া
তোমার অনুভবের নদীতে ডুবুরি
আমি খুঁজে নিই অগণিত মুক্তোর মণি।
তোমার প্রবল আকাক্ষার জলোচ্ছ্বাসে
সুর তুলে আমার স্বপ্নের ধ্বনি-প্রতিধ্বনি।
সানন্দা পৃথিবী সাজে শব্দের আঁচলে।
সন্ধ্যার আলোক-মাখা প্রেমের কাব্য রচিত হয় সমর্পণে।
শিশিরে স্নান সেরে পদ্মপাতায় তৃষিত ইচ্ছাগুলো জ্যোৎস্না পোহায়।
মোহাচ্ছন্ন ক্ষণ লুকিয়ে যায় গহিন ছায়ায়।

মায়া-অশ্রু-নয়নে ডুবে যায় নীল প্রলেপী রাত।
আর আমি বেলান্তের শেষ পাতায়
রোদ্দুরের মায়ালিপিতে খুঁজে বেড়াই তোমায়।

## হাওয়াই মিঠাই
### আলম মাহবুব

আকাশে চাঁদ একটাই,
প্রতিচ্ছবি পড়ে মেঘের আয়নাতে।

তুষারে ভিজছে প্রজাপতি জোছনায় রাত
ঢেওয়ের নুপুরে
কোথাও আগুনজ্বলা হাহুতাশ
দরোজার ওপাশে ট্র্যাজেডির লাল পাতা।

ধারালো কাস্তের গানে নয়া ভোর
রাতের শেষে আলোক লতা
আনন্দ বিলানোয় ব্যস্ত
ভোরের ডাকপিয়ন।

বহুদিন এপথে যাতায়াত করে না লাল বউ
বুকের কষ্টগুলি যেন হাওয়াই মিঠাই
কাঠকয়লার আগুনে পোড়ে
সোনার নোলক
শীতের কুয়াশায় করুন ব্যথাহত লাল চাঁদ
তবুও দৃঢ় গুল্মলতা
বেদনার ক্লান্তি মুছে বাতাসে উড়ায় দীর্ঘশ্বাস
লাল প্রজাপতি পা বাড়ায় দীর্ঘ ভ্রমণে।

## পথের বাঁকে
### ফারজানা ইয়াসমিন

কঠিন পাহাড়টাও বুক চিরে জলপ্রপাতের সৃষ্টি করে,
তার নিরন্তর পথচলাতেই একটা নদী বেঁচে থাকে।
শঙ্খচিলের ডানায় স্বপ্ন আঁকে নীল আকাশ,
নিজে ঠাঁয় দাঁড়িয়ে অপলক তাকিয়ে থাকে
মেঘের উড়ে চলা পথের বাঁকে।
কুয়াশায় চাদরে মোড়ানো সকালটাও রোদে পোড়ে,
দুপুর হয় বলেই নিয়ম করে সময়ের কাঁটা প্রহর গুণে।
বিষন্ন গোধূলিও দীর্ঘশ্বাসে পাড়ি দেয় অজানাতে,
রাতও আসে মিছে আলোয় ভাসাতে।
এদের মতোই পথের বাঁকে নিয়ন আলোয়
হলদে ল্যাম্পপোস্ট হয়ে দাঁড়িয়ে থাকে,
অজানা পথিকের গন্তব্য খুঁজে দিতে।

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-54 168th Street, 2nd Fl | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica, NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |

## মিশিগান রাজ্যে ঐতিহাসিক রায়

# ছেলের অপরাধের জন্য মাকে দন্ডিত

## বাবা-মা সময় না দেয়ায় ছেলে অপরাধে জড়িয়েছে-আদালতের পর্যবেক্ষণ



**নিউইয়র্ক (ইউএনএ):** যুক্তরাষ্ট্রের মিশিগানে রাজ্যে ছেলের অপরাধের জন্য মাকে দন্ডিত করে এক ঐতিহাসিক রায় দিয়েছেন আদালত। দন্ডিত মায়ের নাম জেনিফার ক্রাম্বলি। রায়ে জেনিফারের ৬০ বছর জেল এবং সর্বোচ্চ ৩০ হাজার ডলার জরিমানা করা হয়েছে। গত ৬ ফেব্রুয়ারী মঙ্গলবার ১২ জনের জুরি বোর্ড দীর্ঘ ১০ ঘন্টা শুনানী শেষে এই রায় দেন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে এই প্রথমবারের মত ছেলের অপরাধের জন্য মাকে দন্ডিত করে রায় দেয়া হলো। পরবর্তী তারিখে মার্চ মাসে এ মামলায় ইথান ক্রাম্বলির বাবা জেমস ক্রাম্বলির বিরুদ্ধে অভিযোগের শুনানী অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে আদালত। খবরটি যুক্তরাষ্ট্রের বিভিন্ন গণমাধ্যমে গুরুত্বের সাথে প্রকাশ ও প্রচারিত হয়েছে। খবর ইউএনএ'র।

উল্লেখ্য, ২০২১ সালের ৩০ নভেম্বর মিশিগানের অক্সফোর্ড হাইস্কুলে তার ছেলে ইথান ক্রাম্বলি বন্দুক হামলা চালিয়ে ৪ শিক্ষার্থীকে খুন করে। এ হামলায় অপর ৬ শিক্ষার্থী এবং এক শিক্ষকও গুলিবিদ্ধ হয়ে আহত হন।

মামলার রায়ে বলা হয়, ছেলে ইথান ক্রাম্বলির মানসিক সমস্যা থাকা সত্ত্বেও মা জেনিফার ক্রাম্বলি তাকে বন্দুক ব্যবহারের সুযোগ দিয়ে হত্যাকান্ডের সমান অপরাধ করেছেন। এছাড়া, ঘটনার দিন ছেলের অস্বাভাবিক আচরণ টের পেয়ে স্কুল কর্তৃপক্ষ তার বাবা-মাকে ডেকে এনে ছেলেকে বাসায় নিয়ে যাওয়ার আহবাণ করেন। কিন্তু বাবা-মা দুজনই তাকে বাসায় ফেরত না নিয়ে স্কুলে রেখে যান। এর কিছুক্ষন পরই ইথান ক্রাম্বলি ব্যাগ থেকে হ্যান্ডগান বের করে ম্যাস শুটিং চালায়। এতে ৪শিক্ষার্থী নিহত এবং এক শিক্ষকসহ আরো ৭জন আহত হন। প্রসিকিউটররা অভিযোগ করেন নিজেদের সৌখিন জীবন নিয়ে ব্যস্ত থাকায় ছেলে ইথান ক্রাম্বলিকে পর্যাপ্ত সময় দেননি তার বাবা মা। যেকারণে ছেলের অপরাধে জড়িয়ে পড়ার দায় বাবা- মা এড়াতে পারেন না। ছেলে ইথান ক্রাম্বলিকে গত ডিসেম্বরে যাবজ্জীবন কারাদন্ডের রায় দেয় আদালত। আর তার বাবা-মা দুজনই দুই বছর ধরে জেলে আছেন।

# এক স্লিপ

(শেষের পাতার পর)

এমন অভিমত অনেকেরই। কেউ বলছেন মিডিয়াই কমিউনিটির কাউকে কাউকে 'বিশিষ্ট রাজনীতিক, ব্যবসায়ী' বা 'কমিউনিটি অ্যাক্টিভিষ্ট' বানাচ্ছেন, উপড়ে তুলছেন আবার নীচে নামাচ্ছেন। প্রকৃত অর্থে 'বিশিষ্ট' বলতে কি বুঝায়, কারা বিশিষ্ট বা কেন বিশিষ্ট বা কারা 'কমিউনিটি অ্যাক্টিভিষ্ট' কেন-কি কাজের জন্য অ্যাক্টিভিষ্ট তা নিয়েও অনেকের মাঝে প্রশ্ন রয়েছে। একজন সংবাদ কর্মী হিসেবে চায়ের টেবিলের আলোচনায় হর-হামেশাই এসব প্রশ্নের মুখোমুখী হতে হয়। কিন্তু এর জবাব খুজে পাই না! আসলে কি উপরোক্ত প্রশ্নগুলোর প্রকৃত কোন জবাব আছে কি?

১১ ফেব্রুয়ারী ২০২৪

# শ্রেষ্ঠত্ব ধরে রাখল কাতার

(শেষের পাতার পর)

কাছে হেরেছে দলটি। জর্ডানকে ৩-১ গোলে হারিয়ে এশিয়া কাপের শ্রেষ্ঠত্বের মুকুট ধরে রাখল বিশ্বকাপ আয়োজনকারী দেশটি।

২০২২ বিশ্বকাপে দোহার লুসাইল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছিল আর্জেন্টিনা-ফ্রান্স ফাইনাল। সেই মাঠেই ফাইনালে জর্ডানের মুখোমুখি হয় কাতার। এই ম্যাচে কাতারের তিনটি গোলই এসেছে পেনাল্টি থেকে এবং তিনবারই শট নেন আকরাম আফিফ। অর্থাৎ আকরাম আফিফের পেনাল্টি হ্যাটট্রিক হলো এই ম্যাচে।

২০১৯ সালেও এশিয়ার শ্রেষ্ঠত্বের মুকুট জিতেছিল কাতার। সেবারের ফাইনালে হারিয়েছিল এশিয়া কাপের সবচেয়ে সফল দেশ জাপানকে। এবার লুসাইল স্টেডিয়ামে কাতার-জর্ডান ফাইনাল দেখার জন্য হাজির হয়েছিল ৮৬ হাজার ৫০০ জন দর্শক। দর্শকদের মধ্যে হাজির ছিলেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি এবং ফিফা সভাপতি জিয়ান্নি ইনফ্যান্তিনো।

ম্যাচের ২২তম মিনিটে প্রথমে পেনাল্টি থেকে গোল করে স্বাগতিকদের এগিয়ে নেন আকরাম আফিফ। ১-০ ব্যবধানে প্রথমার্ধ শেষ হয়। এরপর ৬৭ মিনিটে জর্ডানকে গোলটি শোধ করে দেন ইয়াজান আল নাইমাত।

গোলে সমতায় আসার পর ম্যাচে চরম নাটকীয়টা অপেক্ষা করছিল; কিন্তু আরও দুটি পেনাল্টি পেয়ে যায় কাতার। যে কারণে জর্ডানের স্বপ্ন শেষ হয়ে যায়। ৭৩ মিনিটে দ্বিতীয়টি এবং ৯০+৫ মিনিটে তৃতীয় পেনাল্টি থেকে গোল করে কাতারকে শিরোপা নিশ্চিত করে দেন আকরাম আফিফ। সেই সঙ্গে নিজের হ্যাটট্রিকও পূরণ করেন তিনি।

মোট ৮ গোল করে টুর্নামেন্টের গোল্ডেন বল জয় করেন কাতারের এই ফুটবলার। শুধু তাই নয়, টুর্নামেন্টের মোস্ট ভ্যালুয়েবল খেলোয়াড় হিসেবে গোল্ডেন বলও উঠেছে তার হাতে।

ম্যাচের পর কোচ মার্কুয়েজ লোপেজ বলেন, আমি অভিনন্দন জানাতে চাই কাতারি জনগণ এবং খেলোয়াড়দের। অসম্ভব কঠিন এক টুর্নামেন্ট এবং কঠিন এক ফাইনাল জিততে পেরে দারুণ খুশি আমরা। খুবই টেনশনে ছিলাম।

# জিহ্বা পরিষ্কার করা

(শেষের পাতার পর)

আর কিছু পরিষ্কার করার প্রয়োজন পড়ে না। আসলেই কি তাই? নিয়মিত দাঁত ব্রাশ করলেই কি যথেষ্ট? মোটেই নয়। বরং মুখের অভ্যন্তরীণ স্বাস্থ্য বজায় রাখার জন্য আপনাকে নিয়মিত জিহ্বা পরিষ্কার করতে হবে। জিহ্বা পরিষ্কার না করলে পেটের সমস্যাসহ নানা অসুখ দেখা দিতে পারে। প্রতিদিন সকালে ঘুম থেকে ওঠার পর আপনাকে অবশ্যই জিহ্বা পরিষ্কার রাখতে হবে। এতে আপনার মুখে জমে থাকা ক্ষতিকর ব্যাকটেরিয়া দূর হয়ে যাবে। যে কারণে শরীর সুস্থ রাখা সহজ হবে। এটি অন্ত্রের স্বাস্থ্যের জন্য জরুরি একটি কাজ। তাই নিয়ম মেনে এটি করতে হবে।

**হালকা গরম পানিতে কুলকুচি:** প্রতিদিন অন্তত দু'বার হালকা গরম পানিতে কুলকুচি করার অভ্যাস করুন। এই অভ্যাসের ফলে জিহ্বা পরিষ্কার হবে। জিহ্বা ভালোভাবে পরিষ্কার না করলে ব্যাকটেরিয়া পেটে চলে যেতে পারে। যেখান থেকে দেখা দিতে পারে শরীরের নানা রকম ক্ষতি। তাই এ দিকে খেয়াল রাখুন।

**দুর্গন্ধ ও আলসার:** জিহ্বা যদি নিয়মিত পরিষ্কার না করা হয় তাহলে মুখ থেকে দুর্গন্ধ বের হতে পারে এবং সেইসাথে দেখা দিতে পারে আলসারের সমস্যাও। এর ফলে দেখতে পারে দীর্ঘমেয়াদি শারীরিক সমস্যাও। তাই মুখে দুর্গন্ধ ও আলসার দূর করার জন্য আপনাকে নিয়মিত জিহ্বা পরিষ্কার রাখতে হবে। এতে সুস্থ থাকা সহজ হবে।

**তরল পরিষ্কারক ব্যবহার:** বাজারে বিভিন্ন প্রসিদ্ধ ব্র্যান্ডের তরল পরিষ্কারক পাওয়া যায়। যেগুলো দিয়ে কুলকুচি করলে তা সহজেই জিহ্বা পরিষ্কার করতে সাহায্য করে। প্রয়োজনে আপনি সেসব তরলও ব্যবহার করতে পারেন। তবে তা কেনার আগে অবশ্যই সেই পণ্যের গুণগতমান সম্পর্কে নিশ্চিত হয়ে নেবেন।

# বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)






# ঘুষের বিনিময়ে কাজ দেয়ার

(শেষের পাতার পর)


সাবেক ও বর্তমান ৭০ কর্মকর্তাকে অভিযুক্ত করেছে জাস্টিস ডিপার্টম্যান্ট। এদের মধ্যে ৬৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তারা এখন শ্রীঘরে। ফেডারেল ব্রাইবারি চার্জেস-এ একসঙ্গে এত জনের বিরুদ্ধে ঘুষ নেওয়ার অভিযোগ যুক্তরাষ্ট্রে এটাই প্রথম। মঙ্গলবার (৬ ফেব্রুয়ারী) ভোররাতে নিউইয়র্ক, নি-উজার্সী, কানেটিকাট এবং নর্থ ক্যারোলিনা রাজ্য থেকে তাদেরকে আটক করা হয়। তাদের বিরুদ্ধে অভিযোগ সিটির ৯০টি বিল্ডিংয়ের নির্মাণে ১৩ মিলিয়ন ডলারের কাজ পাইয়ে দেয়ার বিনিময়ে সংশ্লিষ্ট ঠিকাদারদের কাছ থেকে ২ মিলিয়ন ডলার ঘুষ গ্রহণ করেছেন তারা। গত দশ বছরে বিভিন্ন সময় ঘুষের বিনিময়ে তারা এ বিল্ডিংগুলোর কার্যাদেশ দিয়েছেন। খবর ইউএনএ'র।

জানা গেছে, উল্লেখিত ঘুষের এই অভিযোগ এনেছেন একযোগে সাউদার্ন ডিস্ট্রিক্ট অব নিউইয়র্কের ইউনাইটেড স্টেটস অ্যাটর্নি ডামিয়ান উইলিয়ামস, ইউনাইটেড স্টেটস অ্যাটর্নি জেনারেল মেরিক বি জারল্যান্ড, নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব ইনভেস্টিগেশনের কমিশনার জয়সলিন ই. স্ট্রাউবার, নিউইয়র্ক ফিল্ড অফিস অব হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনের ইন্সপেক্টর জেনারেল ইভান জে. অরভেলো, ইউইস ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট এর ইন্সপেক্টর জেনারেল রয় অলিভার ড্যাভিস এবং ইউএস ডিপার্টমেন্ট অব লেবার এর অফিস অব ইন্সপেক্টর জেনারেলের বিশেষ এজেন্ট জোনাথন মেলোনি।

এদিকে গোপন তথ্যের ভিত্তিতে গত চার বছর ধরে এ ঘুষ সিন্ডিকেটের বিরুদ্ধে তদন্ত করে আসছিলো ডিপার্টমেন্ট অব ইনভেস্টিগেশন। ডিপার্টমেন্ট অব ইনভেস্টিগেশন এর কমিশনার জোসেলিন স্ট্রবার বলেছেন, নিউইয়র্ক সিটির ৫টি বরোতেই বিনা টেন্ডারে কয়েকজন ঠিকাদারকে কাজ দেয় অভিযুক্তরা। এতে সন্দেহ জাগে এবং তাদের পেছনে তদন্তে নামে তার ডিপার্টমেন্ট। অভিযুক্তদের সম্পৃক্ততা শতভাগ নিশ্চিত হওয়ার পর গত ৬ ফেব্রুয়ারী মঙ্গলবার দোষীদের ঠিকানায় একযোগে অভিযান চালায় সংশ্লিষ্ট পুলিশ। অভিযুক্ত ৭০ জনের মধ্যে ৬৬ জনকে গ্রেপ্তার করতে সমর্থ হয় পুলিশ। নিউইয়র্ক থেকে যাদের আটক করা হয় তাদেরকে হাতকড়া পরিয়ে মঙ্গলবার বিকেলে ম্যানহাটনে ফেডারেল কোর্টের ম্যাজিস্ট্রেট বিচারক স্টুয়ার্ট ডি অ্যারোন, সারাহ এল কেভ, ভেলেরি ফিগুয়েরডো, সারাহ নেটবার্ন, ক্যাথরিন এইচ পার্কার, গ্যারি স্টেইন এবং ওনা টি ওয়াংয়ের আদালতে হাজির করা হয়।

ইউএস অ্যাটর্নি ডামিয়ান উইলিয়ামস এই ঘটনার পর জানান, অভিযুক্ত ৭০ জন কর্মকর্তা নিউইয়র্ক সিটির করদাতাদের গৃহায়নের স্বার্থে কাজ না করে তাদের নিজেদের পকেট ভরেছেন। এটা যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের কাছে আসা একদিনের সবচেয়ে বড় ঘুষ কেলেঙ্কারি। তিনি বলেন, এনওয়াইসিএইচএ্এর অধিবাসীরা এর চেয়ে ভালো আচরণ প্রত্যাশা করে। অ্যাটর্নি বলেন, এনওয়াইসিএইচ-কে দুর্নীতিমুক্ত করতে আমার অফিস প্রতিশ্রুতিবদ্ধ। এ জন্য যতদুর যেতে হয়, আমরা যাবো। ডিপার্টমেন্টটিকে দুর্নীতিমুক্ত করেই ছাড়বো।


FAMILY DENTAL



আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এষ্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

We Do Implant & Veneers

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধিু ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ অব. ঝঃধঃরড়হ
চযড়হব: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

7 DAYS OPEN

AUTHORIZED e-file PROVIDER

718-475-5686

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET



TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।





দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য

আপনাদের সেবায়

ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com

বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর



MLS

যোগাযোগ
Cell: 917-502-6445



গান শিখুন

বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ

সবিতা দাস

উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি

বহ্নিশিখা সঙ্গীত নিকেতন

৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৪

# বাফেলোয় অনুষ্ঠিত হলো 'ভালোবাসায় বসন্ত উৎসব'

(শেষের পাতার পর)

আর জে প্রোডাকশনের আয়োজনে অনুষ্ঠিত হলো 'ভালোবাসায় বসন্ত উৎসব'। ১২০ আলেকজান্ডার এভিনিউয়ে অবস্থিত কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হওয়া এই অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিলেন টেলিভিশন তারকা নাট্যাভিনেতা টনি ডায়েস ও প্রিয়া ডায়েসের মনোমুগদ্ধকর অভিনয় ও জমজমাট নাচ। এছাড়া কবিতা আবৃত্তি, নাচ ও গানের তালে তালে অনুষ্ঠানটি ছিল অত্যন্ত উপভোগ্য।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও প্রধান অতিথি ছিলেন আলেগ্রা হোমকেয়ার সার্ভিস এবং বাংলা সিডিপ্যাপ সার্ভিসের কর্ণধার ড. আবু জাফর মাহমুদকে। বিকেল থেকে রাত এগারোটা অবদি চলতে থাকা মনোমুগ্ধকর এই অনুষ্ঠানে সহস্রাধিক প্রবাসীদের আগমন ঘটে। আগত সকল শিল্পীদের গান, কবিতা আবৃতি, নাচের আসর ছিল ভীষণভাবে উপভোগ্য। তবে কয়েকজন শিল্পীর হিন্দি গানের তালে তালে সকলকে আনন্দ দেয়াকে কিছুটা দৃষ্টিকটু মনে হয়েছে। আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবসের মাসে বাংলাদেশী আয়োজকদের অনুষ্ঠানে হিন্দি গান গাওয়াটাকে দর্শকরা সুন্দরভাবে গ্রহণ করেননি। অনেকেই প্রকাশ্যে কিংবা অপ্রকাশ্যে প্রতিবাদ করেছেন।






প্রথমেই কোরআন শরীফ তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুরু হয়। বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীত পরিবেশন শুরু হয় কবিতা আবৃতি। এরপরে ধাপে ধাপে নাচ ও গানের মাধ্যমে একটি উপভোগ্য অনুষ্ঠান হিসাবে দর্শকের জনপ্রিয়তা অর্জন করেন। অনেক শিল্পীদের মাঝে উল্লেখযোগ্য শিল্পী হিসাবে গান পরিবেশন করেছেন স্থানীয় শিল্পী হাফিজুর রহমান হাফিজ, বিশ্বজিৎ দত্ত সহ বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের নামিদামি শিল্পীবৃন্দরা।

অনুষ্ঠানে ড. আবু জাফর মাহমুদ প্রবাসী সকলকে তাদের নিজস্ব সাহিত্য, কৃষ্টি ও কালচার ধরে রাখার আহবান জানিয়ে বলেন, জন্মের পরে আমরা মুসলিম হিসাবে শুনেছি আজানের ধ্বনি আর হিন্দুরা শুনেছে উলু ধ্বনি তাই এটাই আমাদের কৃষ্টি ও কালচার। এটাকে ধরে রাখাই আমাদের কালচার, পরিবারকে ভালোবাসায় আগলে রাখা আমাদের অহংকার। দেশে এবং বিদেশের মাটিতে আমাদের নিজস্ব পরিচয় ধরে রাখতে হবে।

অনুষ্ঠানে প্রায় ডজন খানেক স্টল ছিল আনন্দের আরেকটি স্তর। কেওবা ফুসকা, ঝালমুড়ি, বিরিয়ানি বিক্রি করছিলো কেওবা আবার শাড়ী, লুঙ্গি, গহনা। সব মিলিয়ে বেশ আনন্দের একটি বিকেল পেয়েছিলো বাফেলোবাসীরা। অনুষ্ঠানের নিরাপত্তা ছিল চোখে পরার মতো, গাড়ী পার্কিং থেকে শুরু করে অনুষ্ঠানস্থল পর্যন্ত সকলেই নিরাপত্তা বেষ্টনীতে নির্দ্বিধায় শিশুদের নিয়ে সময় কাটাতে পেরেছেন।

উল্লেখ্য: যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের বাফেলো শহর বাংলাদেশীদের পদচারণায় মুখরিত একটি শহর। দ্রুততম সময়ে বেড়ে ওঠা বাংলাদেশী কমিউনিটিতে আস্তে আস্তে সব কিছুই মিলে যাচ্ছে। সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় অচিরেই বাফেলো হয়ে উঠবে সকল প্রবাসীদের স্বপ্নের শহর। (পিবিসি নিউজ)







**Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!**

এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত



# ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও
Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

**UNITED TRAVELS INC.**

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con **Abdul Latif Bhuiyan Cell: 646-**



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


# কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ





সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SE CI

# বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

## সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
## SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

| Brooklyn | Jackson Heights |
|---|---|
| 20 Arlington Place | 70-17 37th Avenue |
| (Across the Fulton St.) | (Betw. 70 & 71st Street) |
| (Betw. Bedford & Nostrand Ave) | East Side of BQ Express Way |
| Brooklyn, NY 11216 | Jackson Heights, NY 11372 |
| Tel: 718-363-0100 | Tel: 718-363-0100 |
| Fax: 718-636-0112 | Fax: 718-636-0112 |

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price



## বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)




প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-

রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ফ্রোজেন মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



| | |
|---|---|
| লাইভ তেলাপিয়া | $3.49 lb |
| লাইভ বাফেলো | $3.49 lb |
| আমেরিকান ইলিশ | $1.99 lb |
| দেশী রুই | $1.79 lb |
| Herring Fish (চাপিলা মাছ) | $2.49 lb |
| Porgy | $1.49 lb |

লাইভ ক্যাটফিশ, স্যামন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্নেপী, হ্যাডক, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

**স্পেশাল**

| | |
|---|---|
| দেশী বাসমতি রাইস | $ 17.99 |
| আমিন বাসমতি রাইস | $ 17.99 |
| আমিন পারবয়েলড রাইস | $ 9.99 |
| সোনার বাসমতি রাইস | $ 18.99 |
| বাবুর বাসমতি রাইস | $ 13.99 |
| সুলতানা বাসমতি রাইস | $ 12.99 |

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

*IRS e file*

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

## PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com

# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**

**অফিস : ৩৭-২৯**
**৭২ স্ট্রিট, ১ম তলা**
**জ্যাকসন হাইটস**
**নিউইয়র্ক**



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

# KAKATUA AGENCY

Authorized IRS e-file Provider

## কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

**OUR SERVICES ARE:**

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl, Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com
যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

# মেঘনা ট্রাভেলস

**ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান**

## OUR SERVICES

**International & Domestic Tickets**
**Hajj & Umrah Special Package**
**Visa Processing**
**Money Transfer**

APPROVED IATA
KUWAIT AIRWAYS
ETIHAD
BRITISH AIRWAYS
Emirates



**ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি**

**We Accept**
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

# ‘সর্বস্তরে বাংলা ভাষা’ কি কেবলই

(প্রথম পাতার পর)

অধিবেশনে দিবসটি পালনের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। সেই থেকে সারা বিশ্বে এ দিবসটি যথাযথ মর্যাদায় পালিত হয়ে আসছে।

১৯৪৮ সালের মার্চে পাকিস্তানের বড়লাট মোহাম্মদ আলী জিন্নাহ ঢাকায় এসে পরিষ্কার ঘোষণা দিয়েছিলেন, ‘উর্দু শ্যাল বি, উইল বি অ্যান্ড মাস্ট বি দ্য স্টেট ল্যাংগুয়েজ অব পাকিস্তান।’ খুব সংগত কারণেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরা তাৎক্ষণিকভাবে এবং জিন্নাহর উপস্থিতিতেই এ ধরনের অন্যায্য উচ্চারণের তীব্র প্রতিবাদ করেন। সেই প্রতিবাদের পরিণতি আসে ১৯৫২ সালে বাঙালী যুবকদের আত্মাহুতির মধ্য দিয়ে। তবে ১৯৪৭ সালের মধ্য আগস্টে যখন দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে পাকিস্তান সৃষ্টি হয়, তখন থেকেই বাংলা ভাষার অবস্থান নিশ্চিত করার তাগিদ আসে। অগ্রচিন্তার বাঙালীরা পাকিস্তানের শাসকগোষ্ঠীর ওপর ভরসা করতে পারেননি। তাই জিন্নাহর বক্তব্যের আগে থেকেই এদেশের শিক্ষিত সমাজ ভাষা প্রতিষ্ঠার বিষয়ে সোচ্চার ছিল। এ প্রসঙ্গে বদরুদ্দীন উমর লিখেছেন, ‘১৯৪৭ সালেই রাষ্ট্রভাষার প্রশ্নকে কেন্দ্র করে পূর্ব পাকিস্তানের মধ্যশ্রেণির মধ্যে সরকারবিরোধী মনোভাব গড়ে উঠতে থাকে এবং বিভিন্ন ধরনের প্রতিরোধ আন্দোলনের মধ্যে এর প্রতিফলন ঘটে। পাকিস্তান প্রতিষ্ঠার পর মানি অর্ডার ফর্ম, ডাকটিকিট এবং মুদ্রায় শুধু ইংরেজি ও উর্দুর ব্যবহার এবং এগুলোয় বাংলা ভাষাকে উপেক্ষা করার ফলে পূর্ববাংলার জনসাধারণ ও শিক্ষিত মহলে যথেষ্ট উদ্বেগ ও বিরুদ্ধ মনোভাবের সৃষ্টি হয়।’ বাঙালীর এই মনোভাবকে পাকিস্তানী শাসকগোষ্ঠী কোনোমতেই আমলে নেয়নি। ফলে বাঙালীকে ’৫২ সালে রক্তক্ষয়ের মতো নির্মম ঘটনার শিকার হতে হয়। এরপর পাকিস্তানী শাসকগোষ্ঠী কিছুটা দুর্বল হয়। ১৯৫৪ সালে প্রাদেশিক পরিষদ নির্বাচনে পূর্ব পাকিস্তানে যুক্তফ্রন্ট জয়ী হলে ৭ মে’র গণপরিষদের অধিবেশনে বাংলাকে পাকিস্তানের অন্যতম ভাষা হিসাবে স্বীকৃতি দেওয়া হয় এবং ১৯৫৬ সালের ২৯ ফেব্রুয়ারী পাকিস্তানের সংবিধান পরিবর্তন করে বাংলাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়া হয়।

পাকিস্তানী শোষকগোষ্ঠী আমাদের সবদিক দিয়েই বঞ্চিত করে। তবে পাকিস্তান রাষ্ট্রের শুরু থেকেই এসবকিছুর একসঙ্গে আবির্ভাব ঘটেনি। পঞ্চাশের দশকের মাঝামাঝি থেকে অর্থনৈতিক শোষণের কাজটি শুরু হয়। ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচনের পর থেকে শুরু হয় আমাদের রাজনৈতিকভাবে অধিকারবঞ্চিত করার অপকর্মটি। এর মাত্রা এতটাই বৃদ্ধি পেতে থাকে যে, শেষ পর্যন্ত পাকিস্তান টিকিয়ে রাখাই অসম্ভব হয়ে পড়ে। কিন্তু পাকিস্তানের শুরু থেকেই আমাদের সাংস্কৃতিক অধিকার বঞ্চনার প্রক্রিয়া চলতে থাকে। এর অংশ হিসাবে তারা আমাদের মাতৃভাষাকে বেছে নেয়। কারণ তারা ভালোভাবেই জানত, যে কোনো জাতির বিকাশের প্রধান চালিকাশক্তি হচ্ছে ভাষা। কথা বলার ক্ষেত্রে ভাষার গুরুত্বেও চেয়েও শিক্ষা ও প্রশাসনিক কাজে তা গুরুত্ব বহন করে। তাই এ বিষয়ে এদেশের বাঙালীরা সর্বদাই সোচ্চার ছিলেন। পাকিস্তান সৃষ্টির পরপরই পূর্ব পাকিস্তানে যুব সম্প্রদায় এক্ষেত্রে অনেক ভূমিকা রেখেছে। ১৯৪৭ সালের ৬ ও ৭ সেপ্টেম্বর এমনই একটি যুব সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হয়। সেই যুব সম্মেলনে বাংলা ভাষাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসাবে প্রতিষ্ঠার যে প্রস্তাব করা হয় তাতে বলা ছিল, ‘পূর্ব-পাকিস্তান কর্মী সম্মেলন প্রস্তাব করিতেছে যে, বাংলা ভাষাকে পূর্ব-পাকিস্তানের শিক্ষার বাহন ও আইন-আদালতের ভাষা করা হউক। সমগ্র পাকিস্তানের রাষ্ট্রভাষা কি হইবে তৎসম্পর্কে আলাপ-আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের ভার জনসাধারণের উপর ছাড়িয়া দেওয়া হউক এবং জনগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গৃহীত হউক।’

কাজেই বাংলা ভাষাকে শিক্ষার বাহন হিসাবে বিবেচনার তাগিদ অনুভূত হয়েছিল শুরু থেকেই এবং তা বিজ্ঞানসম্মতভাবে। বাংলা ভাষা নিয়ে সে ভাবনার বয়স আজ ৭০ বছরেরও বেশি। এর মধ্যে পাকিস্তানী শাসনের অধীনেই কেটে গেছে প্রায় ২০ বছর, আর স্বাধীন বাংলাদেশে ৫০ বছর। ভাষা আন্দোলন নিয়ে, এর আত্মত্যাগ নিয়ে আমাদের গর্ব করার মতো অনেক কিছুই আছে এবং আমরা তা করিও। কিন্তু মাতৃভাষার প্রতি আমাদের আবেগ-অনুভূতির বাইরে ভাষাকে আমাদের সমাজ ও জাতি বিকাশে কতখানি কাজে লাগাতে পেরেছি, তা হিসাব করে দেখার সময় এসেছে। প্রতিটি ভাষা দিবসে আমাদের মুখনিঃসৃত বয়ানের সঙ্গে বাস্তবতার মিল কতখানি, তা মিলিয়ে নেওয়ার সময় হয়েছে।

প্রায় ৫৩ বছর ধরে ২১ ফেব্রুয়ারীর সবচেয়ে জনপ্রিয় বুলি হচ্ছে-শিক্ষার সর্বস্তরে বাংলা ভাষার প্রয়োগ নিশ্চিত করতে হবে। এই বলার সঙ্গে কাজের কোনো সম্পর্ক নেই। আমাদের শিক্ষাব্যবস্থা চারটি স্তরে বিভক্ত : প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও উচ্চশিক্ষা। আমি সবচেয়ে বেশি গুরুত্ব দেব প্রাথমিক স্তরটিকে। এ স্তরে মাতৃভাষার ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হতো। ড. মো. মাহমুদুল হাসান মাতৃভাষার গুরুত্বকে তুলে ধরে বলছেন, ‘মাতৃভাষার গুরুত্ব অধ্যয়ন করা হয় এ কারণে যে, শিক্ষার্থীরা যখন তাদের মাতৃভাষাকে বিকশিত করে, তখন তারা একই সঙ্গে সমালোচনামূলক চিন্তাভাবনা এবং সাক্ষরতা দক্ষতার মতো অন্যান্য প্রয়োজনীয় দক্ষতার পুরো বিষয়গুলোকে উৎসাহিত করে। এ দক্ষতাগুলোকেই তারা তাদের সঙ্গে আনুষ্ঠানিক শিক্ষায় সন্নিবেশিত করে নিয়ে যায়। উদাহরণস্বরূপ, যদি কোনো শিশু তার প্রাসঙ্গিকতার মাধ্যমে কোনো শব্দের অর্থ অনুমান করার দক্ষতা বা লাইন বাই লাইন পড়ে অর্থ অনুমান করার দক্ষতা গড়ে তোলে, তবে তারা যখন দ্বিতীয় ভাষায় অধ্যয়ন শুরু করে, তখন অতি সহজেই এই দক্ষতাগুলো স্থানান্তরিত হয়। তবে এ বহুমাত্রিক দক্ষতা সরাসরি দ্বিতীয় ভাষার মাধ্যমে শেখানো অনেক কঠিন।’

সেই প্রাথমিক স্তরকে আমরা চারটি ভাগে ভাগ করে ঐক্যবদ্ধ জাতি গঠনের অন্তরায় করে ফেলেছি। সাধারণ শিক্ষা, মাদ্রাসা শিক্ষা, ইংলিশ ভার্সন ও ইংলিশ মিডিয়াম। কেন এত বছরেও প্রতিটি কোমলমতি শিশুকে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়ার সুযোগ সৃষ্টি হলো না? এটা কি তাহলে মাতৃভাষার গুরুত্ব অনুধাবনের ব্যর্থতা, নাকি মাতৃভাষার প্রকৃতই গুরুত্বহীনতা? যদি প্রকৃত অর্থেই মাতৃভাষা গুরুত্বহীন হয়, তাহলে এ নিয়ে ২১ ফেব্রুয়ারিতে বড় বড় বুলি আওড়ানো থেকে বিরত থাকা উচিত। আর যদি ব্যর্থতা হয়, তাহলে এর প্রতিকারে ব্যবস্থা নেওয়া উচিত। আমরা স্বাধীনতার ৫৩ বছরে দাঁড়িয়ে কোনো ধরনের দোলাচলের মধ্যে থাকতে চাই না।

উচ্চশিক্ষায় বাংলা ব্যবহারের কথা আমরা দীর্ঘদিন ধরেই শুনে আসছি। এ বিষয়ে আগ্রহীরা জাপান, কোরিয়া, চীন এবং লাতিন আমেরিকার একাধিক দেশের উদাহরণ দেন। বাস্তবতা হলো, বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয়েই পুরোপুরি বাংলা মাধ্যম চালু নেই। এ নিয়ে দুই ধরনের মতবাদ পোষণকারী আছেন। একদল মনে করে, ইংরেজি হচ্ছে কুলীন ভাষা এবং এর প্রতি তাদের একধরনের অতিপ্রীতি আছে। আমি সে দলের বিষয়ে আগ্রহী নই। কিন্তু যারা মনে করেন উচ্চশিক্ষা মাতৃভাষায় দেওয়া সম্ভব, তাদের কাছে প্রশ্ন-গত পাঁচ দশকে উচ্চস্তরে বাংলায় শিক্ষা গ্রহণের কোন আয়োজনটি আমরা করতে পেরেছি? দেশের বিশ্ববিদ্যালয়গুলোয় শতাধিক বিষয়ে পাঠদান ও গ্রহণ করা হয়। এই ১০০টি বিষয়ের কোনো মৌলিক গ্রন্থের বাংলা রূপ আমরা দেখতে পাই কি? আজ যদি ইংরেজি ভাষায় কোনো আন্তর্জাতিক মানের বই প্রকাশিত হয়, তাহলে এক সপ্তাহের মধ্যে এর জাপানি সংস্করণ জাপানে পাওয়া যাবে। আমাদের বেলায় এর কোনো সুযোগ আছে কি? আমাদের দেশে ইংরেজিতে প্রতিবছর শত শত গবেষণা-প্রবন্ধ প্রকাশিত হয়, যার কোনো বাংলা রূপ আমাদের চোখে পড়ে না। সুতরাং কোনো লক্ষ্যে পৌঁছাতে চাইলে লজিস্টিক সাপোর্ট নিশ্চিত করতে হবে। তা না হলে তা কথার কথাই থেকে যাবে।

আমরা নিশ্চিভাবেই বিশ্বাস করি, এই দীর্ঘ সময়ে আসলে মাতৃভাষা নিয়ে আমরা যা প্রকাশ করেছি, তা নিতান্তই দায়সারা ও প্রথাগত। প্রকৃত অর্থে মাতৃভাষাকে ব্যবহার করে জাতি বিকাশের পথ সুগম করার কোনো বাস্তব পরিকল্পনা এবং তা বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ নিতে পারিনি।

লেখক: অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়

# জোটের খোঁজে নওয়াজ বিলাওয়াল,

(প্রথম পাতার পর)

তেহরিক-ই ইনসাফের (পিটিআই) ফলাফলে কারচুপির বিরুদ্ধে দেশব্যাপী বিক্ষোভের ‘সিনেমা’। কিছুটা ডকুমেন্টারি ফিল্মের ধাঁচে-শান্তিপূর্ণ।

মেরুদন্ডহীন গণতন্ত্রে সেনাদের বুট-বুলেটের আগ্রাসী অস্তিত্বের প্রতিফলন আবারও ভেসে উঠেছে দেশটিতে। রোববার পর্যন্ত পুরো দুদিন পার হলেও পূর্ণ ফল প্রকাশ পায়নি। টালমাটাল দিশেহারা পাকিস্তানে এ নিয়েই চলছে নিন্দা, সমালোচনা, বিক্ষোভ। এমন টানাপোড়নের মধ্যেই চলছে জোট সরকার গঠনের দৌড়ঝাঁপ।

জোটের খোঁজে একে অপরের সাহারা হয়েছেন পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন) দলের নেতা নওয়াজ শরিফ এবং পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) নেতা বিলাওয়াল ভুট্টো। রীতিমতো টানাটানি শুরু হয়েছে দেশটির প্রধানমন্ত্রী পদ নিয়ে। টানাহ্যাঁচড়া চলছে সরকার গঠন বাসনা নিয়ে। কে বেশি আসন পেল-সেটা বড় কথা নয়। সরকারে যেতে চায় তিন দলই। প্রধানমন্ত্রী হতে চান তিন মঞ্চের তিন নায়কই।

জয়ের আসন সংখ্যা পূর্ণ করতে না পেরে নওয়াজ শরিফের দল পিএমএল-এন জোট সরকার গঠনের দৌড়ে পিপিপির সঙ্গে ব্যাপক দরকষাকষি শুরু করেছে। রোববার দেশটির সংবাদমাধ্যম দ্য নিউজ ইন্টারন্যাশনাল জানিয়েছে, দুই দলের নেতাদের বৈঠকে পিপিপিকে পাকিস্তানের প্রেসিডেন্ট, জাতীয় পরিষদের স্পিকার ও সিনেটের চেয়ারম্যান পদ দেওয়ার প্রস্তাব দিয়েছে পিএমএল-এন। কিন্তু পিপিপির চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো জারদারিকে প্রধানমন্ত্রী বানানোর শর্তেই শুধু পিএমএল-এনের সঙ্গে পিপিপি সমঝোতায় রাজি হবে বলে জানিয়েছেন। সরকার গঠনের অসীম উচ্ছ্বাসে ভাসছে ইমরান খানের পিটিআইও।

পাকিস্তানে ৮ ফেব্রুয়ারী জাতীয় নির্বাচনের পর নতুন সরকার গঠন নিয়ে পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজের (পিএমএল-এন) এবং পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) শীর্ষ নেতারা রাজনৈতিক সমঝোতার বিষয়ে একমত হয়েছেন। রোববার (১১ ফেব্রুয়ারী) পিএমএল-এন ও পিপিপির নেতারা প্রথম আনুষ্ঠানিক বৈঠকে বসেন। লাহোরে পিপিপির চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো জারদারির বাসভবনে পিএমএল-এন-এর প্রেসিডেন্ট শাহবাজ শরিফ দলের জ্যেষ্ঠ নেতাদের নিয়ে যান। সেখানে দুই পক্ষ দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

বৈঠকের পর পিএমএল-এন ও পিপিপি যৌথ বিবৃতিতে বলে, পিএমএল-এন প্রেসিডেন্ট শাহবাজ শরিফের নেতৃত্বে পিএমএল-এনের প্রতিনিধি দল পিপিপি চেয়ারম্যান বিলওয়াল ভুট্টো জারদারি ও কো-চেয়ারম্যান আসিফ আলী জারদারির সঙ্গে বৈঠকে সরকার গঠনে তাদের সহযোগিতা চেয়েছেন। জবাবে পিপিপি নেতৃত্ব পিএমএল-এন নেতাদের বলেছেন, প্রস্তাবটি নিয়ে তাদের দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির (সিইসি) বৈঠকে আলোচনা করা হবে। সোমবার (১২ ফেব্রুয়ারী) এ বৈঠক হওয়ার কথা রয়েছে।

সেনা বাধা আর বিরোধীদের নানান কৌশল টপকে নির্বাচনি জয়ের দৌড়ে এগিয়ে আছেন খানের দল তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)। রোববার ডন ও জিইও নিউজের সর্বশেষ তথ্যানুযায়ী, স্বতন্ত্ররা ১০১টি আসন পেয়েছেন। যার মধ্যে সরাসরি পিটিআই সমর্থিত স্বতন্ত্র প্রার্থীরা পেয়েছেন ৯৩টি আসন। পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন) ৭৫টি। এর মধ্যে অবশ্য পিএমএল ৩টি। পাকিস্তান পিপলস পার্টি (পিপিপি) ৫৪টি এবং মুত্তাহিদা কওমি মুভমেন্ট (এমকিউএম) ১৭টি আসনে জয়ী হয়েছে। দশটি ছোট দল বাকি ১৭টি আসন পেয়েছে। ২ আসনের গণনা স্থগিত করা হয়েছে। পিটিআই ভোটের সব থেকে বেশি আসন নিয়ে সেনা-সমর্থিত পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন)-এর ক্ষমতায় জয়ী হওয়ার সম্ভাবনাকে ধ্বংস করে দিয়েছে।

তবে ফলাফল ঘোষণার বিলম্ব তার সমর্থকদের মধ্যে আশঙ্কার কারণ হয়ে দাঁড়িয়েছে। পিটিআই নেতাদের দাবি, ভোট কারচুপি না হলে তারা আরও বেশি আসন পেতেন তারা। নির্বাচনের দিন মোবাইল ও ইন্টারনেট পরিষেবা বন্ধ এবং ফলাফলের ধীরগতির গণনা সন্দেহের জন্ম দেয়। ধারণা করা হয় সামরিক সংস্থা পিএমএল-এন-এর সাফল্য নিশ্চিত করার প্রক্রিয়াটিকে প্রভাবিত করতে পারে। যার জেরে রোববার সমর্থকদের শান্তিপূর্ণ প্রতিবাদ করার আহ্বান জানায় পিটিআই। ফলে শুরু হয় বিক্ষোভ।

নির্বাচনে কথিত কারচুপির বিরুদ্ধে সারা দেশের বিভিন্ন শহরে বিক্ষোভ করেছে পিটিআই নেতারা। রাওয়ালপিন্ডির সাদিকাবাদে জেলা নির্বাচন কমিশনারের কার্যালয়ের বাইরে বিক্ষোভ করেছে। অনুষ্ঠানে উপস্থিত পুলিশ কর্মীরা বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে টিয়ার গ্যাস ব্যবহার এবং লাঠিচার্জ করেছে বলে জানা গেছে। পিটিআইয়ের আরও কিছু কর্মী শুক্কুর প্রেসক্লাবের বাইরেও বিক্ষোভ করেছে। এই বিক্ষোভের নেতৃত্বে ছিলেন এনএ-২০০ এবং পিএস-২৪ থেকে দলের স্বতন্ত্র প্রার্থী গোহর খোসো এবং সাফিয়া বালুচ।

এছাড়া পিটিআই কর্মীদের আরেকটি বিক্ষোভ পাকিস্তানের নির্বাচন কমিশনের (ইসিপি) সিন্ধু অফিসের বাইরে অনুষ্ঠিত হয়েছিল। এদিকে পাঞ্জাবের দক্ষিণের শহর চকওয়ালে রিটার্নিং অফিসারের অফিসের বাইরে বিক্ষোভ করার জন্য পিপি-২২ এবং পিপি-২৩-এর প্রার্থীসহ ৩০০ পিটিআই কর্মীদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ।

মামলায় সন্ত্রাস ও সাউন্ড অ্যাক্ট লঙ্ঘনসহ একাধিক অভিযোগ আনা হয়েছে। বিক্ষোভ ছড়িয়ে পড়ে করাচিতে ও লাহোরেও। সহিংসতা আরও ছড়িয়ে পড়ার আশঙ্কায় ইতোমধ্যে ইসলামাবাদ এবং রাওয়ালপিন্ডিতে ১৪৪ ধারা জারি করা হয়েছে। বিক্ষোভে তেহরিক-ই-লাব্বাইক পাকিস্তান (টিএলপি) ও জামায়াত-ই-ইসলামী (জেআই)-এই দুই দলও যোগ দেয়।

Highland Medical Care, PLLC





Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

# শাবনূরকে 'মা' মনে করেন দীঘি!

(শেষের পাতার পর)

ছোটবেলাতেই দীঘি মা দোয়েলকে হারিয়েছেন। তবে মায়ের কথা মনে করে প্রায়ই কেঁদে ওঠেন তিনি। মাকে নিয়ে স্মৃতিচারণা করে প্রায়ই আবেগঘন স্ট্যাটাস দেন তিনি।

তবে এবার এই তারকা জানালেন, নন্দিত অভিনেত্রী শাবনূরকে মা মনে করেন তিনি। সম্প্রতি চলচ্চিত্র পরিচালক সমিতির পরিবার দিবসে হাজির হয়েছিলেন তাঁরা। সেখানেই ফ্রেমবন্দি হন দুই প্রজন্মের দুই তারকা। ছবিটি শেয়ার করে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দীঘি লেখেন, 'আমি তাকে আমার মা মনে করি। শাবনূর আন্টি।' সঙ্গে জুড়ে দেন লাভ ইমোজি। বলে রাখা প্রয়োজন, যখন শিশুশিল্পী হিসেবে অভিনয় শুরু করেন তখন শাবনূরের মেয়ের চরিত্রে অভিনয় করেছিলেন দীঘি।

২০০৮ সালে মুক্তি পায় পি এ কাজল পরিচালিত সিনেমা '১ টাকার বউ'। এতে প্রধান চরিত্রে অভিনয় করেছেন শাকিব খান, শাবনূর ও রুমানা খান। সিনেমাটিতে কাজল চরিত্রে অভিনয় করা শাবনূরের মেয়ের ভূমিকায় দেখা গেছে দীঘিকে। এর চেয়ে বড় খবর হচ্ছে, সিনেমাটিতে অভিনয় করে দর্শক-সমালোচকদের কাছে শিশুশিল্পী হিসেবে প্রশংসিত হন দীঘি। এখানেই শেষ নয়, এই চলচ্চিত্রে অভিনয়ের জন্য ৩৩তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে শ্রেষ্ঠ শিশুশিল্পী বিভাগে পুরস্কৃত হন তিনি।

এদিকে ভালোবাসা দিবস উপলক্ষে মুক্তি পেতে যাচ্ছে দীঘি অভিনীত সিনেমা 'শ্রাবণ জ্যোৎস্নায়'। কথাসাহিত্যিক ইমদাদুল হক মিলনের 'শ্রাবণ জ্যোৎস্নায়' উপন্যাস অবলম্বনে নির্মিত এ সিনেমাটি পরিচালনা করেছেন আবদুস সামাদ খোকন। সরকারি অনুদান পাওয়া এই সিনেমায় দীঘির বিপরীতে দেখা যাবে গাজী আবদুন নূরকে।

# ওজনপার্ক থেকে বাংলাদেশী নিখোঁজ

(প্রথম পাতার পর)

দিয়েছে। এদিকে নিউইয়র্ক সিটিতে প্রায় প্রতিদিনই নিখোঁজ হওয়ার খবর পাওয়া যাচ্ছে। গেলো সপ্তাহে সিটির বিভিন্ন স্থানে নানা বয়সী অন্তত দুই ডজন নর-নারী নিখোঁজ হওয়ার খবর পাওয়া গেছে। এতে জনমনে উদ্বেগ-উৎকণ্ঠা বাড়ছে।

নিখোঁজের পারিবারিক সূত্র ও নিউইয়র্ক সিটি পুলিশ বিভাগ সূত্রে জানা গেছে, সিলেটের বিয়ানীবাজার উপজেলার সন্তান সুনাই ওজনপার্কের ১০৭-৫৭ ৭৮ স্ট্রীট ঠিকানায় বসবাসকারী সুনাই গত ১০ ফেব্রুয়ারী শনিবার সকাল থেকে নিখোঁজ রয়েছেন। এদিন সকালে ফজরেরর নামাজ পরার পর তিনি বেরিয়ে পড়রেন এবং তার আর কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। পুলিশ বলছে শুক্রবার সকাল ১১টার পর থেকেই তিনি নিখোঁজ। তিনি লম্বায় ৫ ফুট ৬ ইঞ্চি আর তার ওজন ১৪০ পাউন্ড।

তার নিখোঁজের ব্যাপারে পারিবারিকভাবে প্রচারপত্র বিলি করা হয়েছে এবং স্থানীয় ১০৬ পুলিশ প্রিসেঙ্কট অভিযোগ করা হয়েছে এবং সিটির বিভিন্ন হাসপাতাল সহ সম্ভাব্য সকল জায়গায় খোঁজখবর চলছে। পুলিশ বিভাগও তার সন্ধান চেয়ে খবর পরিবেশন করেছে। তার কোন সন্ধান পেলে এনওয়াইপিডি'র ক্রাইম স্টপার্স-এর হটলাইন নম্বর ১-৮০০-৫৭৭-৮৪৭৭ তে যোগাযোগ করতে বলা হয়েছে। অথবা যোগাযোগ করুন https://crimestoppers.nypdonline.org/, or on Twitter @NYPDTips.

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519


FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

IRS ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার

Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু

| প্যাকেজ -১ | প্যাকেজ-২ | প্যাকেজ-৩ | প্যাকেজ-৪ |
| --- | --- | --- | --- |
| প্লেইন পোলাও, চিকেন রোস্ট, মিক্সড ভেজিটেবল, সালাড, ডিজার্ট | প্লেইন পোলাও, চিকেন রোস্ট, সামি কাবাব, মিক্সড ভেজিটেবল, সালাড, ডিজার্ট | প্লেইন পোলাও, চিকেন রোস্ট, গোট অথবা বিফ কারি, মিক্সড ভেজিটেবল, সালাড, ডিজার্ট | মটর পোলাও, চিকেন রোস্ট, সামি কাবাব, গোট অথবা বিফ কারি, মিক্সড ভেজিটেবল, সালাড, ডিজার্ট |
| $ 7.00 | $ 8.00 | $10.00 | $11.00 |

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527








# আটাব'র নতুন কমিটির অভিষেক অনুষ্ঠিত

(শেষের পাতার পর)

ভাইস কনসাল আসিফ আহমেদ। অনুষ্ঠানের শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে মঞ্চে পরিচয় করিয়ে দেন অভিষেক কমিটির আহবায়ক মো: শামসুদ্দিন বসির ও সদস্য সচিব শ্যামল তালুকদার। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন মোশারফ হোসেন।

সংগঠনের সহ সভাপতি মাওলানা এমকে মাহামুদের পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশন শেষে অভিষেকের মূল পর্ব শুরু হয়। এসময় অনুষ্ঠান মঞ্চে উপবিষ্ট ছিলেন জেবিবিএ'র প্রাক্তন সভাপতি মোহাম্মদ পিয়ার, জেবিবিএ'র সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়ামান, প্রধান নির্বাচন কমিশনার মো: এম রহমান, নির্বাচন কমিশনার জাফর ফেরদৌস, মোহাম্মদ আলী চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, মোহাম্মদ আবুল কালাম আজাদ, মোহাম্মদ আব্দুল খালেন, নজরুল ইসলাম, আলী আকবর বাপ্পী প্রমুখ।

শুভেচ্ছা বক্তব্যে সংগঠনের সাধারণ সম্পাদক বলেন, সংগঠনকে গতিশীল করতে আমরা সকলে হাতে হাত মিলিয়ে কাজ করে যাবো।

সভাপতি তার বক্তব্যে সংগঠনের উদ্দেশ্য তুলে ধরে বলেন,ট্রাভেল্স ব্যবসার মাধ্যমে কমিউনিটিকে আরো বেশী উন্নত সেবা প্রদান করতেই আমরা একত্রিত হয়েছি। ২০১৭ সাল থেকে আমাদের অগ্রযাত্রার সুভ সূচনা। সভাপতি জোর দিয়ে বলেন, আটাবই একমাত্র সংগঠন, যেখান থেকে টিকেন কিনলে কোন প্রকার হয়রানির শিকার হবার সম্ভাবনা নেই। তাই সকলকে বলবো, আটাব সদস্যদের কাছ থেকে টিকেট কিনুন এবং নিশ্চিন্তে ভ্রমণ করুন। তিনি বলেন, গ্রাহকদের কোন ধরণের অভিযোগ থাকলে, তা আটাব'র কাছে জানান, আমরা সমস্যা সমাধানে সার্বিক সহযোগিতার আশ্বাস দিচ্ছি।

# একুশের সর্ববৃহৎ আয়োজনে বাংলাদেশ সোসাইটির

(শেষের পাতার পর)



অতিথি থাকছেন গ্লোবাল পিস অ্যামব্যাসেডর, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ডার ড. আবু জাফর মাহমুদ। গত ৭ ফেব্রুয়ারী বুধবার নিউইয়র্কের এলমহার্স্টে সোসাইটির নিজস্ব কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানে এই ঘোষণা দেন বাংলাদেশ সোসাইটির সভাপতি মোহাম্মদ রব মিয়া। অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ রুহুল আমীন সিদ্দিকী, সহ সভাপতি ফারুক চৌধুরী, কোষাধ্যক্ষ মোহাম্মদ নওয়াশেদ হোসেন, জনসংযোগ ও প্রকাশনা সম্পাক রিজু মোহামেদ, ক্রীড়া ও বিনোদন সম্পাদক মাইনুদ্দিন মাহবুব, নির্বাহী সম্পাদক আখতার বাবুল, সাদী মিন্টু প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আবু জাফর মাহমুদ বলেন, আমরা যুদ্ধ করে বাংলাদেশ জন্ম দিয়েছি। প্রবাসে বাংলাদেশের ঐতিহ্য সংস্কৃতি সুরক্ষার নেতা হচ্ছে আমেরিকার বাংলাদেশ সোসাইটি। এই সোসাইটি যতদূর পর্যন্ত বিস্তৃত হবে, ততদূর পর্যন্ত আমি গভীরভাবেই এর সঙ্গে যুক্ত। এই সোসাইটি পরিচালনার কাজটি গোটা জাতির কাজ, গোটা সমাজের কাজ। বিশেষ করে সামাজিক নেতৃত্ব প্রতিষ্ঠার ক্ষেত্রে এই সংগঠনের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে।

তিনি বলেন, যেখানে আমাদের লক্ষ্যের একতা আছে সেখানে কর্মের একতা নিয়ে ভাবতে হবে না। লক্ষ্যটা আগে স্থির করা দরকার। সকল স্রোতে গা ভাসিয়ে দেয়া কোনো জ্ঞানী মানুষের কাজ নয়। আমরা যেন সফল হই। সফলতাটি হচ্ছে আমরা যা করছি তার যেন কার্যকারিতা থাকে। আর সেই কার্যকারিতাও অন্য কিছু নয়, শুধু আমাদের দেশ ও জাতির কল্যাণ। নিউইয়র্ক সিটিতে পৃথিবীর সব জাতিধর্মের মানুষ রয়েছে। এর মধ্যে আমাদের জাতি যেন সম্মান ও মর্যাদায় মাথা উঁচু করে থাকতে পারে সেটিই আমাদের দেখার বিষয়।

আবু জাফর মাহমুদ বলেন, দেশকে প্রতিনিধিত্ব করে, বাংলাদেশ সোসাইটি। এই সোসাইটি তখনই সফল হবে, যখন এটি পকেটের প্রভাবে বড় না হয়ে জ্ঞানের প্রভাবে বড় হয়। তিনি বাংলাদেশ সোসাইটির অতীতের বিভিন্ন কর্মকান্ডের কথা তুলে ধরে বলেন, সেগুলো এখন নেই বলেই সংগঠনটি গতিশীলভাবে চলছে। তিনি বলেন, ব্যক্তি সম্মান বা সংগঠন পরিচালনার সাফল্যই শেষ কথা নয়। বিশ্ব দরবারে বাংলাদেশের ভাবমূতিকে বড় করে তোলাই আমাদের বড় দায়িত্ব।

এবার একুশে উদযাপনী আয়োজন উডসাইটের টিবেটান কমিউনিটি সেন্টারে। অনুষ্ঠান শুরু হবে আগামী ২০ ফেব্রুয়ারী মঙ্গলবার বিকেল ৫টায়। চলবে একুশের প্রথম প্রহর পর্যন্ত। অনুষ্ঠানে থাকবে বাংলাদেশের রাষ্ট্রভাষা আন্দোলন, মুক্তিসংগ্রাম ও দেশপ্রেমের বার্তাবহ বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা। প্রতিবারের মতোই থাকবে সাংগঠনিক নানা আনুষ্ঠানিকতা ও একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করে বায়ান্নর রাষ্ট্রভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন। -প্রেস বিজ্ঞপ্তি।






আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960



MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!

# বাসা ভাড়া

## বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হি-লসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।
যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

## বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্রিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

## বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : 203-993-7788 Humayunchy@hotmail.com

## রুম ভাড়া

২৩-৩০ ৪২ স্ট্রীট, এস্টোরিয়া নিরিবিলি পরিবেশে রুম ভাড়া হবে।
যোগাযোগঃ ৯১৭-৮৬১-৯০৩৫।

## পাত্র চাই

বাংলাদেশের সম্ভ্রান্ত এক হিন্দু পরিবারের অবিবাহিত ৫০ উর্ধ্ব সুন্দরী পাত্রীর জন্য আমেরিকার গ্রীনকার্ড অথবা সিটিজেন হিন্দু পাত্র চাই (আর্জেন্ট)। পাত্র বিপত্নিক অথবা ডিভোরসি হলেও চলবে।
যোগাযোগঃ৯১৭-৯৮১-৮৫৩৯

## বাড়ি বিক্রয়

আটলান্টিক সিটির বিচ বকে এয়ার বিএনবি লাইসেন্সসহ (শর্টটার্ম রেন্টাল) ৭ বেডরুমের মাল্টি ফ্যামিলি তিনতলা ইটের তৈরি বাড়ি বিক্রয় হবে। মূল্য ৮৩৯৯০০০।
যোগাযোগ ৬৪৬ ৭৩২ ৯১৫০

## মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন: মোহাম্মদ তুহিন
☎ ৭১৮-৩১০-০৪১৩

## TDS INSURANCE এর প্রতিবাদ

কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-
**TDS INSURANCE BROKERAGE CORP.**

## পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। ৩৪৭-৩৪৫-৮২০৭.

## পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

## পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।
**যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০**
**Email: gomaruf@gmail.com**

## ফ্লোরিডায় গবাদী পশু খামার বিক্রি হবে

ফ্লোরিডার অরল্যান্ডোতে একটি গবাদী পশু খামার/ফার্ম/ল্যান্ড গবাদী পশু সহ বিক্রি করা হবে। জমির পরিমান ৪৩+ একর। জমিটি হাই এন্ড ড্রাই প্লাসটুরেস। কোন ওয়েটল্যান্ড নেই। জমিতে বিদ্যুৎ, পানি, দুটি লেক, চারটি বাম আছে। কোরবানীর সব ইকুইপমেন্ট সহ কোরবানী করার সকল ব্যবস্থা বিদ্যমান। এছাড়াও একটি ট্রাক্টর এবং থাকার জন্য একটি ট্রেইলার বাড়ী আছে। মূল্য: ২২,৯৯৯ ডলার প্রতি একর। যোগাযোগ: আব্দুল বাতেন।
**টেক্সট # ৪০৭-৭১৯-২৫১৯**
**Email: chevron803@gmail.com**


## টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
**দূরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪**

## One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact




**LOOKING FOR A NURSE PRACTITIONER TO JOIN A BUSY MEDICAL PRACTICE IN THE BRONX, NY. COMPETITIVE COMPENSATION. PLEASE CONTACT ME AT (267)342-1481.**



## লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ ৬৩১-২৭৫-৪০০৭

## বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
**Bangladesh Center Inc**
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

## আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।
**যোগাযোগ: ৭১৮-৪২৬-৬৬০০**

## JAMAICA GARAGE FOR RENT

INDOOR GARAGE WITH REMOTE KEY FOR RENT. 175 STREET & HILLSIDE AVENUE. LEAVE MESSAGE: 917-533-3928

## মুসলিম কাজী অফিস

Imam & Khatib
**Bangla Bazar Jame Masjid**
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



**Quazi Moulana Abul Kashem Eahea**
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
**Tel: 347-208-9055**
Email:abuleahea@gmail.com

بسم الله الرحمن الرحيم


## পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn University, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
**Mobile Tel. No 646-591-4696**
**Res: 718-931-2509**
**e-mail: moondhs@gmail.com**

## MATRIMONIAL SERVICE

## কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
**KAZI MOWLANA MD. ABUL KHAIR**
IMAM & KHATUB
**MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.**
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444










# ব্যাপক অংশগ্রহণে কিরাত প্রতিযোগিতার শুরু

(শেষের পাতার পর)


রাউন্ডের প্রতিযোগিতা। এতে বাংলাদেশী বংশোদ্ভুত নতুন প্রজন্মের পাশাপাশি অন্য কমিউনিটির মুসলিম শিশু-কিশোর-কিশোরীদের অংশগ্রহণ ছিলো ব্যাপক। উৎস-বমুখর পরিবেশে অনুষ্ঠিত এই পর্বে প্রায় অর্ধশত শিশু-কিশোর-কিশোরী অংশ নেন। ফলে অংশগ্রহনকারী আর অভিভাবকদের উপস্থিতিতে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ উৎসবমুখর হয়ে উঠে।


প্রতিযোগিতা শুরুর আগে অংশগ্রহনকারীদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের। এছাড়াও নিয়ম কানুন তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রতিযোগিতা আয়োজনের সমন্বয়কারী মওলানা রশিদ আহমদ ও সঞ্চালক মওলানা আহমেদ আবু সুফিয়ান। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করছেন মওলানা কারী মোহাম্মদ ইয়াসীন, ওস্তাদ রাহাত ইকবাল এবং ওস্তাদ আব্দুরহমান সুমারী। শনিবারের প্রতিযোগিতায় সেকেন্ড গ্রেড থেকে সিক্স গ্রেড পর্যন্ত বালক-বালিকারা অংশ নেয়। বেলা ২টা থেকে সন্ধ্যা সাড়ে ৫টা পর্যন্ত একে একে চলে প্রাথমিক পর্বের প্রতিযোগিতা। রোববার (১১ ফেব্রুয়ারী) অনুষ্ঠিত হয় সেভেন গ্রেড থেকে ১২ গ্রেড পড়ুয়া বালক এবং সেভেন গ্রেড থেকে ১০ গ্রেড পড়ুয়া বালিকাদের প্রতিযোগিতা। এদিন বেলা ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলে এই পর্বের প্রতিযোগিতা। চুড়ান্ত প্রতিযোগিতা আসন্ন রমজান মাসে অনুষ্ঠিত হবে এবং পরবর্তীতে দিন-তারিখ জানানো হবে। প্রতিযোগিতার আয়োজন দেখে এতে অংশগ্রহনকারীদের অভিভাবকরা সন্তোষ প্রকাশ এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র উদ্যোগের প্রশংসা করেন।


এদিকে প্রতিযোগিতা অনুষ্ঠানের মাঝে জোহর আসর নামাজের বিরতির সময় মিডিয়া ভবনটিতে উপস্থিত প্রতিযোগী ও অভিভাবকরা জামাতের সাথে নামাজ আদায় করেন। নারীরাও পৃথক ব্যবস্থায় নামাজ আদায় করেন। ফলে মিডিয়া হাউজটিতে ধর্মীয় আবেশ ছিলো বিরাজমান। পশাপাশি প্রতিযোগীদের প্রস্তুতি আর কোর-আন তেলাওয়াত চর্চা অন্যরকম আবহের সৃষ্টি করে।















# আমেরিকায় মুসলিম কমিউনিটিকে টিকে থাকতে হলে সকলকে

(শেষের পাতার পর)

আমেরিকান রাজনীতিতে বহুল আলোচিত। তাঁর সম্মানে নিউইয়র্কে আয়োজিত এক ফান্ড রেইজিং অনুষ্ঠানে তিনি বলেন, যুক্তরাষ্ট্রে দিন দিন মুসলিম কমিউনিটি প্রসারিত হচ্ছে। প্রতিটি রাজ্যে মুসলমানদের সংখ্যা বাড়ছে। আমেরিকা আর বিশ্ব রাজনীতির চলমান পরিস্থিতিতে মুসলিম কমিউনিটিকে টিকে থাকতে হলে সকল মুসলিমকে ঐক্যবদ্ধ হতে হবে, মূলধারার রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হতে হবে। এজন্য নিজেদের ভোটাধিকার প্রয়োগের বিকল্প নেই।

জ্যামাইকার আল মামুর স্কুলে গত ৩ ফেব্রুয়ারী শনিবার সন্ধ্যায় আয়োজিত উল্লেখিত ফান্ড রেইজিং অনুষ্ঠানের মূল আয়োজক ছিলেন কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী আব্দুল আজিজ ভূইয়া এবং আফতাব মান্নান। হোস্ট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ফান্ড রেইজিং পর্ব পরিচালনা করেন আব্দুল আজিজ ভূইয়া ও আল মামুর স্কুলের ছাত্রী জানাইল কাশারি। খবর ইউএনএ'র।

সঙ্গত কারনেই ইউএস কংগ্রেসের আলোচিত মুসলিম এই নারী কংগ্রেসওম্যান ছিলেন অনুষ্ঠানের মধ্যমনি। খুব সাদাসিধে পোশাকে অনুষ্ঠানে উপস্থিত হন তিনি। অনুষ্ঠানের মূল পর্বের আগে ও পরে খোলামেলা কথা বলেন আর শুভেচ্ছা বিনিময় করেন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে। উল্লেখ্য, অনুষ্ঠানে বাংলাদেশী ও পাকিস্তানী কমিউনিটিসহ বিভিন্ন মুসলিম কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। এই ফান্ড রেইজিং অনুষ্ঠান থেকে প্রায় ৭৫ হাজার ডলার সংগৃহীত হয়েছে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

অনুষ্ঠানে নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলিম্যান জোহরান মামদানী সহ অন্যান্যের মধ্যে জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও কো হোস্ট ডা. নাজমুল এইচ খান, কো চেয়ারম্যান হাবিব উদ্দিন আহমেদ, জেএমসি'র সভাপতি ডা. মাহমুদুর রহমান, নাসাও কাউন্টির ফাইভ টাউন মসজিদের প্রেসিডেন্ট তানভীর আহমেদ, ইসলামিক সার্কেল অব নর্থ আমেরিকা (ইকনা)-এর সভাপতি তারিকুর রহমান, নিউইয়র্ক মুসলিম ট্রাসফোর্সের সভাপতি ডা. মোহাম্মদ ওয়াহিদুর রহমান, ডা. জাকির সাব্বির, জেএমসি পরিচালনা কমিটির সেক্রেটারী আফতাব মান্নান, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক, ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ারের প্রেসিডেন্ট গিয়াস আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ইহলান ওমর দৃঢ়তার সাথে আরো বলেন, আমি মুসলমানদের পক্ষে সত্য কথা বলি বলেই আমার বিরুদ্ধে মিলিয়ন মিলিয়ন ডলার খরচ করে ষড়যন্ত্র করা হচ্ছে। বিশেষ করে রিপাবলিকান পার্টির সদস্যরা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। তিনি বলেন, সকল মুসলিম কমিউনিটিকে ঐক্যবদ্ধ হয়ে মুসলমানদের বিরুদ্ধে যেসব ষড়যন্ত্র হচ্ছে তা মোকাবেলা করতে হবে। তিনি বলেন, মূলধারার রাজনীতিবিদদের সঙ্গে বন্ধুত্ব করতে হবে। মূলধারায় সম্পৃক্ত হতে না পারলে কোনোভাবেই মুসলমানদের ন্যায্য অধিকার আদায় করা সম্ভব নয়। তিনি আরো বলেন, এই দেশে জন্ম নেয়া এবং বেড়ে ওঠা নতুন প্রজন্মকে মূলধারার রাজনীতিতে অংশগ্রহণ করতে হবে। গাজা প্রসঙ্গে তিনি বলেন, হামাস যখন ইসরায়েলে হামলা চালিয়েছিল আমরা সেই হামলার নিন্দা জানিয়েছিলাম, কিন্তু মাসের পর মাস যখন ইসরায়েল নিরপরাধ ফিলিস্তিনীদের ওপর হামলা চালাচ্ছে, তখন আমরা মাত্র পাঁচ জন সদস্য নিন্দা জানিয়েছি, অন্যরা সব বিরত থাকছে। উল্টো ইসরায়েলকে অর্থ দেওয়ার জন্য তারা সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। যা কাম্য নয়।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে আয়োজক কমিটির কো হোস্ট আমীর খান, ডা. আতাউল ওসমানী, ডা. এম পাটোয়ারি, সায়েদ রহমান, মাহবুবুর রহমান, সায়েদ মুজাফ্ফর, আক্তার শাহীন, মোহাম্মদ হাশেম, মোহাম্মদ বেলাল ভুইয়া, খাজা মিজানুল হাসান, ডা. সিদ্দিকুর রহমান, ডা. আসাদুর রহমান, ডা. জান্নুন চৌধুরী, জোহেব চৌধুরী, মনজুর চৌধুরী, মোহাম্মদ সোয়েব বখত, আজহার হক, ডা. ইমরান হোসাইন, ডা. আব্দুস সবুর, ডা. মাসুদুর রহমান, সালেহ আহমেদ, একেএম ফজলে রাব্বী, জ্যামাইকা মুসলিম সেন্টারের জয়েন্ট সেক্রেটারী ফখরুল ইসলাম দেলোয়ার প্রমুখ উপস্থিত ছিলেন।

# এগিয়ে আসছে ১৩০ ফুট গ্রহাণু

**বাংলা পত্রিকা ডেস্ক:** পৃথিবীর কাছাকাছি এগিয়ে আসছে ১৩০ ফুট গ্রহাণু। গ্রহাণুটি নাসার সেন্টার ফর নিয়ার-আর্থ অবজেক্ট স্টাডিজ দ্বারা ‘গ্রহাণু ২০০৭ ইজি’ হিসাবে মনোনীত করা হয়েছে। ১৯৭৬ সালে পালোমার অবজারভেটরিতে প্রথমবার গ্রহাণু ২০৬২ অ্যাটেন আবিষ্কার করেছিলেন আমেরিকান জ্যোতির্বিজ্ঞানী ইলেনর হেলিন। আর পৃথিবীর দিকে এগিয়ে আসা এই গ্রহাণুটি অ্যাটেন গ্রুপেরই অন্তর্গত।

নাসা জানিয়েছে, গ্রহাণু ২০০৭ ইজি বিপজ্জনক গ্রহাণু নয়। আর আকারের দিক থেকে গ্রহাণু ২০০৭ ইজি প্রায় ১৩০ ফুট চওড়া।

# সন্তান নিলেই ৭৫ হাজার ডলার

**বাংলা পত্রিকা ডেস্ক:** সন্তান নিলেই কর্মীদের প্রতিবার ৭৫ হাজার ডলার দেবে এই কোম্পানি! দক্ষিণ কোরিয়ার জন্মহার ক্রমেই কমছে। এ সমস্যার সমাধানে সাহায্য করতে মিলিয়ন ডলার খরচ করতে প্রস্তুত দেশটির একটি কোম্পানি। সিউলভিত্তিক নির্মাণ প্রতিষ্ঠান বুইয়ং গ্রুপ ঘোষণা দিয়েছে, তাদের প্রতিষ্ঠানের কর্মীরা সন্তান নিলেই ৭৫ হাজার ডলার বা ১০ মিলিয়ন কোরিয়ান ওন পাবেন। যতবার সন্তান নেবেন, ততবারই এই বোনাস পাবেন কর্মীরা।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে বুইয়ং গ্রুপ জানায়, কর্মীদের তারা মোট ৫.২৫ মিলিয়ন ডলার নগদ দেবে। ২০২১ সাল থেকে এ পর্যন্ত ৭০টি সন্তান নিয়েছেন এ কোম্পানির কর্মীরা; তাদেরকে এ অর্থ দেয়া হবে। কোম্পানির একজন মুখপাত্র সিএনএনকে বলেন, এ সুবিধা তাদের সব নারী ও পুরুষ কর্মীর জন্য প্রযোজ্য হবে। স্ট্যাটিস্টিকস কোরিয়া তথ্য অনুসারে, সন্তান জন্মদান বা ফার্টিলিটি হারে ২০২২ সালে বিশ্বে সবার নিচে ছিল দক্ষিণ কোরিয়ার। ওই বছর দেশটির জন্মদানের হার ছিল ০. ৭৮। এ হার ২০২৫ সাল নাগাদ ০.৬৫-এ নেমে যাওয়ার আশঙ্কা রয়েছে।

# ৯৫ বছর বয়সে মাস্টার্স

**বাংলা পত্রিকা ডেস্ক:** ইচ্ছে থাকলে উপায় হয়, এই কথা আবারো প্রমাণ করলেন ৯৫ বছর বয়েসী ডেভিড মার্জট। তার কান্ডে হতবাক গোটা নেটপাড়া। কানাডার ভাঙ্কুভারের সারির বাসিন্দা ডেভিড মার্জট। ৯৫ বছর বয়সে তিনি মাস্টার্স করলেন আর্টসে। কিংস্টন বিশ্ববিদ্যালয়ে মর্ডার্ন ইউরোপিয়ান ফিলোসফির ওপরে স্নাতকোত্তর হন তিনি। মনোরোগ বিশেষজ্ঞ হওয়ার ৭২ বছর পর তিনি আবারো ছুটে যান সেই পড়াশোনার দিকেই। পড়াশোনার সত্যিই কোনো বয়স হয় না।

এ দিকে এই ঘটনা ছড়িয়ে পড়তেই সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশংসার ঝড় উঠেছে। ডেভিড মার্জট কিংস্টন বিশ্ববিদ্যালয় থেকে মর্ডার্ন ইউরোপিয়ান ফিলোসফি বা আধুনিক ইউরোপীয় দর্শনে এমএ বা স্নাতকোত্তর শেষ করেছেন। ডাক্তারি পাস করার ৭২ বছর পর বর্তমানে এই ডিগ্রি প্রাপ্তি।

বিশ্ববিদ্যালয়ের সূত্রে জানা গেছে, মার্জট এখন পার্টটাইম ডক্টরেটের চিন্তাভাবনা করছেন, যা সম্পন্ন হতে হতে ১০২ বছর বয়স হবে তার। মার্জটের ভাষ্যমতে, তার এই ডিগ্রি তার পরিশ্রমের প্রতীক। তিনি বলেন, ‘আমার স্মৃতি আর আগের মতো নেই।’ যারা শিক্ষাকে মাঝপথে ছেড়ে দিয়েছেন এবং এখন নতুন করে আবার পড়াশোনা শুরু করতে চান; তাদের উদ্দেশে মার্জট বলেন, ‘এটি একটি জুয়া খেলার মতো। আপনি বাজি ধরবেন, হয় জিতবেন নয় হারবেন। তবে মোদ্দা কথা হলো এই যে, যদি আপনার ইচ্ছে থাকে, আত্মার থেকে করতে ইচ্ছে করে, তবে এগিয়ে যান। সাফল্য আসতে বাধ্য।’ মার্জটের বিয়ের ৬৫ বছর পর তার স্ত্রী বিয়োগ হয়। তিনি জানান, তার এই স্নাতকোত্তর ডিগ্রি তার মন মেজাজকে চাঙ্গা রাখতে সাহায্য করেছে। এমন কৃতী ছাত্রের বিষয়ে প্রশ্ন করা হলে কিংস্টন বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপক স্টেলা স্যান্ডফোর্ড বলেন, ‘ডেভিড যখন আমাদের বিশ্ববিদ্যালয়ে আসেন, তার কাছে আগাগোড়াই এক অভাবনীয় ক্যারিয়ার ছিল। সেই সাথে ছিল জ্ঞান ও অকল্পনীয় অভিজ্ঞতার সম্পদ।’










# একুশের বইমেলায় প্রবাসী সুফিয়ান আহমদ চৌধুরীর পাঁচটি বই

**নিউইয়র্ক:** ঢাকার একুশের বইমেলায় এবছর যুক্তরাষ্ট্র প্রবাসী এডভোকেট সুফিয়ান আহমদ চৌধুরীর পাঁচটি বই বের হয়েছে। ২০২৪-এর একুশের বইমেলায় বের হওয়া তার দুটি গল্পের বই হচ্ছে 'রাজার চোখে বানের পানি' (দ্বিতীয় সংস্করণ নতুন আঙ্গিকে) ও নতুন গল্পের বই 'স্বপ্নের ফেরিওয়ালা'। এ ছাড়াও ২০২৩ সালে একুশের বইমেলায় ছড়ার বই ধাপুস ধুপুস, কবিতার বই আলোর পতাকা হাতে ও স্মৃতিচারণ মূলক বই স্বর্ণালি দিনের ডায়েরি বের হয়। এই বইগুলো প্রকাশ পেয়েছে তার নিজস্ব প্রকাশনী দর্পণ প্রকাশ থেকে। পরিবেশক হিসেবে রয়েছে সপ্তডিঙা প্রকাশন, প্রতিভা প্রকাশ, কিশোর লেখা ও পাপড়ি সহ অন্যান্য। -প্রেস বিজ্ঞপ্তি।



# ইউএস বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নতুন পরিচালক পর্ষদ গঠন





**নিউইয়র্ক:** ইউএস বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ইউএসবিসিসিআই) যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক উন্নতি এবং অর্থনৈতিক সম্পৃক্ততা বৃদ্ধির জন্য নতুন পরিচালক পরিষদ গঠন করেছে। নিউইয়র্কে সম্প্রতি এ নতুন পরিচালক পরিষদ গঠন করা হয়। দক্ষ ও অভিজ্ঞ ব্যবসায়ী, পেশাজীতি ও আর্ন্তজাতিক ব্যক্তিত্বের সমন্বয়ে গঠিত নতুন পরিচালক পর্ষদ চেম্বারের উন্নয়নে সুদুর প্রসারী ভূমিকা রাখবে বলে সকলের বিশ্বাস। সময়োপেযোগী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আগামীতে চেম্বারের পাশাপাশি চেম্বারের সদস্য কোম্পানীসমূহের উন্নয়নে অগ্রনী ভূমিকা পালন করবে।

ইউএসবিসিসিআই'র নতুন পরিচালক পরিষদ এর সদস্যরা হলেন: মোহাম্মদ লিটন আহমেদ (সিইউও, প্রেসিডেন্ট, ইউএসবিডি গ্রুপ এলএলসি), বখত রুম্মান বিরতীজ (ভাইস প্রেসিডেন্ট, ব্র্যান্ড মিনস বিজনেস-এর চিফ এক্সিকিউটিভ ও চিফ প্যাট্রন), ফখরুল ইসলাম দেলোয়ার (ডিরেক্টর, ফাতিমা গ্রোসারী), শেখ ফরহাদ (প্রেসিডেন্ট এবং সিইও, ইকোগ্রিন টেক্সট ইন্ক), আহাদ আলী সিপিএ (প্রতিষ্ঠাতা ও সিইও, আহাদ এবং কোং), ইসমাইল আহমেদ (সিইও, আইরেকম), সামি কবির (রিজিওনাল ম্যানেজার, গাইডেন্স রেসিডেনশাল এলএলসি), শাফী চৌধুরী অ্যাটর্নি অ্যাট-ল (ল' অফিস অব শাফী চৌধুরী), মিলি এ ভূইয়া (ডিরেক্টর, তাকওয়া এন্টারপ্রাইজ। সিইও, ডোমিনোস পিজা ফ্র্যাঞ্চাইজি), মাসুদ রানা তপন (প্রেসিডেন্ট এবং সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস কর্পোরেশন), মোহাম্মদ খালিলুর রহমান (ডিরেক্টর, খালিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ ইন্ক), রফিক খান (ডিরেক্টর, এভিএস রিয়েল এস্টেট ইউএসএ ইন্ক), মোহাম্মদ বদরুদ্দোজ্জা সাগর, ডিরেক্টর, ট্যাক পারফিউম এলএলসি।

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বহুমাত্রিক বাণিজ্যিক সম্পর্ক বৃদ্ধি ও ব্যবসায়িক অংশিদারিত্ব বৃদ্ধি করতে ইউএসবিসিসিআই আরো কার্যকর ভূমিকা পালন করবে। নব-গঠিত পরিচালক পরষদ তার যুগান্তকারী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে চেম্বার সংশ্লিষ্ট সকলের মঙ্গল নিশ্চত করবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। নতুন নেতৃত্বের হাত ধরে ইউএসবিসিসিআই প্রবাসী বাংলাদেশী কমিউনিটিকে যুক্তরাষ্ট্রের মূলধারায় সম্পৃক্ত হতে সহায়তা করবে বলে আমাদের বিশ্বাস। নিজেদের ব্যবসায়ীক উন্নতি ও সামগ্রিক অগ্রগতির পথে নতুন পরিচালক পর্ষদের উল্লেখযোগ্য ভূমিকা রাখার সুযোগ তৈরী করতে ইউএসবিসিসিআইকে আরো কার্যকর কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

পরিচালক পরিষদের প্রধান এবং ইউএসবিসিসিআই এর প্রতিষ্ঠাতা ও সভাপতি মোহাম্মদ লিটন আহমেদ উদ্বিগ্নতার সাথে বলেন, 'আমরা যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ বাণিজ্যিক সম্পর্কের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ ক্ষণে দাঁড়িয়ে আছি এবং আমি পুরোপুরি নিশ্চিত যে আমাদের নতুন পরিচালক পরিষদ ইউএসবিসিসিআইকে নতুন উচ্চতায় সমাসিন করবে। আমাদের সমগ্র অভিজ্ঞতা, যুগের চ্যালেঞ্জ এবং সুযোগ সম্পর্কে গভীর জ্ঞানের সাথে, আমাদের সদস্যদের এবং আমাদের দুই জাতির মধ্যের অর্থনৈতিক সহযোগিতা নিশ্চিত করতে সক্ষম হবে।' -প্রেস বিজ্ঞপ্তি।



# জ্যাকসন হাইটসে এ্যাংকর ট্রাভেলসের ৩য় শাখার যাত্রা শুরু

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে বাংলাদেশী ব্যবসায়ী আর কেনাকাটার প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসে এ্যাংকর ট্রাভেলসের তৃতীয় শাখার কার্যক্রম শুরু হয়েছে। গত ৮ ফেব্রুয়ারী বৃহস্পতিবার দোয়া ও মোনাজাতের মাধ্যমে বাংলাদেশী মালিকানাধীন এ প্রতিষ্ঠানটির অনাড়ম্বর আনুষ্ঠানিকতায় যাত্রা শুরু হয়। ডাইভারসিটি প্লাজা সংলগ্ন সাবওয়ে আসা-যাওয়ার পথেই ৭৩-০৫, ৩৭ রোড, লোওয়ার লেভেল (স্টোর # ৩) ঠিকানায় এ প্রতিষ্ঠানটির অবস্থান।

এ্যাংকর ট্রাভেলস এর প্রেসিডেন্ট অ্যান্ড সিইও এএসএম মাঈন উদ্দিন পিন্টু প্রতিষ্ঠানটির সাফল্যের জন্য সকলের সহযোগিতা কামনা করে জানান, পেশাদারিত্বের সাথে দেশ বিদেশে ভ্রমণে এয়ার টিকেট সহ একই প্রতিষ্ঠান থেকে মানি ট্রান্সফার এবং হোম মর্টগেজ করা যাবে। সানমান গ্লোবালের মাধ্যমে এ্যাংকর ট্রাভেলসে বসেই দেশে অর্থ প্রেরণ করা যাবে। এছাড়া বাড়ি কেনার জন্য মর্টগেজ ওয়ার্ল্ড ব্যাঙ্কার্সের মাধ্যমে গৃহঋণ গ্রহণের সেবাও পাওয়া যাবে।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
OVER 22 YEARS EXPERIENCE
MORTGAGE BROKER/OWNER
718-415-5501
HOMECENTRAL CAPITAL



ঘুষের বিনিময়ে কাজ দেয়ার অভিযোগ

## সিটি হাউজিং অথোরিটির ৭০ কর্মকর্তা কারাগারে

**নিউইয়র্ক (ইউএনএ):** নিউইয়র্ক গৃহায়ন কর্তৃপক্ষ (এনওয়াইসিএইচএ) ঘুষের রেকর্ড গড়েছে। ঠিকাদারদের কাছ থেকে নগদ অর্থ ঘুষ গ্রহণের অভিযোগে নিউইয়র্ক সিটি হাউ-জিং অথোরিটির (বাকি অংশ ২০ পাতায়)

সহস্রাধিক প্রবাসীদের অংশগ্রহণে

## বাফেলোয় অনুষ্ঠিত হলো 'ভালোবাসায় বসন্ত উৎসব'

**মতিউর রহমান লিটু:** আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মাসে- ভালোবাসার দিন 'ভ্যালেন্টাইন্স ডে' কে সামনে রেখে গত ১০ ফেব্রুয়ারী শনিবার নিউইয়র্ক অঙ্গরাজ্যের বাফেলো শহরে (বাকি অংশ ২১ পাতায়)

## একস্লিপ

— সালাহউদ্দিন আহমেদ —

নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির মি-ডিয়াগুলোর প্রকৃত সাংবাদিকতা নিয়ে সচেতন প্রবাসীদের মাঝে মিশ্র প্রতিক্রিয়ার পাশাপাশি না প্রশ্ন বিরাজমান। যদিও এসব কেউ কেয়ার করছেন না। 'হু কেয়ার্স' এই দেশ আমেরিকায় যে যেমন পারছেন, তেমন করেই চলছেন- (বাকি অংশ ১৯ পাতায়)

## বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ১৯ পাতায়)

নতুন প্রজন্মের ব্যাপক অংশগ্রহণ

# টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার শুরু



*টাইম টিভির স্টুডিওতে নতুন প্রজন্মের প্রতিযোগিদের একাংশ। ছবি-বাংলা পত্রিকা*

**বাংলা পত্রিকা রিপোর্ট:** পবিত্র রমজান উপলক্ষ্যে গত বছর আয়োজিত টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার সাফল্যের ধারাবাহিকতায় এবং কমিউনিটির চাহিদার ফলে চলতি বছরও দ্বিতীয়বারের মতো কিরাত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ইতিমধ্যেই প্রতিযোগিতার রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়েছে। চলছে প্রাথমিক প্রতিযোগিতা। সিটির এস্টোরিয়াস্থ টাইম টিভি ও বাংলা পত্রিকা অফিসের নিজস্ব স্টুডিওতে শনিবার (১০ ফেব্রুয়ারী) অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার প্রথম (বাকি অংশ ০০ পাতায়)

আলবেনীতে 'ঈদ ফর নিউইয়র্ক' স্লোগানে সমাবেশ

## দুই ঈদের ছুটি ঘোষণার বিলে ৩৮ সিনেটর-অ্যাসেম্বলী সদস্যের স্বাক্ষর

**নিউইয়র্ক (ইউএনএ):** দীর্ঘ দিন দাবী-দাওয়ার পর নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে হালাল ফুড সরবরাহ এবং ঈদের ছুটির দাবী বাস্তবায়নের পর এবার বড়দিনের (বাকি অংশ ১৫ পাতায়)

## আটাব'র নতুন কমিটির অভিষেক অনুষ্ঠিত

**নিউইয়র্ক:** আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ ইন্ক (আটাব)'র নতুন কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়েছে। গত ৬ ফেব্রুয়ারী মঙ্গলবার, সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত এই অভিষেক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোহাম্মদ সেলিম (হারুন)। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের (বাকি অংশ ২৭ পাতায়)

নির্বাচন পরবর্তী সমাচার

## ভ্যাকেশনে আ.লীগ, চুপচাপ বিএনপি


**বিশেষ প্রতিনিধি:** বাংলাদেশ জাতীয় সংসদের দ্বাদশ নির্বাচন পরবর্তী সময়ে ভ্যাকেশন সময় কাটাচ্ছেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতা-কর্মীরা আর চুপচাপ রয়েছে কমিটিহীন যুক্তরাষ্ট্র বিএনপি'র নেতা-কর্মী। চলতি বছরের শুরুতে গত (বাকি অংশ ১৪ পাতায়)

নিউইয়র্কে ফান্ড রেইজিং অনুষ্ঠানে কংগ্রেসওম্যান ইহলান ওমর



## আমেরিকায় মুসলিম কমিউনিটিকে টিকে থাকতে হলে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে

**নিউইয়র্ক (ইউএনএ):** যুক্তরাষ্ট্রের মিনিসোটা রাজ্য থেকে নির্বাচিত ইউএস কংগ্রেস সদস্যদের মধ্যে আলোচিত সদস্যদের মধ্যে ইহলান ওমর একজন। ফিলিস্তিনী বংশোদ্ভুত ডেমোক্র্যাট দলীয় মুসলিম এই নারী সদস্য নানা কারণেই (বাকি অংশ ২৯ পাতায়)



## আল্লাহর দয়া ও ক্ষমাঅপরিসীম

জাফর আহমাদ

ইবনে আব্বাস রা: থেকে বর্ণিত রয, নবী সা: বলেছেন: আল্লাহ তা'আলা যখন ফির-াউনকে ডুবিয়ে দেন তখন সে বলল, আমি ঈমান আনলাম যে, কোন ইলাহ নেই, বনী ইসরাঈল যে (বাকি অংশ ১৩ পাতায়)

### খেলার খবর

## শ্রেষ্ঠত্ব ধরে রাখল কাতার

**স্পোর্টস ডেস্ক:** প্রথমবারের মতো এশিয়া কাপ ফুটবলের ফাইনালে উঠেছিল জর্ডান। কিন্তু তাদের দৌড় সেখান পর্যন্তই। শেষ ধাপটি আর পার হতে পারল না তারা। স্বাগতিক কাতারের (বাকি অংশ ১৯ পাতায়

### হেলথ টিপস

## জিহ্বা পরিষ্কার করা জরুরি

**বাংলা পত্রিকা ডেস্ক:** অনেকে ভাবেন, দাঁত নিয়মিত পরিষ্কার করলেই বুঝি মুখের ভেতরের বাকি যত্নও নেয়া হয়ে যায়। আলাদা করে (বাকি অংশ ১৯ পাতায়)

### বিনোদন

## শাবনূরকে 'মা' মনে করেন দীঘি!

**বিনোদন ডেস্ক:** প্রয়াত নায়িকা দোয়েল ও অভিনেতা সুব্রতর মেয়ে প্রার্থনা ফারদিন দীঘি। তবে মা-বাবার পরিচয়ে নয়, তিনি সবার কাছে পরিচিতি পেয়েছেন নিজের গুণেই। (বাকি অংশ ২৬ পাতায়)


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

প্রধান অতিথি আবু জাফর মাহমুদ

## একুশের সর্ববৃহৎ আয়োজনে বাংলাদেশ সোসাইটির প্রস্তুতি সভা অনুষ্ঠিত

**নিউইয়র্ক:** দেশের বাইরে সবচেয়ে বড় পরিসরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করে থাকে যুক্তরাষ্ট্রে প্রবাসীদের সর্ববৃহৎ ও ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ সোসাইটি ইউএসএ ইনক। প্রতিবারের চেয়ে এবার নেয়া হয়েছে আরো বর্ণাঢ্য কর্মসূচি। এবারের আয়োজনে প্রধান (বাকি অংশ ২৭ পাতায়

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE POARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Cell: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com